# গীতমালা।

শ্রীমন্নিত্যানন্দ-কুল-তিলক-শ্রীলকিশোরীমোহন গোস্বামি-সূন-

#### শ্রীর ঘুনন্দন গোমামি-বির্চিত।

#### কলিকাতা,

্সাং ভবানীচরণ দত্তের খ্লাই, বঙ্গবাদী সীম-মেদিন-প্রেদ হইতে

অরুণোদয় রায় ঘারা

মুদ্রিত ও প্রকাশিত।

১৩**०৮ मान** ।

म्नी ॥॰ बाहे बाना गांव।



## ভূসিকা।

গীতমালার রচয়িতা বিখ্যাত রামরসায়ন-প্রণেতা শ্রীগুক্ত রণ্নন্দন গোস্বামী। প্রায় ১০০ শক্ত
বংসরের অধিক হইল প্রোস্থামী মহাশয় ধরাধামে অবতীর্গ হইয়ছিলেন। তাঁহার স্থমপুর
কবিত্ব ও সুকোমল রচনাপাণ্ডিতা দেখিয়া কেই কেই তাঁহাকে বাঙ্গালাভাষার জয়দেব বলিয়ঃ
উল্লেখ করিয়াছেন। তাঁহার রচিত যে সকল স্থাপর স্থাপর বাঙ্গালাত্ত্ব আছে, এই রসভাবময় গ্রন্থানি ভাহারই অক্ততম। শ্রীমাধাগবতের দশম স্থাদ, ব্রস্কানৈব উপুরাণ ও বিফুপুরাণ
প্রভৃতি গ্রন্থে শ্রীক্ষেত্র যে সকল মধুর লালা বিষয় বনিত আছে, এই গ্রন্থানি ভাববলম্বনেই
য়িত হইয়াছে। তবে কবি ইচ্ছামত কোথাও সংক্রেপে এবং কোথাও বা বিস্তৃতরপে
ক্রানীলা বর্ণন করিয়াছেন।

গ্রন্থকার গীভমালা ভিরশটা গ্রন্থনে বিভক্ত করিয়াছেন। ইহার এক একটা গ্রন্থনে শ্রীক্ষেত্র প্রক একটা লালা কথা গ্রন্থিত হইয়াছে। প্রথম ওপেনে শ্রীক্ষেত্র জন্মলালা, শ্বিতীয়ে নন্দোংসব, দৃতীয়ে প্রথম বালালীলা, এইরূপে ক্রমে মধ্যবালালীলা, শেষবালালীলা এবং দোল রাস প্রভৃতি জন্মান্ত বিনিধলীলা, রাধিকার ব্রিথি বিরহ, ও পরে শ্রীক্রফের সহিত পুনরায় সাংক্রম এই সকল শ্রতি মধুর ভাবে কীতিত আছে। গ্রন্থকার রামরসায়নের ক্রায় ইহারও স্থানে স্থানে হইল', আইস' ইত্যাদি পদের পরিবরের 'হল্যা' 'আছে' প্রভৃতি কয়েককটী শক্ষের ব্যবহার করিয়াছেন। আমরা কবির নিরন্ধশতায় অথবা সে কালের প্রচলিত শক্ষের উপর হস্তক্ষেপ না করিয়া অবিকল ভাহাই রাধিয়া দিলাম।

এই গ্রন্থ পূর্বেষ আর কোণা হইতেও প্রকাশিত হয় নাই। আমরা বর্তগঞ্জে গ্রন্থকারের স্বছস্ত লিখিত পু'ৰি আনাইয়া ভাহার পাঠ অনুসারে অবিকল মুদ্রিত করিলাম। এখন সন্ত্রন্থ পাঠকবর্গের নিকট ইহার সমাদর হইলেই প্রকৃত কবিস্কের গৌরব রক্ষা হয়।

> বঙ্গবাসী কার্য্যালয় ৩৮।২ ভবানীচরণ দত্তের ট্রাট্ কলিকাতা। সন ১৩০৮। চৈত্র :



## • সূচি-পত্ৰ

বিষয়			બુશ
১ম গ্রন-জীক্ষের জন্মনীলা	•••	•••	>
২ম্ব গ্রন্তন—শ্রীনন্দোংসব	•••	•••	9
৩মু গ্রন্থন-প্রথম-বাল্যালীলা	•••	•••	9
se গ্রনমধ্য-বালালীলা	•••	•••	b
৫ম গ্রন্থন—শেষ-বাল্যলীলা	••.	•••	>•
৬৳ গ্রন্থন—বংস-চারণ-লীলা	•••	٠٠٠ صد	०८
৭ম এতনগোচারণ-লীলা	•••	•••	20
৮ম এত্তন—শ্রীরাধিকার পুর্মরাগ	•••	•••	२५
৯ম এতন অনুরাপ	•••	•••	৩১
১০ম প্রতন-বাসক-সজ্জা	•••	•••	98
১১শ গ্রন-উংক্টিডা	•••	•••	હહ
५२म जरम—विधनका	•••	•••	છ૧
১০শ গ্রন—খণ্ডিতা	•••	•••	خات
১১শ এখন—কলহাত্তরিভা	•••	•••	£3
১৫শ প্রভন—স্বাধীন-ভত্তৃকা	•	•••	<b>c</b> ·2
১৬শ গ্রন্থন—রাধিকার রাজ্য	•••	•••	88
১৭শ এজন—ছলাভিদার	•••	•••	89
১৮म शहन—मान-लोला	•••	•••	కఎ
১৯म গ্রন্তন—নৌ-ধেলা	•••	444	<b>48</b>
২০শ প্রজন—কলঙ্গ-ভগ্ন	•••	•••	49
২১শ গ্রহন—রাগোজণার	•••	•••	<i>'</i> 55
২২শ গ্রন্থন—প্রেমবৈচিত্ত্য	•••	•••	سوادي
২০শ গ্রন্থান—শ্বেদাখান	•••	***	9•
২৪শ গ্রহন—দোল-যাত্রা	•••	•••	95
২৫শ গ্রন্থন—বাসন্তিক রাস-যাত্রা	•••	•••	99
২৬শ গ্রহন —হিন্দোল-যাত্রা	•••	•••	<b>&gt;</b> >
২৭শ গ্রন্থন—রাস-যাত্রা	***	•••	p <b>3</b>
২৮শ এছন—প্রোবিত-ভর্ট্কা	•••	•••	20
২১শ গ্রন্ব—ভবন্-বিরহ	•••	•••	78
৩•শ গ্রন-ভূত-বিরহ	•••	•••	ఎ6

मृहि-शब मगाश्व।

# গীতমালা।

#### প্রথম গ্রন্থন।

#### প্রীক্ষের জন্ম-লীলা-বর্ণন।

শ্রীশ্রীরাধাক্তে জয়তাম্।
রোরো হরিবিজয়তাং স্বপার্ষদানার্তঃ।
ক্রাধাক্তে চি জয়তাং গোপগোপীসমন্তি ।
নিত্রানন্দক্লোয়ত-কিলোরা-মোহনায়জঃ।
নীত্রমালাং বিত্তমূতে গোসামী রঘুনন্দনঃ॥
তরাদৌ শ্রীক্ষণ্য জয়লীলা গীয়তে।

কলিযুগ প্রথম সন্ধায় ।
জন্মিলা গোরা নদীয়ায় ॥ ১
ফাল্কন মাদের পোর্গমালী ॥ ২
রাভ শশধর পরাসিল ।
হরিনামে ভুবন ভরিল ॥ ১
প্রসন্ধ হইল দিক্ সব ।
সকলের মনে মহোংসব ॥ ৪
প্রভু জনমিলা হেন বেলে ।
শীরহুনন্দন নাচি বলে ॥ ৫

্ণত ভারপদমাস, কৃষ্ণপক্ষ পরকাশ,
অন্তর্মী রোহিণী পুধবার।
অন্তরাত শুভক্ষণ, শুভদৃষ্টি গ্রহগণ,
শুভস্থানে করিলা সগরে॥ ৬
স্থাসম দিক সব, নাহি কোনো উপদ্রব,
গগনে উদয় ভারগেণ।
স্থাসন বস্থ বড়, স্থানে স্থানে হল্য কড,
বস্তম্মতী আনন্দিত-মন॥ •

কুত্ৰমিত সৰ বন, ডাকে অলি পঞ্চিপৰ, खल भव निर्माण इहेन। কতু যাহা নাহি শুনি, পহ्यिमी क्यूपिनी, এককালে হুই বিকশিল। ৮ সুশীতৰ ওভগদা, বায়ু বহে মন্দ মন্দ, প্রসন্ন হইল সাধু-মন। আত্তি প্ৰদান নাই. ষ ডভু **জলে মুখ পাই,** বিজেদের যজের দহন। ১ মূনিগণ করে স্ততি, নাচে বিদ্যাধরীততি, গৰ্নসকিলবে গান করে। मिक्र माना (मननन, করে পুষ্প বরিষণ, জয়ধ্বনি করে উচ্চস্বরে॥১০ আনন্দিত সিদ্ধস্ব, करत्र कन कन त्रव. मन्त्र मन्त्र खनन शक्तिय । শ্রীর্বনন্দন ভণে, এই মত ভড়ক্ষণে, কারাগারে প্রভুর উদয়॥ ১১ অপরপ পুত্র দেখি দেবকী স্থন্দরী। কহিছেন বস্থদেবে সম্বোধন করি। ১২ উঠ উঠ প্রাণনাথ নিদ্রা উপেপিয়া। জনম স্কল করু তন্য দেখিয়া॥ ১৩ নবজ্ঞলধর-শ্রাম দীর্ঘ ভব্দ চারি। তাহে দেখ শখ-চক্র-গদা-পত্-ধারী 🛭 ১৪ দেশহ এীবংসচিক্ত বুকের উপরে। কর্তেতে কৌন্তভমণি নালমল করে। ১৫ পীডাম্বর পরিধান গলে বনমালা। ম্পিম্য মুকুট মস্তকে করে আলা।। ১৬ সর্ম্ম অঙ্গে শোভিতেছে নানা অলমার। এমত নন্দন জিলবনে হয় কার॥ ১৭

শ্ৰীরবৃনন্দন কৃষ্ণে শুন ভাগ্যবতি। ভোমা বিনে প্রদারিকে আর কে শ্রীপতি॥ ১৮

> বস্থদেব দেখিয়া নন্দন আদত্ত আনন্দে মগন। ১৯ রোমাকিও পুল্য কলেবর। माञ्चलन गरेन संत्र अत्र ॥ २० मत्न मत्न क्रिक् छार्वना **একি মোর সৌভা**গ্য-ঘটনা॥ ২১ যোগীর অদৃশ্য ভগবান। **এकि श्ना श्रांग**्र मञ्जन ॥ २२ আর ভয় করিয়ে কাহারে : ভরিলাম অপার সংসারে। ২৩ এক বড় খেদ হল্য চিতে। না পাইতু উৎসব করিতে॥২৪ যদি মুক্ত হই এ বন্ধনে। দিব গাবী অযুত্ত ব্রাহ্মণে॥২৫ নিবেদয়ে জীরঘুনন্দন। ত্তব আশা হইবে পূরণ॥ ২৬

ঈপর জানিয়া চিতে, বস্থদেব নিজ স্থতে, ভক্তিভাবে হয়্য যোড়পাণি : नग्रत्न मिनन अरत्, প্রেমে গদগদ স্বরে, নিবেদন করে স্ততি বাণী॥ ২৭ প্রভু তোহে জানিয়াছি আমি। সংসার-শাখীর কন্দ, সচ্চিত পরমানন্দ, তমি হও প্রকৃতির স্বামী॥ ২৮ माम्राद्य कत्रिम बात्र. স্জিয়াছ এ সংসার, পুর্বের তুমি নিজ-শক্তি-বলে। পালন করহ তারে, নানামত অবতারে, সংহারিবে পুন অন্তকালে॥ ২১ ভীত দেখি বসুধারে, সম্প্রতি অমুরভারে, क्रमिर्ग व्यामात्र क्र्यतः। বধিয়া সকল হুষ্ট. নাশিৰে দেবতা-কষ্ট, সুখিত করিবে সাধু-জনে । ৩০ এখনি কি ষম-পুরে, এই হুষ্ট কংসাহরে, পাঠাইবে করিয়া সমর i

কিন্তা নম্ব-নীলা করি,

দশাননে ধেন রঘ্বর ॥ ৩১

বধিকেন এই বৈরী,

শ্রীদেবকী কংসভয়ে অধিক কাতর। নিবেদন করেন হইয়া যোড়-কর॥ ৩২ প্রভূ বুঝিলাম আমি তুমি ভগবান্। জনমিলে জগতে করিতে পরিত্রাণ ॥ ৩৩ ভোমার চরণ থেই করমে আশ্রয়। বৃচি যায় তার মৃত্যু-ভুজগের ভয়॥ ৩১ অত্তা কংসাম্ব হত্যে মো সবারে। রক্ষা কর কপা করি যে কোনো প্রকারে ॥৩ এই চতুর্ভুজ-রূপ কর সম্বরণ। দেখিতে না পায় যেন ইহা কোনো জন ॥৩। নরাকৃতি হয়্যাছিলা ধেন রঘুবর। প্রকাশিতে উচিত তেনই কলেবর॥ ৩৭ জনক-জননী-বাণী, ভনি প্রভূ চক্রপাণি, কহিছেন ভাহাদ্দের প্রতি। रुन (डावा (मात्र कथा, (डक्स्ट नकम नाथा, নাহি কর কাহারেও ভীতি॥ ৩৮ কিছুদিন কর প্রতীক্ষণ। এইরূপ আচ্চাদিয়া, নরলীলা প্রক:শিয়া, কংসামুরে করিব নাশন॥ ৩৯ সম্পতি আমারে নিয়া, গোক্ল নগরে গিয়া, প্তাপন করহ নন্দ-ছরে। সেহ চুষ্ট কংসাম্বরে, তাঁর কন্তা আন মধ্যে. বকিয়া যাইবে স্থানান্তরে॥ ১০ কহিতে কহিতে এই, আচ্চাদিলা রূপ সেই, অস্ত্র শশ্ব বসন ভূষণ। প্ৰকৃত বালক ধেন, হইলেন প্রভু তেন, বলি হারি এ রগ্নন্দন॥ ৪১ দেখিয়া বালক-রূপ হরি। দেবকী কহেন কোলে করি॥ ৪২ ষত্রবর দেখিছ নন্দন। দেখি যুড়াইল প্ৰাণমন ॥ ৪৩ একি হয় অন্তের লাবণী। নয়ন আনিতে নারি টানি 🛚 ৪৪ किया मिन-प्रभान यहन । পদ नन जिनिशा नश्नन ॥ ४१ অবাফুল-সমান অধর।

কোকনদ হেন চুই কর । ৪৬

নাভি মতি গভার ফুন্দর। পদত্র পারব-সৌসর॥ ৪৭ ভাহে দেখি নানা মত চিন। ध्रय-राष्ट्र-श्रव-यर-भीन ॥ ९৮ আমি বড অভাগী জগতে। না পাইন্থ এ পুত্র পালিতে॥ sa রঘনন্দনের এই মতি : পালিবে যে বড ভাগাবভা ॥ ৫০ তবে বস্থদেব স্থাতে কোলেতে লইয়া। পোকুলে চলিলা গৃহ বাহির হইয়া। ৫১ ভাহা দেখি দেবকী কহেন দুখি-মন। প্রাণনাথ শাড়াও লাড়াও এককণ।। ৫২ জনমের মত পুত্র দেখি একবার । এপুত্র তেজিয়া আমি না বাঁচিব আর॥ ৫৩ ধিকু ধিকু ধিকু রত্র আমা সবাকারে। না পাইকু' এমন তনম্ব পালিবারে॥ ৫s ধশোমতী স্থা বড় ভাগাবতা হয়। পালন করিবে থেক এমন ভনম্ন॥ ৫৫ স্তন পাম করাইবে কোলেতে লইয়া। নাচাইবে জ্বয়ের উপরি রাথিয়া॥ ৫৬ মা মা বলি ভারে যবে এ পুত্র ভাকিবে। কত **স্থাব্দে স্থা** তবে নিমগ্ন হইবে॥ ৫৭

তবে বস্থদেব, मग्रा (मवरमव, আইলা যথন দারে। কপাট শিকল, यनिमा मदन, কেই না জানিলা ভারে॥ ৫৯ ত্তবে তিঁহ যান পথে। দেধি মেশ্বগৰ. GF 49-49. বরিধার হরিমাথে 🛚 ৬০ ভাহা নিবারণ, করিবারে মন. করিরা জাসিয়া শেষ ৷ ফণা ছত্ৰ ধরি. পাছে অনুসরি. চলিলেন প্রেমাবেশ । ৬১ **জবে ছিলরাজ,** মনে বুঝি কাজ, উদন্ধ করিলা সুখী :

ত্রীরঘুনন্দন কহে শুন ঠাকুরাণী॥

ষশোদার ভাগ্য নাহি জ্ঞানে শূলপাণি॥ ৫৮

তাহে তম নাশ, रुगा भवकान, বহু যান পথ দেখি ॥ ৬২ তপন-নশ্দিনী, দেখি যতুম্বি, স্থকিত করিয়া নীরে। टांद्र পथ मिना. যেন দিয়াছিলা, নদী-পতি রয় বীরে॥ ১৩ পোকুলেতে পিয়া নদী পার হয়্যা, প্রবেশিয়া নন্দ-খরে। দেখে এক সূতা, রপত্তপ-যুতা, यत्नामा-नुब्रदमानदत्र ॥ ७८ নিজ হুত খুয়া, সেই কপ্তা পয়া, বত্বদেব গেল চলি। હીં!ત્રધનન, আনশ্বে মগন, नाट्ड भिग्ना कंद्रलामी ॥ ७१ শ্রীমংকলিযুগ-পাবনাবভারভগবধিভাা-ইভি ন-দবংশাবতংস শ্রীকিশোরীমোহন-পোস্বামি-থকু -শ্রীরখনন্দন লোখামি-বিরচিভায়াং গীত্যালায়াং শ্রীকৃষ্ণ-জন্মলালা-বর্ণনং নাম প্রথমং অভন্ম ॥১॥

#### ধিতীয় গ্রন্থন।

অথ শ্রীনন্দোৎসব।

শটা দেবা নির্বিয়া নবান কুমার।

তুবি গেলা প্রেমানন্দ-সাগর-মাঝার ॥ >

কগনাথ-মিশ্র দেখি ভনম্বের মুখ।

কে কহিতে পারে পাইলেন যেই সুখ ॥ ২
প্রোহিতে ডাকি আনি করি গলালান।

যতেক-সংখার কৈলা খে আছে বিধান ॥ ৩

ব্রাহ্মণে দিলেন ধেন্থ বন্ত-অলকার।

গারক বাদক নটে করিলা সংকার ॥ ৪
প্র-নারী সব আসি শিশু নির্বিয়া।

আনন্দ উংস্ব করে স্থিত হইয়া॥ ৫ ॥

আনন্দিত হইল সকল জিন্তুবন।

করতালী দিয়া নাচে গ্রীরঘুনন্দন ॥ ৬

#### গীত্যাল।

দেখি নিশা-অবসান, নরাকৃতি ভগবান লীলা করি কান্দিতে লাগিল।। ভাহে নিদ্রা গেল চলি, যশোমতি আঁথি মেলি, আপনার তনয় দেখিলা॥ ৭ দেখিয়া স্বস্তিত হল্যা সুখে। স্থন ফাটে ক্ষীর-ভরে, নয়নেতে অঞ নারে, বচন কুরয়ে নাহি মুখে॥৮ কাছে আসি দাসী সব, শুনিয়া ক্রেন্সন-রব, শয়নেতে বালক হেরিয়া। ष्यानत्म हरेना (छात्र, नियुत्न भनार्य (नात्र, সবে তার। কহিতে লাগিলা॥ ৯ ध कि हेम्भनीनम्बि. কি যা ন্ব-মেঘখানি, कि वा नीम-क्वनम्-भागा। কি বা যশোদার হুত, হইয়াছে অণ্ডুত, গ্ৰহ মাঝে কব্নি আছে আলা॥ ১০ কহি কহি কাছে গিয়া, শিশু কোলে তুলি নিয়া, ভাল মতে করিয়া দর্শন। এই বার বার রটে, পুত্র বটে পুত্র বটে, আনন্দেতে হইয়া মগন॥ ১১ পুত্ৰ পুত্ৰ বাণী শুনি, চেতন পাইয়া রাণী, नित्रथरम् भूरत्वत्र यमन । নিয়া বজরাজ-পাশ, **শ্রীর**ঘন**ন্দ**ন-দাস, खंखकथा किमा निर्वानन ॥ >२ ভনি ব্ৰহ্মপতি, মুত্ত-উত্তপতি, উলসিত সুখ-ভরে। এ কি ভাগ্য বলি, भर्कु दुरुनी, চলিলা সৃতিকা-ম্বরে॥ ১৩ তাঁরে দেখি ধাত্রীগণ। ৰূপাট অপিয়া, হাসিয়া হাসিয়া. দার কৈল আবরণ ॥ ১৪ এ উচিত নহে, ব্ৰঞ্চপতি কহে, बात्र कत्र विस्माहन । প্ত্ৰ-মুখ হেরি, সহিতে না পারি, हेर्स लीन এक 🕶 । ১৫ দিয়া ধেনু ধন, क्(र धाजीश्रन, त्या मिला कृषित गता। পাবে দেখিবারে. আপন কুমারে, মহারাজ তুমি তবে। ১৬

্রজ্পতি কন, চাহিবে যে ধন, তোমরা তাহাই দিব। দেখাইবে হুত, জনমের মত, এই পণে বিকাইব॥ ১৭ ডবে ধাত্ৰীগণ, কপাট মোচন, করিল সানন্দ-চিতে। **এ**ীরগুন**ন্দ**ন, করে নিবেদন. মহারাজ দেখ স্থতে। ১৮ ব্রজরাজ করি পুত্রমুখ নিরীক্ষণ। रहेला প्रमानन-मभूट यनन ॥ ১১ স্তব্যিত হইলা তাঁর সব কলেবর। নয়নেতে অশুজল গলে বার বার॥২० তবে গদগদপরে ব্রজরাজ কয় । একি বিধি হল্য এত মো-দিগে সদয়॥ ২১ কুপা করি দিলে যেই পুত্র অপরূপ। অনুমান করি এহ আনন্দ-সরপ ॥ ২২ ইহার যে অঙ্গে মন নয়ন পড়িছে। দেখিতেছি তাহা হতো উঠিতে নারিছে॥২০ ঃ যদি বাঁচি থাকে এহ দেবতা-কুপায়। তবে আমি কুভার্থ হইব সর্ক্ষথায়॥ ২৪ শ্রীরগুনন্দন কহে শুন ব্রঙ্গপতি। তোমার পুত্রের নাহি কখনো ব্যাহতি ॥২৫ তবে নন্দ ব্ৰহ্মপতি, অভিযানন্দিত মডি আনাইয়া বেদক্ত ব্রাঞ্গ। বসন ভূষণ পরি, যথা বিধি ন্নান করি, कत्रित्वन श्रष्ट्यापि वाटन ॥ २७ করি পিত-দেখর্চন, জাভকর্ম আচরণ, करत्र यथा (वरमञ्ज विधान । পট বন্ধ-আক্ষাদিত, অলশার-বিভূষিত, रिण-लक (प्रजू किना नाम ॥ २१ স্বৰ্ণ-পট-সমাবৃত, নানা রুত্বে অলক্ষত, দিলা সাত ভিলের পর্বত। স্বৰ্গ কুপ্য অলম্বার, অন্ন বস্ত্র পরিকার, দিলা যত কহিব তা কত॥ ২৮ नगरत्रत्र भथ-धारत्र, আর সব গৃহছারে, রম্ভা তরু করলা। রোপণ। **ज़न बनी मुद्र क**दि, ছড়াইল পদ্ধ-বারি, দিলা ৰুত পতাকা ভোৱণ ॥ ২১

াবী বুষ যত ছিল. াহাদিকে মাধাইল, ্রতল গুত হরিদ্রা-মিপ্রিত। নিরে দিলা শিথিপুড়া, গলে মুক্তামালা ওঞ্জ, हित भारते देवना चारकामिए॥ **०**० দত বন্দী ভট সব, পাঠ করে নানা স্থব, গায়ক সকল গান করে। ভাহাদের পাছে পাছে, নত্ৰ-সমূহ নাচে, এ রবনন্দন নাচি ফিরে॥ ৩১ নন্দ-মুত্ত-জন্ম কথা শুনি গোপগণ প্রেমানন্দ পাথারেতে হইলা মধন ॥ ৩২ দেখিতে যাইতে বড উৎক**্যা অন্তরে** । বেশ করে ভারা নিজ নিজ কলেবরে॥ ৩০ পরিলা সুরত্ন জামা জরিতে খচিত। বাঞ্জিল। শিরেতে পাগ রতনে জড়িত । ৩১ , জঠরে বান্ধিল। পট চিত্র চমংকার। কর্ণেতে বু গুল পরে গলে মে:ভিহার॥ ৩৫ কেহ কেহ কটি হটে পরিলেক ধটী। অক্সেত্রে মাধিল মনোহর বার মাটা। ৩৬ উভ করি বন্ধন করিয়া সব চল : ভাহে দিল শিখিপুদ্ধ কদপের দ্বী॥ ১৭ পত্রের কুণ্ডল বন জল কাণে পরে। গুঞ্জাহার সমর্গিল ব্রকের উপরে॥ ৩৮ কান্ধে লয়্যা দবি-১%-নবনাত-ভার। নন্দের মন্দিরে চলে আনন্দ অপার॥ ৩৯ শ্রীরগুনন্দন আগে আসি তা সবারে। আদর করিয়া নিল ভবন-মাঝারে ॥ ৪০

দেখি তারা শ্রীনন্দ-তনয়।
কহে সবে সানন্দ-তনয়॥
হল্য ব্রজ-রাজের কুমার।
একি শুভোদয় মো সবার॥ 
হত্যহে পুন পরম ফুলর।
দেখি মাত্র জুড়ায় অছর॥ 
৪০
একি ইল্লনীলমণি-সারে।
সড়িয়াছে বিধাতা ইহারে॥ 
৪৪
কি বা নব মেষ চুরাইয়।
সড়িয়াছে কুতুকী হইয়॥ ৪৫

উদরে কৈলা বন্ধন বিচিত্র বসন।

কিবা মুখ শশার সমান ।
কিবা দীঘ প্রসন্ধ নয়ান ॥ ১৬
কিবা নামা উচ্চ প্রসন ।
কিবা দীঘ বাছর বলন ॥ ১৭
কোকনদ ভিনি ছইকর ।
কিবা পুক উচ্চ পরিসর ॥ ১৮
পদে চিহ্ন বিবিধ প্রকার ।
ভাগাবান হবে এ কুমার ॥ ১৯
নিবেদয়ে শ্রীরগ্নদন
প্রক্ষ-উক্তম এই হন ॥৫৬
সাজত সব পোপনারী

নন্দ-ভবন-গমনে ।
ভনি যশোমতি-স্থত-উতপতি,
অতিশয় স্থমগনে ॥ ৫১
করেতে করিয়া কোমল চীর,
যতনে পুঁছিয়া দব শরার ।
চিকুর আঁচরি বান্ধিলা লোটন,
দিয়া মালতীর হার ।

নিথার বানিলা মুক্তার সিথি, জলদে থেমন ভারকার পুাতি, ললাটে সিন্দুর চন্দন-বিন্দু,

রচিলেন চমংকার॥ ৫২ লিখিল। কপোলে পুলদলাবলি, নয়নে কাজর দিলা ধরি হথা, কন্তুরী তিলক করিয়া নাসায়,

় ওল পরিলা কালে। কুচেতে লিখিয়া মকরা-জাল, বানিলা কাচুলা ক্যিয়া ভাল, মুক্তার দাম পদক হুঠাম,

গলে দিলা স্থনিধানে ॥ ৫৩ কনকের ভাড় পরিলা ভূচ্ছে, করে বালা চূড়ী গুজুরী রাঙ্গে, কটিতে পরিলা বিচিত্র বসন,

বান্ধিলা কিন্ধিণ্ট-দাম। ধাবক-রসেতে অধিক রাতা, চরণে মঞ্চীর ঝালর-পাতা, চরণ ভূলিতে বাঞ্জে মধুর।

याश छनि भाउ काम ॥ ८४

গলিত-কনক রজত-রদে,
চিত্রিত উড়না উচিত বাসে,
ঢাকিয়া অঙ্গ করিয়া রঙ্গ,
উপায়ন নিলা করে।
নামক নামক নপুর বাজে,
নিন্দিয়া মাতল কঞ্জর-রাজে,
করিলা গমন শ্রীরঘূনন্দন,
ভাহাদিগে অনুসরে ॥ ৫৫

যাইতে যাইতে পথে তারা এই কয়।
সবীসন কভক্ষণে যাব নন্দালয়॥ ৫৬
হইয়াছে অভিশয় উংক্টিত মন।
এক ক্ষণমাত্র নহে বিলম্ন সহন॥ ৫৭
শুনিয়াছি হইয়াছে শিশু চমংকার।
অভএব দেখিবারে উংক্সা অপার॥ ৫৮
শুনি মাত্র এভ স্নেহ হইছে তাহায়।
নুমি নির্থিলে নিজ পুনে ভুলা যায়॥ ৫৯
শ্রীরদ্নন্দন ভলে স্পুত্র হইতে।
ভোমাণের ক্ষেহ বড় বটে নন্দ্রতে॥ ৬০

ভবে গোপীগণ শ্ভিকা-ভবন, প্রবেশিয়া স্থবিমনে। অনিমিথ আঁথি. नन मिछ (निधि. কহিতেছে এ বচনে॥ ৬১ একি ভাগ্য যশোদার। বলেতে যাহার, ভূবনের সার, পাইলেক এ কুমার॥ ৬২ একি নীলমণি, মিলায়া নবনী, গডিয়াছে এ বালকে ৷ এমত লাবণী. না দেখি না শুনি, কোথাও এ তিন লোকে ॥ ৬৩ किया काम हम, ক্মলের বুল, জিনিয়া বদন খানি। अमन भोषन. নম্বন-যুপল, নাসা তিল-ফুল মানি॥ ৬৪ বুক পরিসর, রাতৃল অধর আজামু-লম্বিত বাই। ঞিনি করতল, ञ्च-मञ्जल, চরণ উপমা নাই॥ ৬৫

ভূবন-মাঝার, এমত কুমার কাহারো না দেখি শুনি। চিরজীবী করি, রাখ্ন পুরারি, শিবা আর রঘুমণি॥ ৬৬

**उ**दर मधि-कुक्ष-ग्रड-१डन-नवनीड- । হ্রদ বিরচিলা গোপীগণ অগণিত॥ ৬৭ তাহাতে হরিদ্রাচূর্ণ মিপ্রিত করিয়া। সকলের অঙ্গে দেয় হরসিত-হিয়া॥ ৬৮ ছই তিন জন কোনো কোনো জনে ধরি: আনিয়া ডুবায় সেই হদের ভিতরি॥ ৬৯ কেহ হদে থাকিয়া সিধ্ধয়ে সব জনে। তাহে কত নদী বহে নন্দের অঙ্গনে॥ ৭০ यर्भावत यर्भारभव नरन्भरत्र धतिया । ড়বাইল আনি সেই হ্রনেতে ফেলিয়া॥ ৭১ তাহা দেখি স্থনন্দ-নন্দন ছুই ভাই। ভাদিগেও সেই হ'দে দিলেন ফে**লাই**॥ ৭২ তবে যশোদার ভগ্নী যত আ**সিছিল**। সুনন্দ নন্দ্ৰ-মাথে দুধি ঢালি দিল 🛚 ৭৩ তারাও ২দের দধি-হরিদ্রা লইয়া। তাহাদের অঙ্গে দেন কৌতুক করিয়া॥ ৭९ এইরপে খাবদীয় নর-নারীগণ। দধি দুদ্ধ ভৈল ঘুত করুয়ে সেচন।। ৭৫ তার মাঝে থে জন এ সব দ্ব্য চায়। 🗐 রব্নন্দন তাহা আনিয়া যোগায়॥৭৬

যত গোপীপা, আনন্দিওমন, উপেথিয়া লাজ ডরে। মৃত-ৈত্ৰ দ্ধি, সেচে নিরুগবি, সুমধুর গান করে॥ ৭৭ একি আজি মহোৎসব। নিজমুত হৈলে, ষে আনন্দ মিলে, সেহ নহে যার লব ॥ ৭৮ রবি কূপা করি, যদি অস্ত পিরি, পরবেশ নাহি করে : করি মহোৎসব, ভবে মোরাসব, শিশু দেখিবারে ॥ ৭৯ ষাকু গৃহ-কাজ, গুঞ্ভয় লাজ, সকল শ্বন-পুরে

পরম কৌতুক, ছাড়িয়া এ সুখ, ষাইতে নারিব স্বরে 🛚 ৮০ र्यामा-नगरन, না দেখি নয়নে. স্থির হবে কেন চিত। <u>जी</u>त्रपुनस्पन, করে নিবেদন, এই বটে সমূচিত ॥ ৮১ নানা-বিধ বাদ্য আর নত্তনের সঙ্গে। মিশায়্যা পারক সব পান করে রঙ্গে॥ ৮২ জয় জয় ব্রজরাজ গোপের প্রধান। ত্রিভূবনে নাই যার সম ভাগ্যবান॥ ৮০ অতি অদভূত ফুত হইল যাগার। দেখি যারে হুখিত হইবে এ সংসার॥৮s হবামাত্র যদি শোভা ইচার এমন না জানি থৌবন কালে হইবে কেমন। ৮৫ অত্রব আমাদের রাজার স্থান। বামন দেবের পিত। নহে ভাগাবান ॥ ৮५ শ্রীরগুনন্দন পুত্র হয়া; ছিল। যার। সেহ দশরথ-তুলা না হয় ইহার ॥ ৮৭ বছবাদ্য-গীত-ধ্বনি, স্ত্রনি গোপ চড়ামণি, আনন্দেতে বিভার হইলা: ভেজিয়া ধৈর্য লাজে, বারুব-সমূহ-মাজে, নাচি বারে আরত করিলা॥ ৮৮ তাঁহার নর্ত্তন দেখি, যত গোপ মহাত্ৰী, সকলেই লাগিলা নাচিতে। করভংল দেয় ভালী মধে বলে ভালী ভালী, ব্রজরাজে বেড়ি চারিভিতে॥৮৯ কেহ কেহ লাটা করে, কান্দে নিয়া দধি-ভারে আনক্ষেতে করয়ে নতন। भारते भारते करत्र लग्ना, দধি চ্দ্ৰ ছড়াইরা, সকলেরে করয়ে সিঞ্চন॥ ১০ করি দুধি নিক্ষেপণ, দুরে থাকা গোপীগণ, শুভ শব্দ করে বার বার। সেইড মঙ্গল রব, গীত-বাদ্য-ধ্বনি স্ব, ঢাকিল এ সকল সংসার ১১ হুর সিদ্ধ খুনিসন, া দেখি ত্রজে মহোংসব, মাক্ষের রূপ ধরি ধরি ৷ গোপসকলের সঙ্গে, নৃত্য গান করে রঙ্গে, **बीतवृत्रक्त मन्त्रो कवि ॥ ३**२

ব্রন্ধা মার মুনিগণ ধরি বিপ্রবেশে। বেদ পত্তি নাচিছেন আনন্দ আবেশে॥ ১৩ মহাদেব নৰ্ত্তনেতে বড়ই পণ্ডিত। নাচেন নত্ত্ৰক হয়। নত্ত্ৰক সহিত ॥ ১৪ কিন্তু ভাষাবেশে তাঁ**র সেইত** ন**র্জ**ন। সহিতে না পারি ভূমি কাপে ঘনে খন॥ ৯৫ জীনারদ মুনিগণ বিদ্যা**য় বিশ্বা**ন্। গায়ক সঙ্গেতে মিলি করিছেন গান॥১৬ আর যত অমর কিন্নর সিদ্ধাণ। **छ्छे न्छे मक्ष्य कृत्य स्थ्यन नहुन् ॥ ৯**९ বিদ্যাধরী কিন্নরী নটার বেশ ধরি। নুহা গাঁও করে সবে আনন্দেতে ভরি॥ ১৮ শ্রীরগৃনন্দন সেই স**কলের স**ঙ্গে। নাচিয়া নাচিয়া ফিরে আনন্দ-ভরঞ্জে॥ ৯৯ পরে নন্দ মহারাজ আনন্দে মগন। করিতে লাগিল। নানা ধন বিভরণ ॥ ১০০ একে মহাধান্ত। তাইে পুত্র জ্ঞোংসর। যত দান কৈল। ভাহা কহিবে কে সব॥ ১০১ বাদেশ সকলে দিলা স্থবা রয়ন : স্বংস। স্থবভী কভ নবীন বুসন॥ ১০২ शायक वाषक नहें एड छुटे वन्हीं। সকলেই নানা ধনে করিলা আনন্দী॥ ১০৩ আরু যত আসি ছিল ধনাকার্ক্সী ভান : সকলেই ধন দিয়া করিলা ভোষণ ॥ ১০৪ जीत्रयुम्बन्धम (यह महम क्रिका। ভাহার বেতন নন্দ-পদ্ধলী নিল।। ১০৫ हो ६ जीती उमानाष्ट्रार जीनत्नार मदवर्गनर नाम পিটায়ং প্রজন্ম ॥ ২

#### তৃতীয় গ্ৰন্থন।

অথ প্রথম বাল্যালীল। ।
শাচীর কোলেতে গোরারায়।
বিহরত্বে বালক লীলার ॥ >
করে ধরি জননীর স্থন।
নতু মত করেন চুৰণ ॥ ২

কভু ৰজু হসিত-গদন।
করপদ করেন চালন॥ ৩
মধে কুক দেন শচী কভু।
ভাহে কভ ভঙ্গী করে প্রভু॥ ৪
ভাহা দেখি শচী সুধিমন।
প্র পুন করেন চুম্বন॥ ৫
কাছে থাকি এ রঘুন্দন॥ ৬

অতি আনন্দিত-মতি, ' প্রীঠে বসি যশোমতী কোলে লয়া আপন তনয়। मिश पिश हानम्यूर्य, লালন করয়ে সূৰে, প্রেমানন্দ-সাগরে ভাসয়॥ ৭ কি কহিব ভাগ্য যশোদার (यांत्री करत यादा थान, काल नग्ना रम प्रकान, मामन क्रारा मना छात्र ॥ ৮ কভু পয়োধর ধরি, দৈয় মুখচন্দোপরি, তাহে কিবা শোভা হইয়াছে। ্টি রহে অবিকল, (धन नीम भंडमम, ছুই চক্ৰবাক-পঞ্চি-কাছে॥১ প্রাভূ নিজ হুই করে, ধরি সেই পয়োধরে, আধ আধ মুদিয়া নয়ন। চুকু চুকু রব মূখে, চরণ চালন সুখে, **खन-को**त करत व्यात्रापन ॥ ১० ধক্ষেতে আছতি দানে, বেদমন্ত্র-উচ্চারণে, যার প্রীতি অধিক না হয়। কিবা ভাগ্য যশোদার, সেই ভগবান যার, खन পিয়ে সানন্দ-জ্গয়। ১১ বদন মিলিয়া কভু, কৌতুকে রহেন প্রভু, য**েশাম**তী দেন চুগ্নধার। শ্রীরবুনন্দন কয়, **ठ**न्स्ट (यन इम्र, কুন্ত হতো সুধার সঞ্চার। ১২ যশোদা লইয়া কভু আপনার বুকে। পুত্রে রাখি নাচায়েন পরম কৌতুকে ॥ ১৩ স্তনের উপরি প্রভু নর্ডন করয়। নীলগিরি শৃঙ্গে ধেন তমাল দোলয়॥ ১৪ পয়োধর উপরি শোভ**ষে ঐচরণ**। শ্রাম-কুত্ত মুখে রক্তকমল যেমন ॥ ১৫

कड़ तुक উপরিতে করায়্যা শয়ন। যশোণা করেন পুত্র-বদন চুন্দন।। ১৬ তার বুক উপরিতে প্রভু কিবা শোহে। नौमभन्न-भामा (यन कामिनी-প्रवाहर ॥ ১१ যশোদার মুখোপরি রুঞ্মুখ সাজে চল্রের উপরি থেন নীলপদ্ম রাঞ্চে॥ ১৮ <u> এরিশ্নন্দন কছে এ আশ্চর্য্য হয়</u> চলকাছে নীলপদ্ৰ অধিক শোভয়॥ ১৯ কভু যশোমতী রাণী, মিলি জন্ম চুই খানি ভদুপরি স্থতে শোয়াইয়া। লালন করেন হুথে, শশি-সম পুত্রমুখে, মহানদে দেখিয়া দেখিয়া॥ २.० একি অভিশয় চমংকার। যোগিমুনি সব দেবে, যাহার চরণ সেবে, তার শির পদে যশোনার॥ ২১ कथरमा भाजक रक्षणि, जारश विद्या 🐯 औ. শ্বন করান এতে রাণী। े लाफ इति करत बाला, ্যেন নাল-প্রামাণ সংযোগেতে জাজনার পানী॥ ২২ ক্রপদ চালে নর্ড. কথানো কগনো প্রত্যু दारक (यन (नालाम कमल) ্রকন্ত নিজ করে বার, বদন-মাঝারে প্রী, D(म निक अभाष्ट्रप्रे-भन त २० মোর পদ অভিদ্রু, আমারেও করে এক এই ভাবে 5বেন চরণঃ এই কথা সত্য ২টে, শ্রীরগুনন্দন রটে, তার গুন না হয় বর্ণন॥ ২৪ ইতি ত্রীনীতমালায়াং প্রথম-বাল্য-লীলাবর্ণনং নাম জভীয়ং গ্ৰন্ধ ৩॥

### চতুর্থ গ্রন্থন।

অथ मधा-व,ना-नीन!।

শচীর জন্মন গোরা রায়। থেলা করে বালক-লীলায়॥ ১ ভূমিতলে পাতি ছাত্ম কর। ভ্রমণ করয়ে নিরগুর॥ ২ ভূমির উপরি কভু পড়ি।
কৌতুকেতে দেন গড়াগড়ি। ১ ব কথনো মাতার কোলে বিদি।
আনন্দে দোলেন হাসি হাসি॥ ও জননী-অসুলী কভু ধরি।
গমন করেন ধিরি ধিরি॥ ৫ হেন মতে শ্রীগৌর খেলয়
শ্রীরস্নদ্ধ তা ভাবয়॥ ৬

ু ুরোহিণীনন্দন-সনে, নন্দতঃ স্থবিমনে। ু ধেলা করে ব্রজের অঙ্গনে। যাচা দেখিবার আশে, ছাড়ি নিজ নিজ বাসে: দেবগুৰ **আইলা** গুণুনে॥ ৭ কৈব, থেলে তৃই সংহাদর পাতিয়া ধরণী-শলে জাত্ করপত্মতলে, ক্রিক্ষেক্ত ধরণী উপস্থাদ কিব, থেলে সুই সহোদর ভ**মিতেছে ধরণী** উপর॥৮ কটাভট ঐীচরণে, বাধিয়াছে স্থতনে, অন্নীরা বাজ্য হুজার । শক গুনি চমংকার, ী এমণ-সময়ে ভার মনে হয় আনন্দ প্রচ্র॥ ১ শুনি কিন্ধিনীর ধ্বনি, কে করিল মনে গণি. মুখ ফিরাইয়া চান পাছে। কাহারেও না দেখিয়া কিনিত শক্ষিত-হিয়া, প্রায়েন জননীর কাছে॥ ১০ মণিময় আদিনায় কভু দেখি প্রতিস্কায়, পরম আনশ কুত্হলে : নিহারেন ঘনে ঘনে, জননীর মুখপানে धतिवादा यान कत्रज्ञा ॥ ১১ ধরা নাহি যায় যবে, ক্রন্সন করেন ভবে, ভাষা দেখি জীরঘুনন্দন। কোলেতে তুলিয়া নিয়া, অহা বহা সমর্পিয়া, ভাহাদিলে করে প্রবোধন ॥ ১২ কতু আপনার ছায়া করি নিরীক্ষণ। করে করি মুছিবারে করেন যতন ॥১৩ পোছা নাহি গেলে ভাহা কুপিত-অন্তরে ! চাপড় মারেন পুন ভাহার উপরে 🛚 ১৭ ভাছে কর-ভলে হয় কিঞ্চিত বেদন। ভাহাতে কাভৱ হয়া করেন ক্রেম্বন 🛭 ১৫

কথনো জননী দেন সংখুগে দর্পণ।
তাহে নিজ-প্রতিবিদ্ধ দেখি সুখী হন॥ ১৬
দর্পনের আড়ে জন্ত আছে এই মনে।
পুন পুন পাচ্চ দিক্ দেখেন নয়নে॥ ১৭
দেখিতে না পাই কিছু প্রণ্ডাতে তাহার।
সংখুখে দেখিয়া পুন হয় চমংকার॥ ১৮
এ সকল লালা দেখি মাতা সুখে ভাসে।
জীরখনন্দন দেখে গড়াইয়া পালে॥ ১৯

**ক**ভু রজেশ্বরী, ু করাসূলি ধরি, আপনার গৃই করে। নিরি ধিরি করি ধরণী-উপরি, পদ-বিহরণ করে॥২০ কিবা সে মধুর গতি। তুউকু প্সারি ধর থর করি, **हरलम म**िक्ष इन्मेडि ॥ २५ यपि न भवानी °আপনার পাণি, কৌতুকে লয়েন কাড়ি, পদ সুই তিন, ্লিয়া হয়্যা দীন, কান্দেন ভূতলে পড়ি॥১২ মরি মরি বলি যশোমতী তুলি, बहेग्रा व्यापन (८०। পুছি অঞ্বারি, অন্ন-পূলী সাড়ি চুম্ব দেন সকৌতুকে 🛚 ২৩ মোর ধাতৃম্পি, ও রে রে ধরণি ন্যথা পাল্য পড়ি ভোষে। চগ্রণে করিয়া, ইহাই বলিয়া প্রহার করেন ভাছে॥২৪ **কভ ভিতে হাধ** দিয়া যতুনাথ, লড়াইয়া মহাসুধে। জননীর পানে চান খনে খনে। নতুনত হাসি মুখে। ২৫ ডাকেন রোহিণি, ভাহা দেখি রাণী নাট আন্ত এই স্থল : শভালা আপনি মোর নীলমণি, बुबुदव कुला रहन । २७

কভু দশ বিশ পোপী একত্র মিলিয়া।

ক্ষেত্রে জিজাদা করে হাসিয়া হাসিয়া #২৭

কই তোর নাসা কই নম্বন শ্রবণ। কই তোর নবনীত থাবার বদন॥ ২৮ পোপীদের কথা গুনি মূহ হাত্ত করি। সেই সেই স্থানে হস্ত-পদ্ম দেন হরি॥ ২৯ কেহ পুছে কৈ বাপ ভোমার জননী। মাভারে দেখান প্রভু তুলিয়া তর্জনী॥ স ভাহা দেখি রাণ হয়া। প্রেমে উন্মত। পুত্রে কোলে লয়া চুম্ন দেন শত শত অন্ত কেই পুছে বাপ কছু কছ গুনি। কি নাম করিলা ভোর পর্গ মহামনি॥ ৩২ এড শুনি প্রভু কৃষ্ণ বলিবারে চার্য়। কিন্তু কু-অকর মাত্র মুখে বাহিরায়॥ কেহ পুছে ভোমার দাদার কিবা নাম রাম এই কহিতে কহেন প্রভু আম॥ ৩৪ আধ আধ শ্রীমুখের সে সব বচন। শুনিতে না পালা হায় এ রগ্ননন্দন॥ ৩৫ কভু ব্রজেশরী কোলে লয়া হরি, কহেন সুখেতে ভোর। মিলহ বদন , হয়াছে কেমন, দশন দেখিব তোর॥ ৩৬ একথা প্রবণ করি। হাসিয়া হাসিয়া. বদন মিলিয়া, দশন দেখান হরি॥ ৩৭ হয়াছে কিপিত, কিবা সে উদিত, যুগল দশন-জোতি। কমল-উদরে, ধেন শোভা করে, মনোহর হুই মোতি॥ ৩৮ দেখি সুখিমন, মিলিভ বদন. রাণী দেন ননী ভায় याञ्चत ज्ञेचत्र, সানন্দ-অন্তর, সেই ননী স্থপে খায়। ৩৯ কছে কোনো নারী, দিয়া কর-ভারী, नाह (मिथ नौनम्पि। দিব 🖷ীর সর. অবে পুরি কর, মিছিরী মিশায়া ননী॥ ৪० হসিত-বদন, ্ৰভনিষা বচন,

🗫त्र लामि मित्रा मित्रा ।

শ্রীনন্দনন্দন, করেন নর্ত্তন, भूट्य विन धिया धिया॥ 85 কভু সব নারী, দেয় করভারী, বেড়ি বসি চারি ধারে। যশোদা-তুলাল, নৃত্য করে ভাল, শ্ৰীরগুনন্দন হেরে॥ ৪২ কভ নিজ সহচরী,-গণ সঙ্গে ব্রজেশরী, মিলি নিজ ভবনে ব্যাস্থা ক্ষেন্তে কছেন বাণা, আন দেখি পীঠখানি, বাপধন! ভূমিরে ভূলিয়া॥ ৪৩ শুনি সেই জননা-বচন। পীঠ ধরি হৃই করে, তুলি লয়্যা সঞ্জঠরে ঠেকায়্যা করেন আনয়ন॥ ৪৪ যদি কেহ কহে তাঁরে, ভারি দ্রব্য আনিবারে তবে ভার নিকটে যাইয়া। করতলে করি ধরি, তুলিবারে নাহি পারি, ফিরি যান হাসিয়া হাসিয়া॥ ৪৫ কত্ন গোঠ হত্যে আমি. নন্দ আঙ্গিনায় বসি, ক্ষণে কন পাচুকা আনিতে। প্রভূ ভাহা করে ধরি, তুলিয়া মন্তকোপরি, আনি দেন আনন্দিত-চিতে ॥ ৪৬ শঙ্করাদি দেব-রুন্দে, যার পাদ-পীঠ-হন্দে, সেহ শিরে যার বাধা বহে। দে নন্দের যে মহিমা, কে কহিবে তার সীমা, শ্রীরবুদদন এই কছে। ৪৭ ইতি শ্ৰীগীতমালায়াংমধ্য-বাল্যলীলা-বর্ণনং নাম চতুর্থং গ্রন্থনমু ॥ ৪

#### পঞ্ম গ্রন্থন।

অথ শেষ-কাল্যলীলা।

নদীয়া-নগরে প্রভু জ্রীশচী-কুষার।
বাল্য-ভাব প্রকাশিয়া করমে বিহার ॥ ১
সমবর সহচর সহিত মিলিয়া।
ধূলী খেলা করে কভু পথেতে বসিয়া॥ ২
কভু সিয়া নবহীপ-নিবাসি-ভবনে।
নানা মত চাপলা করেন সধা সনে॥ ৩

কথনে। প্রাক্তবী-ভারে করিয়া প্রমন। করেন বালক-সনে হরি-সঞ্চাত্তন॥ এ কথনো মাতার কাছে করেন চাপল। শ্রীরত্তনন্দন মনে ভাবে সে সকল॥ ৫

নালা-ভাব প্ৰকাশিয়া, রাম শ্যাম স্থাবি-হিয়া, (भेना करत्र मत्मत्र व्यक्षत्म। যেন পূর্ণশ্পধর, আর নব জলধর, সহ থোগে উদিত গগনে॥৬ কি বা দোহে মাতা সাদায়াছে: নান্ধি পাঁচ বৃটো মাথে, মূলিময় নুরী ভাগে. চারি দিকে বান্ধিয়া দিয়াছে॥ १ লসিত মৃক্তাগণ, মনোহর লটকন, ললাটেতে কিবা শোভা পায়। नश्त बक्षन मार्छ, পদ্রে ধেন অলি রাজে, গোরোচনা-ভিলক নাসায়॥৮ তার আগে মুক্তা দোলে, মণিময় হার গলে, इंटब राजु रक्ष रिवाक्षय । করে বালা নব রঃ, দিয়াছে করিয়া য়ঃ, বকেতে পদক মণিময়॥১ কণীতে রঙ্গিম ডোর, কনক গৃজার বোর, গাত-কালে বাজ্ঞাে মধুর। রাণীর আদেশ পাই, ্শীরবুনন্দন গাই, পদে দিল পঞ্ম न भुद्र ॥ ১० সমান-বয়স ব্ৰজ-বালক যাবত রাম কৃষ্ণ সনে আসি মিলিল ভাবত ॥ ১১ ভাহাদের সঙ্গে মিলি ভারা দুই ভাই। करत्रन विविध मीला मानटम्म मनाहे ॥ ১२ ক্থনত গোবংস দেখি কৌতৃক করিয়া। ধরেন পুষ্ণেততে ভার নিকটে যহিয়া 🛚 ১৩ সেহ যদি তাহে বেলে করছে গমন। ভাইারাও পুচ্ছ ধরি করেন ধাবন 🛭 ১৪ কথনো ভাহার বেগে পড়েন ভূতলে। ওড় পুচ্ছ না ছাড়েন সেহ টানি বলে॥ ১৫ क्षता कुक्त-भिक्तं कति बात्राहन। চাবুক মারেন ভারে চলিবারে কন # ১৮ -তাহে সেহ ভ্রমে পড়ি করয়ে ক্রন্সন। তবে মাতা আমি দেখি কছেন বচন ॥ ১৭

একি করিতেছ ভোরা দবে হায় হায়। ক্রর সভচি বড় ছুইলে ইহায়॥ ১৮ **चलि इरेल (क्र क्या नारि** भित्तः। তবে ভোমাদের বিবা কি করি হইবে ॥ ১১ শ্রীরখনন্দন করে নাহি জান রাপি। বিবাহ অপেক: না করিবে নীলমণি॥ ২০ এক দিন গহ-প্রবেশিয়া খন্তরায়। নিজ করে নবনীত চরি করি পায়॥ ২১ থাইতে থাইতে নিজ এনায়া দেখি ভিতে। অন্য মনে করি কহিছেন ভিত-চিতে ৷ ২২ ভাই যদি দেখিয়াছ তুমি মোর কাঞ্চ। মাতারে কহিয়। ইহা নাহি দাও লাজ ॥ ২৩ এই নবনীভের অদেক দিব ভোরে। অথবা সকলি লয়া ছাডি দেহ মোরে॥ ২৪ এই কথা কহিতে কহিতে যশোমতী। আইলা ভাইারে দেখি কছেন শ্রীপতি॥ ২৫ মাগো দেখিয়াছ মোর আগে কোন জন। করিতেছে এই দেশ নবনী হরণ ॥ ২৬ আমি করিতেছি যত ইহারে বারণ। তাহা কিছু নাহি জনে এই তুর জন॥২৭ আমি যদি কর তুলি দেখ মারিবারে : এছ কর ভোলে ভবে মারিতে আমাবে 🖟 ২৮ আপনার দোষ মোর উপরি কেলিতে। निक क्रुप्रभी भिन्न आगात পानिए ॥ २.১ শ্ৰীর্যনন্দন কছে সকলী ডাকিলে। মুখের নবনী প্রভু ঢাকিতে নারিলে॥ ৩০

তবে রজেগনী, পুত্র কোলে করি,
প্রেম-রসে মুগ্র-মন।

দিয়া চাদমুলে, কত চুদ্দ মূলে,
তার প্রতি কিছু কন॥ ৩১

করে ওরে বাপ মোর।
ভোমারী ভবন, ডোমারী গোধন,
কারে ভয় স্বাছে ভোর ॥ ৩২

দধি ভূগ্ধ লুড, ছেনা নবনীড,
যত মন বাবে ওড।

যারে ভারে দিবে, ভূমে ছড়াইবে,
বাতে ভোর মন বাত॥ ৩০

তুমি চরি করি, পাও বেরি বেরি, गवनी जालन इरवा এ কথা শুনিলে. গোপী দৰ মিলে. গঞ্জনা করিবে মোরে॥ ৩৪ কবে সৰ জন. আমারে কুপণ, · দিবে নানামত গারী: **ब्रो**द्रगुनन्**र**न. करत्र निरम्भन. হরি না ছাড়িবে চরা॥ ৩৫ হেন কালে ব্ৰজগোপী অনেক আসিয়া। কহিছেন যশোদারে হাসিয়া হাসিয়া। ৩৬ রাণি তোর পত্র হল্য বড়ই চপল। শুনহ ইহার কর্ম কহিয়ে সকল। ১৭ প্রভাতে যাইয়া ক্রফ মোদের ভবনে। ছাঙি দেয় এককালে বান্ধা বংসগণে ॥ ৩৮ যদি কোন জন তাহে তর্জন করয়। খল খল করি হাসে নাহি করে ভয়॥ ৩৯ গোপী সব ধাই যায় বাছুর বাদিতে। চ্রি করি খায় রুখ ছেন। নননাতে ॥ ৪০ কিছুমাত্র নাহি রাখে মিষ্ট বস্থ শেষ। যাহ। মোরা করিব পভিরে পরিবেশ ॥ ९১ মোরা यपि पिटे नवनौठ कोत्र भन्न । তাহা নাহি পায় এই তোমার কোড্র॥ ১২ অতএব মানি মোরা তোমারো ভবনে। কোনো বস্থ নাহি খায় খ্রীতি করি মনে ॥ ৪৩ চুরি করি খাইলেই পিরিতি ইহার। শ্রীরবৃনন্দন কহে এই কথা সার । ৪১ ত্রনি গোপী-সকলের থাণী।

শুনি গোপী-সকলের থাণী।
কহিছেন যশোমতী রাণী॥ ১৫
তোমাদের শুনিয়া বচন।
প্রতীতি না করে মোর মন॥ ১৬
মোর নীলমণি শিশু হয়।
চূরি করা ইথে কি ঘটায়॥ ৪৭
ভাগু সব থাকরে শিকায়।
কি করিয়া ভাহা লাগি পায়॥ ১৮
অক্কার ঘরে বা রাখিবে।
তবে এহ দেখিতে না পাবে॥ ১৯
. শ্রীরঘ্নদন ভণে শুন।
নাহি জান তনম্বের গুন॥ ৫০

ধশোদার কথা শুনি কছে গোপীগণ। নাহি জান বাণি নিজ ভন্যের মন ॥ ৫১ পো-রস রাখিয়ে যদি শিকার উপরি। পাতে তবে উদ্ধলে আরোহণ করি॥ ৫২ যদি রাখি তাহা হত্যে উপরি শিকায়। ত্তবে উন্থল এক বালকে চঢায়॥ ৫৩ তাহার সন্দেতে নিজে করি আরোহণ। ভাগু হত্যে ননী লয়া করয়ে ভোজন ॥ ৫৪ রাপি যদি ভাহা হজ্যে আরো উপরিতে। লণ্ডতে করিয়া রন্ধ্র করে অধোভিতে॥ ৫৫ ভাহার ভলেতে নিজে পদারি বদন। বন্ধ্র নিয়া পড়ে দবি করয়ে ভোজন॥ ৫৬ শ্রীরগুনন্দন কহে কিবা সে গো-রস। যক্তেপর স্বর যাতে করয়ে লালস। ৫৭ যদি বা গোরদ রাখি অন্ধকার-ঘরে। কুফ যাবা মাত্র তম প্রদায়ন করে॥ ৫৮ একে অঙ্গ-কাঁতি তাহে পরে মণিগণ। কিরপে থাকিবে ঘরে তিমিরের কণ॥ ৫৯ রাণি অধভত চোর তোষার নন্দন। মণিগণ পরে করে গো-রস-হরণ # ৬০ স্থাগণ সহ যদি আপুনি ভৃঞ্য। लाटह जामारभन्न महन (नमन) ना हम् ॥ ५५ নিজে খাইবার পূর্বের দেয় কপিগণে। ইহা সহিবারে নারি চুখ হয় মনে॥ ৬২ ভার মাঝে যদি কোনো কপি নাহি খায়। নিজেও না ধায় ভাও ভাঙ্গিয়া ফেলায়॥ ৬৩ কহয়ে ভাজের দোষে না খাল্য বানরে। উচিত না হয় এই ভাগু রাখিবারে॥ ৬৪ শ্রীরবুনন্দন কহে শুন ব্রঞ্জনারি। বানরে বড়ই প্রীতি করেন শ্রীহরি 🛚 ৬৫ চুরি করিবার আশে, প্রবেশ করিয়া বাসে, যদি কিছু দেখিতে না পায় : ভর্জন গর্জন করি, ভয়গর মৃত্তি ধরি, তবে শিশু বালকে কান্দায় ॥ ৬৬ শুনি মোরা যাই যবে, মোদিপেই কহে তবে, কেমন ভোদের শিশু সব। প্রবোধ করিমে ধাহা, কিছু না শুনমে তাহা, কান্দে মাত্র করি উচ্চরব # ৬৭

उत्त भाता निल निष्ठा, श्राप्ताशत भूत्व निष्ठा, পালক্ষেতে করিয়ে শয়ন। ্ৰসেই অবকাশ পাই, কুঞ্চ অন্ত খৱে ধাই, (इना ननी क्वरप्त (**डाक**न ॥ ५৮ িশিশু না দেখিতে পায়, যদি তবে চোর রায়. मृज करत्र (१४-शृष:-श्रात । वनि आमानित्र (नत्थ, ज्या कवि महात्वात्थ. এই কহে অকূণ-ন্য়ানে ॥ ৬১ আমি জগতের পতি, ভোরা মোর বন্ধু জাতি, পুজিবে অপর কোন দেবে। 🖁 ইহাই ভাবিয়া মনে, দেবতা পুজার স্থানে, नष्ठे किन्ने किन्निश क्षत्रात्व ॥ १० ্রিক্র যদি কহে চোর, তবে করি শদু স্বোর, কহে তুই চোর, নহি আমি। ীত এই গৃহদার, ধন ধান্য ভাগোগার, मकलात्र श्रामि इहे स्वामा ॥ १५ একপে মোদের খরে, যত উপত্রব করে, তাহা কত করিব বর্ণন। এপন তোমার কাছে, সাধু হেন বসি আছে, (यन প্রভূ 🗐 त्रपुनन्पन ॥ १२ ্গোপীদের বচন গুনিয়া যশোমতী। হাসি হাসি কহিছেন তন্মের প্রতি ॥ ৭৩ ্রতিক রে চঞ্চল ব্রহ্ম-বাসিদের খরে। এত উপদৰ কি করিতে হয় ভোৱে॥ ৭৪ ইহারা ভোমাতে করে স্নেহ অভিশয়। ইহাদের প্রীতি তোরে করিবারে হয়॥ १৫ শ্রীকৃষ্ণ কহেন মাতা ইহারা যে কহে। এ সকল মিখ্যা হয় কিছু সভা নহে॥ ৭৬ উহাদের বালকে করয়ে অপচয়। মোর নাম দেয় কিছু পাবার আশায় ॥ ৭৭ পোপীসৰ কৰে ভোৱ মাভা লাভা হয়। কং দিতে মোদের মনেতে যাহা লয়॥ १৮ यत्नामा करहम कि महेरव छाश कर। ভারা কহে আমাদিকে নীলমণি দেহ॥ १৯ বাৰী ভবে নীলমণি তোমাদেরী হয়। যার ধন ভারে দেয়া কেমনে ঘটয় 🛚 ৮০ এইমত প্রেমালাপে সবে মন্ব-মন। এীরগুনন্দন কিছু করিল বর্ণন ॥৮১

#### ষষ্ঠ গ্রন্থন।

অথ বৎস-চারণ-লীলা।

অগনাথমিত্র লয়া দেবজ্ঞ প্রবীণ।
করিলেন শ্রীগোরের বিদ্যারস্ত-দিন।

করিলেন শ্রীগোরের বিদ্যারস্ত-দিন।

ইড়া হাতে দিলা অভি আনন্দিত-মনে॥ ২
ভবে প্রভু সংগাগণ সহিত মিলিয়া।
প্রতি দিন পড়িবারে যাম স্থাহিয়া॥ ৩
গমন-সময়ে মাডা দেন সাজাইয়া।

গুরু কাছে যান প্রভু পুস্তক লইয়া॥ ৪
আপুনি শিবিয়া বিদ্যা শিখান সভারে।

শ্রীব্যনন্দন ভাষা কহিতে কি পারে॥ ৫

এক দিন ব্ৰহ্মব্ৰাজ, বসিয়া সভার মাজ ক**হিছেন** বান্ধব-নিকরে। রামকৃষ্ণ চুটী ভাই, চতৰ্থ শহিন্যা যাই, অতএব করি শুভক্ষণ ৮ করি শুভ আচরণ, পূজি বুষ-গাড়ীগণ, শিখাইতে হবে পোচারণ॥ १ এলাড কার্ত্তিকমাস, শুকু পঞ্চ পরকাশ, ত্রীদশমী তিথি গুরুবার। আজি রাম দামোদরে. বংসগণ-চরাবারে, পাঠাইব গোঠের মাঝার॥৮ আনাইয়া শান্তরীতে, এত কহি পুরোহিতে, পূজা করাইয়া দেবগণে। পূজা করি গো-সকলে, রামতাম-করতলে পাঁচনী দিলেন শুভক্ষণে # ১ ত্তবে ভারা ছই ভাই. **छन्नी निक्**रि श**हे**. কহিলেন বেশ করিবারে। পরিপূর্ণ অভিলাব, শ্রীরঘনন্দন দাস, আনি দেয় বস অলক্ষারে॥ >• হেন কালে আলা এত কৃষ্ণ-স**হচর**। পোষ্ঠ-গমনের বেশ করি মনোহর॥ ১১ জ্রীদাম সুদাম দাম আর ক্রিদাম। মুকল অৰ্ক্তন স্থোককৃষণ বুধনাম ॥ ১২

দেখি গোষ্ঠ যাইবারে উদাত তা সবে। যশোষভী কহিছেন গদ গদ-ববে॥১০ ওরে ওরে শ্রীদামাদি ব্রজ-শিকগণ। ভান ভান ভোৱা সবে আমার বচন ॥ ১৪ নাহি যাও ভোমরা সকলে বহুদুর ! ব্রজের মাঝে থাকি চরাও বাছুর॥ ১৫ ক্ষণ কাল গোপালে না দেখি যেন মরি। সব দিন না দেখিয়া বৃহিব কি কবি॥ ১৬ অতিহ্নেমল হয় বাছার চরণ। কি করিয়া পোঠে মাঠে করিবে ভ্রমণ ॥ ১৭ গোপালের তত্ত্ব ননী প্রতলী ষেমন কি করিয়া সহিবেক রবির কিরণ ॥ ১৮ मित्न प्रमुवाद मनी कोद प्रव शाय। না পাই কি করি রবে দিন সমুদায়॥১৯ শ্ৰীরত্বনন্দন কহে রাণি ধৈর্ঘা ধর। গোচারণ-লীলা-রসে বিঘু নাহি কর॥ २० **औषांधारि निस्त्राग, कत्रिएउए निरायनन,** মাভা শুন মোদের বচন। ক্ষের লাগিয়া চিতে, নাহি ভাব কোনো মতে মোরা সবে করিব যতুন॥২১ দর মাঠে মোরা না ঘাইব। ত্তকের নিকট-দেশে, থাকিয়া আপন কশ. বাছুর সকল চরাইব॥ ২২ শীতদ তরুর তলে, বসায়া কোমলদলে, রাম গ্রাম হুই সহোদরে। মোরা সবে অবিরত, সেবিব হইয়া বত. ভূত্যগণ ধেন নুপকরে॥ ২৩ যে বাছর বাবে দরে, মোরা ফিরাইব ভারে. রাম খ্রামে না হবে ধাইতে। কুধার সময় জানি, মিষ্ট ফল পাড়ি জানি. ভূঞাইব দোঁহে ইচ্ছামতে॥২৪ किया दूरे ठावि खन, ত্রঞ্জে করি আগমন, লয়া যাব ছেনা স্পীরসর। রাম-খ্যামে ভূঞাইয়া, মোরা সবে বাটিনিয়া **অरुपर्य भृ**तिव डेमद्र ॥ २८ অবসান হল্যে দিন, ন্ত্রবিভাপ হবে 🖷 ৭. वरम-भाग किताया उर्थन ।

বাম খ্রামে আগে করি, ত্রক্তেডে আদিব ফিরি. সঙ্গে করি জীরগুনন্দন। ২৬ তবে শ্রীরোহিণী যশোগতী দুই জন। করিছেন রাম শ্যাম বেশ-বিরচন ॥ ২৭ নীল পটার্ঘটী বলদেবে পরাইলা। পরিপূর্ণচন্দ্রে যেন জলদ বেডিলা ॥ ২৮ গ্রীক্ষেত্রে পরাইলা পীত পট ধটী। নব মেষে যেমন বিজুরী পরিপাটী ॥২৯ শিবিপুক্ত চড়া দিলা দোহার মাথায়। ৰেত শ্ৰাম মেৰে ধেন ইন্দ্ৰধন্ম ভাষা। ৩০ গোবোচনা ভিলক কবিলা নাসিকায়। ললাটেতে পরোবালি নেত্র মঞ্চে যায়॥ ৩১ নাসিকাতে পড়াইল: মুক্তা অবিকল। কর্ণে দিলা মণিময় মকরকুগুল ॥ ৩২ গলে মোতি-হার হেম-মালা গুঞ্জাদাম। ভঙ্গে ভাড করেতে বলম্ব অভিরাম ॥ ৩৩ চন্দন কুলম মাধাইলা সব গায়। কটিতে কিন্ধিণী দিলা গঠিত সোণায়॥ ৩৪ চরণে নপুর দিতে রাণী যবে যায়। শীরঘনন্দন কাতি লইয়া পরয়॥ ৩৫ এত বেশ করি. হেরি আঁথি ভরি, ভীবোহিণী যশোমতী। চুই পুত্রমূখে, মাভোয়ারা স্থরে, চন্দন করয়ে কন্ডি॥ ৩৬ मित्र मित्रा न्दर्शधान। নেতে বারি মরে. গদ পদ সবে. कद्रात्व चानीयनान ॥ ७१ করুণ বৃক্ষণ, সহস্র লোচন, পুরুব দিকেতে ভোরে। দক্ষিণে শমন, পণ্ডিমে বকুণ, ধনপতি সে উত্তরে 🛭 ৩৮ উপরি প্রজেশ, अध्राप्तरम (मय. বোর বনে নরহরি। শ্রীরাম ভধরে. ব্দলের ভিতরে. মীনরূপ-ধারী হবি ॥ ৩৯ यपि निमाहत्र. (কহ ভারদার, আসি উপন্থিত হয়।

**করিহ ভাকা**, শ্ৰীরঘুনন্দন, তবে বাবে সব ভয়। १० তবে জননীর পদে করিয়া প্র**ণাম**। গোঠে শুভ-যাত্রা কৈলা কৃষ্ণ-বলরাম 🛚 ৪১ াবে রাম-গ্রাম গোঠে করিলা বিজয়। মানা শুভ উপস্থিত দেইত সময় 🛭 ৪২ ্দল-পূৰ্ণ কুন্ত কাৰে গোপিকা প্ৰ-দরী। াম দিকে লড়াইল আসি শারি শারি 🛭 ৪৩ । किर्नु विश्वजन कम भूष्मवाद्री। াাবা সব পড়াইল উচ্চপুচ্ছ করি॥ ১১ দিয় অন্ন ধ্বনি করে যাবত ব্রাহ্মণ। শিক্ষাবেণু মুরলী বাজায় শিশুগণ ॥ se শাগে আগে বংস সব উক্ত পুষ্ঠ করি। লাক নিয়া ধার মহা আনন্দেতে ভরি॥ ৪৬ উবে নন্দ রাম ক্রেড করি আলিম্বন। কহিছেন গদগদ সজন-নয়ন॥ ১৭ আমাদের ধর্মারন্তি হয় গো-রক্ষণ। এই লাগি করিতেছি গোঠেতে প্রেষণ ॥ ৪৮ ভব্তি প্রীতি করি বংদগণে চড়াইবে। তবেই মঙ্গল হবে সম্পদ বাঢ়িবে॥ ১৯ ত্রজের নিকট ছাড়ি দরে ন। যাইবে। কোনো মতে কিছু ভন্ন মনে না করিবে॥ ৫০ মাঝে মাঝে বাজাইবে মুরলী বিদাণ : ভবনে আসিবে দেখি দিন-অবসান॥ ৫১ ষে আজ্ঞা বলিয়া নন্দে করিয়া প্রণাম। ভভ যাত্র। করিলেন ক্ষণ-বলরাম ॥ ৫২ শ্রীরত্বনন্দন করে সংমার্জ্জনী ধরি। সব আলে যায় পথ পরিকার করি॥ ৫৩ রাম-দামোদর, প্রথম বাসর, সে পোঠে বিজয় লীলা। **पद्रथन मा**ति, মনে অনুরাগী, সবে পথে গড়াইলা # ৫৪ (मधि (भारेदनटम. मत्त्रय व्यादन्त्य. व्यवन हरेन काव । নয়নেতে জল, গলে অবিরল, পূলক হইল পার । ৫৫ वड विस्त्रन, প্রেম-মদে মাজোরার।

তুলি তুলি পাণি, জীব জীব বাণী, কহিছেন বার বার॥ ৫৬ डीं(पत्र ठत्र्रप, সধাগণ সনে, করি বছ প**রণাম**। আনন্দিত-মন, করিলা পমন, लाउं क्रथ-यमद्राम् ॥ ८१ পুষ্ঠ তুলি তুলি, मराक् श्रमी, আগে আগে বংস ধায়। পুৰ আসি ফিব্লি. নেত্রে ধারে বারি, क्रिक्त वमन ठाव व रह তাদের শরীরে, বুলাইয়া করে, क्रम किल किल किला। শ্রীরগুনন্দন, কছে বংসগণ, পাইল জনম-ফল॥ ৫১ ভবে সেই শিশুগণ, অভি উলসিভ-মন, খেলা আরম্ভিল সেই স্থলে। ভাহে কেহ আগে ধায়, \* ভারে ছুইবারে যায়, আর জন মহাকুত্হলে॥ ৬০ জাতু কর ভূমে পাড়ি; হন্দা হাম্বা রব ছাড়ি, মহামন্ত বুষত (যমন। • যোগ করি শিরে শিরে, বলে ঠেলাঠেলি করে, श्रीयात हुई हुई खन ॥ ७১ কোকিল চকোর শিখী, বক আদি যত পাখী, नक करत रथन रगमन। সেইরূপ শব্দ করে, কভু নাচে সূপ ভরে, ময়রের দেখিয়া নর্ত্তন ॥ ৬২ যে যে পাখী উড়ি বার, ধরিতে:ভাদের ছায়, (क्ट क्ट कंद्रस धारन। म ५८कत्र मफ (मीच. (कर नक (मन सूची, কেছ করে বানরে ওর্জন। ১৩ জলে দেখি নিজ ছায় ইঙ্গিত করম্বে ভাষ, পুন দেখি ভারে কোপ করে। শ্ৰীরবৃনন্দন কয়, নিরখিয়া সবিশায়, यावनीय समय सम्बद्ध ॥ ७३ कवि लार्छ व्यवन व्यवान-कवि । শিশু সঙ্গহি কৃষ্ণ বিলাস করে ॥ ৬৫ कड़ मन्द्रम सन्दर्भ मञ्चकत्री। ্কৃত্ব নৰ্ভন পায়ন ভাগ ধরী॥ ৬৬

গ্ৰ নন্দকি-নন্দন নাচতব্ৰে ত্ৰ সঞ্জি স্থা সৰ তাল ধৰে। ৬৭ भुत्रनीयन भुक्र निनाम मत्न । করি মেলন গায় অনেক জনে॥ ৬৮ বলদেব করে কভু নৃত্য ধবে। বর বেণু বাজায়ত কৃষ্ণ তবে॥৬৯ श्वनार्द्धन भावज क्रथ मरह। রবুনন্দন ভোটক ছন্দ কহে॥ ৭০ খেলাতে ভূলিয়া আছে সব শিশুগণ। বংস সব করিয়াছে দুরেতে গমন॥ ৭১ তাহা দেখি সকলেই করুয়ে ভাবন। কৃষ্ণ কহিছেন নাহি করহ চিন্তন॥ ৭২ সবে মিলি বাজাও মুরলী শিক্ষা বাশী। উপস্থিত হইবেক সব বংদ আসি॥ ৭৩ তবে সৰে শিক্ষা বেণু মুরলী লইয়া। বাজাতে লাগিল নিজ নিজ মুখ দিয়া॥ ৭১ ভার মাঝে কৃষ্ণ-বেণু অবিক বাজিল। यादर व्यक्त त्वर् भिन्न। भूत्रभी जाकिल ॥ १० শ্রেবণ করিয়া সেই লক বংসগণ। উচ্চ-পুদ্ধ কৃষ্ণ-কুছে করে আগমন॥ ৭৬ তবে শিশুগণ দেখি দিন-অবদান। वर्मिं लिया दिक्ला (नाक्रल प्रधान ॥११ কৃষ্ণ-আগমন-কথা কহিতে গোক্লে। **बीत्रयनस्म भाग गय खाला हरन ॥** १४ এখানেতে ব্রঞ্জেররী, দিন-অবসান হেরি. হয়া অভিশয় উংকন্টিত। मक्रम मम्बन्ध्र हो. রোহিণীর প্রতি রটে नम्नम वहत्व किकिए। १३ শুন শুন রামের জননি। দিন-অবসান ভেল, ততু ধরে না আইল কেন বল রাম-নীলমণি ॥ ৮০ कहि (शन निश्चन्न, निन (नव-नित्रीक्न) করিয়া আসিব ফিরি ঘরে। এখনো না আল্যা কেন. স্থির নাহি হয় মন. কি করিব বলহ আমারে # ৮১ চিতে না ধৈরৰ ধরে, রহিতে না পারি মরে, কি করি 🔑 গোঠে পাঠাইরা।

ठान्मभूथ ना दम्बिया, तुक यात्र विमतित्रा, করিলাম হায় কি কুক্রিয়া॥ ৮২ দেবতার অনুগ্রহে, বাছারা আইলে গৃহে আর গোঠে না দিব যাইতে। গ্রীরগুনন্দন করে, এ বচন ভাল নহে ত্রিভূবন স্থাী এ চরিতে॥ ৮৩ এইরপ কহিতে কহিতে নন্দরাণী। নিকটে উঠিল শিক্ষা মুরলীর প্রনি॥৮৪ তাহা শুনি তার প্রতি কহেন রোহিণী। নাহি কান্দ রাণি খরে আলা নীলমণি॥৮৫ অই গুন শিঙ্গা বেণ মরলীর রব। বংস খুর শুলীতে ঢাকিছে দিক সব॥ ৮৬ ভাষ্য দেখি শুনি রাণী বাহিরে আইলা। হেন কালে শিশু সবে বজে প্রবেশিলা॥ ৮৭ দেইত সময়ে থাকীয় ব্ৰজবাসী ক্র্য্ণ দেখিবারে দারে দাড়াইলা আসি॥ ৮৮ ক্রম বলদেবে সবে করি নিরী**ক্র**ণ। জয় জয় প্রনি করে আনন্দিত-মন্॥৮৯ তবে কৃষ্ণ-বলেদের নন্দেরে বন্দিলা। িত্ত কোলে করি শির-আঘাণ লইলা॥ ৯০ পরে মান্ডাদিলে তারা করিলা বন্দন। কোলে নিলা তারা পুত্রে করি নির্মাঞ্জন ॥ ৯১ তবে সকলেই গহে করিলা গমন। সেবাতে নিযুক্ত হল্যা এীরঘুনন্দন॥ ১২ ইতি শ্রীনীভমালায়াং বংস-চারণ-লীলা-

#### मल्य श्रुव ।

वर्गनः नाम यष्टेः श्रन्नम ।

অথ গোচারণ-লীলা।

সহচর সনে গোরা রায়।
নানা থেলা করে নদিয়ার । ১
গোপ-বেশ করিয়া ধারণ।
পঙ্গাকৃলে করয়ে পমন ॥ ২
সেখানে দেখিয়া গাবীপণ।
আপুনি চরায় স্থাধি-মন । ৩

করি কতু হীহা হাহা রব
ডাকিয়া আনমে গাবাসব ॥ ১
কতু সধা সকলের সঙ্গে ।
বাহ-মুদ্ধ করে নানা রঙ্গে ॥ ৫
বিভেসা হইয়া লাড়াইয়া ।
বেণু বায় কতু সুধিহিয়া ॥ ৬
এ সকল লীলা মন হরে ।
শ্রীরযুনন্দন ধ্যান করে ॥ ৭

শ্রীদাম প্রভৃতি স্থা, স্ব আসি দিলা দেখা, পরভাতে নন্দের ভব্নে। <u> থুভিয়া আছেন হরি, ভাঁহারে ইক্লিভ করি,</u> কতে সবে মধুর বচনে । ৮ কানায়্যা কেমন ব্যবহার। উঠিয়াছে দিনপতি, তথাপি রয়াছে মৃতি, বলহারি যাইরে তোমার॥ ৯ প্রতিদিন আদি প্রাতে, হবে ভারে জাগাইতে, পথে চালাইতে হবে পাল। वरन वार्वा ना ह्यारव, स्मामित्व ह्यारङा इरव. এ কেমন তোর ঠাকুরাল। ১০ উঠি কন প্রীকেশ, হয়্যাছিল নিজাবেশ, র্তেই ছিত্র করিয়া শয়ান। না করহ কেহ রোষ, ক্ষমা কর মোর দোষ, আর নাহি করিব এমন॥ ১১ আজি হত্যে বনে গিয়া, ভোমাদিগে বসাইয়া, বাধিব শীভদ ভক্তলে। আমি গাবী চরাইব, তোমাদিলে না কহিব, স্থাে বসি বহিবে সকলে॥ ১২ অধেষণ করি বনে, আনি নানা স্থানে. ভূঞ্জাইব ভোমা সবাকারে। শ্রীরবুনন্দন ভণে, ইহা না হইলে কেনে, ভকত-বংসল বলে ভোৱে ॥ ১৩ তবে কৃষ্ণ জননীর নিকটে বাইয়া। কহিছেন তাঁর আপে প্রণাম করিয়া # ১৪ মাগো। আসিয়াছে মোর সব সচহর। ষতএব পোষ্টবেশ করহ সত্তর । ১৫ यःनामा करहन वाभ । भारते প্রতিদিন । বিদায় করিতে আমি হই বড দীন॥ ১৬

অন্তএব আভি ত্ৰাম সোঠে নাহি যাও। ভবনে রহিয়া স্থা-সহিত খেলাও । ১৭ বনের কঠিন মাটা ভ্রমিতে ভাহায় । **हित्राल (तमना कल इस इस इस १ ॥ ১৮** রবির আতপে হয় শরীর মলিন। আহার বিহনে পুন হয় অতি ধীন॥ ১৯ অতএব আজি গোঠে না দিব থাইতে। ভতাগৰ লয়া যাক পানী চরাইতে॥ ২০ শ্রীরগুনন্দন ভণে ত্রন নন্দরাণি। কদাচিতো না কহিবে এ সকল বাণী ॥২১ জননিক বচন. ভাবণ করি মাধব বোলত মধবিম বোল। **জননি গোচারণ**, বড সুখে ছোমুড. কাহে হোয়সি উতরোগ ॥ ২২ বুন্দাবন সুথ ধাম। কোমল নবঙ্গ- ু ছাদিও ধর্মীপদ, সুখকর অনুপ্রাম ॥ ২৩ নিবিড মুচল-দল, ভব্নগণ করভাই, অভিশয় শীতল ছায়। ্রাফে দিনকরকর, পরশিতে কদাচিত, নারই হাম সব গায়॥ ২৭ সখিগ়ৰ আনত, অমৃত মধুর ফল, উদর পুরণ হোই ভায়। नौडन यन. সমীরণ পরশহি, সভত ফুড়াওত কায়॥ ২৫ কোকিল শিখিসব. করত মধুর রব, ভাহা শুনি শ্রবণ বিভোরা। শ্ৰীর্ঘনস্থন, বোলত পট্ডব, শ্রীরন্দাবন প্যারা ॥ २७ ত্রনি বাণী যশোমতী জন্মনে। প্রভ-বেশ বিধান করে মতনে ॥ ২৭ পুঁছিয়া সব অঙ্গ পাট করিয়া। পহিরাওল পীত ধটা কসিয়া # ২৮ শিধিচন্দ্রক-শোভিত চড় শিরে মণি-মণ্ডিত আদ ললাট পরে॥২১ অলকাৰ্যলি শোভি ললাটভলে। निश्रिना चन-इन्द्रन शृष्पदन ॥ ७०

यनिक्थन व्यनिन कर्नन्ति । বছু **লোভি বিরাজত গগুতটে** ॥ ৩১ त्रम दिन्नहिं कांकन मात्रहरे।। নব গোঞ্জিক মোডিক হার্মটা ॥ ৩২ ভুজ-ভুষণ বান্ধল বাত্ত পরে। বলগানবরত্ব দিলেন করে॥ ৩৩ খন কক্ষম পক্ষতি লেপ করী। করিবা কত চিত্র শরীর ভরী॥ ৩৪ কটি দেশহি হেমমন্ত্রী রসনা। ব্রজয়াক্ত-বধ করিলা ক্টনা॥ ৩৫ त्रपुरुष्यन भाग जेमान-यत्म । বরন্পুর রাজ দিলা চরণে ॥ ৩৬ রোহিণী তা দেখি, रया यराष्ट्रधी, সাজায়েন বলরাম। नौन अपे धी. পরাইলা ঝাটী কটীতটে অভিরাম॥ ৩৭ নীল পাগ মাতে. 'বা**ন্ধিলে**ন ভাতে. ময়রেয় পাখা দিলা। বেড়ি গুঞ্গমালে, চালাকের শ্রেল, থরে থরে সাজাইলা। ৩৮ কাৰেতে কুণ্ডল, મૃષ્ સનમન, গলে নাল মণিহার. ভ্ৰে বাজু দিলা, হাতে হেম বালা ক টিতে কিন্ধিণী সার॥ ৩৯ পরাল্যা মধুর, চরণে নপুর। করে রুতু বৃত্থবনি। নগমদে করি. নাদার উপরি, ভিলক বুচিলা ধনী # ৪০ কুছুম অগুরু, মাধাইলা চারু, ভঙ্গী করি কলেবরে। শ্রীরঘুনন্দনে, দেবিতে চরণে, मकी कवि किन। भरत ॥ ४५ যশোদা-রোছিণী বেশ করি স্থামনে। जु**हे शृत अस्त्र तका वास्त्र हुहे अस्त ॥** ९२ আৰু বুকা করুন ভোষার পদতলে। মৰিমান জাতু ৰক্ষ এ উক্ল ৰূপৰে # ৪৩ ত্ৰী অন্তঃভ কটিভট কুক্ষির হর্ত্রীব। (कम्ब-क्रम्ब खेत्र:स्टम मसानिव # S8

কণ্ঠদেশ রক্ষা করু জোমার তপন। বিষ্ণু বাছ ত্রিবিক্রম রাখুন বদন। ৪৫ রক্ষা করিবেন তোর মস্তকে ঈশর। শ্রীরঘুনন্দন কাছে রবে নিরম্ভর ॥ ৪৬ চক্র ধরি হরি আঙ্গে রাখিয়া ভোমায়। তিঁহই রাখিবা পাছে ধরিয়া পদায়॥ ৪৭ ধকু ধরি দক্ষিণেতে শ্রীমধুসুদ্র। খড়্গা ধরি বামদিকে ব্লাখিবা অঞ্জন ॥ ৪৮ চারি কোলে উরুগায় পাঞ্জন্ত ধরি। উপেন্দ গরুড় স্বন্ধে চড়িয়া উপরি॥ ১৯ इमिटल त्रका कतित्वन श्लधत्। মীন-রূপধারী হরি বারির ভিতর ॥ ৫০ কাননে রাধিবা ভোহে প্রভু নরহরি। জীরঘুনন্দন মহাধরের উপরি॥ ৫১ ভবে নন্দ-গ্ৰহেশ্বী, বলদেব-করে ধরি, , অন্ত করে ধরি দামোদরে। নয়ন গলয়ে বারি, পড়ে পয়োধরোপরি, কহিছেন গদ গদ স্ববে॥ ৫২

মোর বাপ বাপরে বলাই। পর্গমূনি ভোরে বলি,—গিয়াছেন মহাবলী, ত্মিহ পালিবে নিজ ভাই॥ ৫৩ ধেন্ন চালাইয়া ধবে, পথে পথে যাবে ভবে, আগেতে ধাইতে নাহি দিৰে। याहेटड याहेटड পरब, भारतभारत धति हाटड, ক্ষৰেক বিভাম করাইবে। ৫৪ পাইলে তরুর ছায়, দাড়া করাইয়া তায়, বিশ্ৰাম করাবে কডক্বণ। মাতিয়া বৃষভগণ, করিবেক ধবে রুণ, সাবধান হইবে তথ্ন। ৫৫ ভ্রমিতে না দিবে বনে, কুশাক্ষুরসূক্ত স্থানে, নামিতে না দিবে নদীবলে। উঠিতে না দিবে পাছে. সর্বাদা রাখিবে কাছে. क्षांव ज्ञाति वृत करन । ८७ থাকিতে থাকিতে বেলা, সকলে করিয়া মেলা, : ११ हरन करिय ज्यात्रहरू । শ্রীরঘূনন্দন রটে, প্রেমের স্বভাব বটে, হেন হিত বচন-শিক্ষণ ৷ ৫৭

মাতাদিগে বন্দন করিয়া ক্রণবাম । পি ভার নিকটে বিশ্বা করিলা প্রবাম্য ৫৮ ি ত্ৰ কোলে লয়। কৈলা আশীৰ বিধান। তবে সকলেই কৈলা গোঠেতে পরাণ । ৫১ হুরভী মহিষ বুষ আগে আগে যায়: তার পাছে পাছে গোপশি শু সব ধায় ॥ ৬০ সকল-পশ্চাং ধান রাম দামোদর। **(मिरिंड मीड़ाना उक्तामी थरत थत्र ॥ ५**५ দেশিয়া করয়ে তারা জয় জয় রব। (ছন। ननी कोत्र नाषु (क्य श्राभा भव ॥ ५२ রাম ক্লফ সকলেরে করিয়া সংগ্রান। গোকলের বাহিরেতে করিলা পরাণ॥ ৬৩ দেশিবারে ভাঁছাদের গোষ্ঠ-বিহরণ। শ্রীরঘু-নন্দন পাছে করিল গমন॥ ৬৭ নিরবিয়া বুন্দাবন, যাবদীয় শিশুগণ, হয়া অভি হরসিত-মন। मकरनरे कुड़श्नो, आत्रष्ठ कतिना (कलि, যাহা দেখি সুধী সুরগণ॥ ৬৫ তুলি আনি গুঞ্জাফল, অশোক তরুর দল, मयरदाद शुष्ठ नाना कृता। করি তাহে অলম্বার, বেশ করে পরিধার, গায়ে মাথে গৌরিক হিপ্লে॥ ৬৬ কেছ নানা মতে পূলে, মালা গাঁথি ক্ল্ফ-গ্লে প্রণয়েতে করুয়ে অর্পণ কেহ তাঁর মালা নিয়া, আপনার গলে দিয়া, কহে দেব সাজিল কেম্ন । ৬৭ যদি কৃষ্ণ খান দরে, তাবে করে পরস্পরে, কে পারম্বে আগে ছুইবারে। এত কহি ধাই পিয়া, কৃষ্ণ-অঙ্গ পর্নশিয়া, মগ্ন হর সুধের পাধারে ॥ ৬৮ কৌভুকেতে পরস্পরে, শিক্ষা বেণু চরি করে. জানিলে ফেলিয়া দেয় দরে। সেখানে লইতে পেলে, অস্তু জন দূরে কেলে, \ कान्मित्न चानिया (मथ करत ॥ %) বানজের পুষ্ঠ ধরি, কেহ চরি রক্ষ-পরি, ভার সঙ্গে লাফিরা বেড়ার ! ভারা মুখ-ভঙ্গী খেন, করম্বে করম্বে ভেন, जीवचुनस्य **७**० शात्र ॥ १०

श्रीमाम करहन छन बमार्ट कानाहै। नका-नकि (थना चाकि क्यूह मवाहे॥ १১ हुरे मन कति मथा कत्रह व हेन । इरे नरन ता**का एउ (छाता हुई क**न । १३ যে যাহারে পুকা**ইলে বাহির করিবে** । সে ভাহার কা**দ্ধে চড়ি কাননে** ফিরিবে॥ ৭৩ বাহির করিতে না পারিলে বে বাছারে। कारक कत्रि नहेबा कित्रित्व रम छाहारत्र ॥१८ এउ कहि दूरे भन वर्णेन कविना। ভাহাতে কঞ্চের দল আগে লুকাইলা॥ ৭৫ বাহির করিল নন্দ-তনম্বে জীদাম। সুবলেরে বাহির করিলা বলরাম ॥ ৭৬ वलरमय-अनी बाद ये कर हिला। ক্ষণতে তারা সবে ধরিয়া আনিলা॥ ৭৭ <u>ীরগনন্দন করে বলি হারী যাই।</u> হ্ববলের কাষে তবে চঢ়িলা বলাই॥ १৮ শ্রীদামেরে কান্দে তুঁলি লইলা কানাই। ব্রজের ভাবের উপমান দিতে নাই ॥ ৭৯ হেন মতে আর रम अभी गामात्र. সে ভাহার কান্দে**°**চটি। দিরে হেরি হেরি, नत्नत्र माधुती, ফল মূল পাড়ি পাড়ি॥৮० क्रमा-मन वात बात । বনে প্ৰকাইলা, দেখা না পাইলা, वनरमय-मन जाउ। ५5 অংগে ধে ধে জন. ক্ষে আরোহণ, ষার যার করিছিল। চড়িয়া বিহার. কান্ধে ভার ভার, সেহ সেহ আর্ডিল ॥৮২ স্থেৰ নানা কন कविषा जगन, যয়নার তটে আসি। <u>ज</u>ीकृत्यन्त्र प्रम ক্ষেন সুধন, মধুর মধুর হাসি । ৮০ এইত খেলায় সবাই স্বায় ত্তিনিলেক পরস্পরে: এনে এক খেলী স্থামি সবে বলি, করহ ভাহাই পরে । ৮৪

চন্দ্রনে চন্দ্রনে কর বাত রূপে, ভাহাতে হারিবে গারা। চড়ি বনে বনে, ধেত্ব ব্রষগণে শিরায়্যা আনিবে তারা ॥ ৮৫ ত্ৰলের বাৰী ভূনি ধনি ধনি, বলিয়া সকলে হুখে। করে বাহু-রুণ, त्यन मञ्जानन, नीतगुनन्त्रन (मृत्य ॥ ৮७ মধুর ধটা বসন আটি পরিলা কটী-দেশহি रिश्टल नहेवत्र मकल भारक । বুঙ্গ করি অঙ্গ ভবি, বীর মাটি মাখিলা, ষাহা নিবৃধি বীবুগণ লাজে॥ ৮৭ কেশ ধরি উচ্চ করি, জট শির বান্ধাই। কঁহি নিবিধ কুত্মদল দেলা। দর্প করি দর্পদম, ভুজ উপরি মারই ভাল সব জনটি করি মেলা ॥ ৮৮ শুনি সে রুব বালক সব, ধরি সমর-কৌতুকে, করত গু জু জন সমর খোরে। পহিল কর পকরি কর, ক্সত কত বেরহি, ভূজহি ভূজ পুন ধরত জোরে॥৮৯ মুগু পরি মুগু ধরি, করত ঘন তাড়না, (भव गर (भव मह लाज। বেড়ি গল ভূজ-যুগল, জোর করি টানই, भेख कति-धून्न अञ्जूतारम ॥ ३० कवर्र त्कारे कवर कारे, जित्र ध्वानी उटन, পুন উঠত ধরি সমর-আশে। খোর খন সোর জিনি- সিংহ-রব গর্জ্জন্স, কহত রঘ্নস্থন বিশাসে॥ ৯১ এইরূপ বাহু যুদ্ধ **করিতে** করিতে। কৃষ্ণনৰ সকৰ হাবিলা আচন্দিতে॥ ১২ কহিছেন জীদাম তথন হাম করি। কানায়া। তোদের এই রবে হল্য হারী॥ ১৩ অতএব তোরা আন ধেনু ফিরাইয়া। বিভাষ করিয়ে মোরা এখানে বসিয়া ॥ ১৪ এত শুনি কুফের যাব**ত স্থা**গণ। ধেত্র ফিরাইভে সবে করেন গমন॥ ১৫ ভাহা নিরখিয়া কৃষ্ণ কহিছেন বাণী। ভোৱা সবে থাক আমি একা দেন আনি॥

এত কহি ত্রিভঙ্গ হইয়া দাডাইয়া। বাজাত্যে লাগিলা বাঁশী চান্দ মুখে দিয়া # ৯৭ তাহা শুনি শ্রীস্থবল করেন বর্ণন। তাহার সঙ্গেতে গায় জীরঘূনন্দন॥ ১৮ ওরে সব সহচর, তেজ কথা পরস্পর, ছাড়ং অপর সব কাম। হইয়া একান্তমতি, 😁নহ শ্রবণ পাতি, ক্রম্ব বেণুরব অনুপম। ১১ মরি মরি কিবা এ মাধুরী। গুনিয়া দুড়ায় তমু, অমৃতের ধারাজমু, প্রবিশিছে জ্পয়-ভিতরি॥ ১০০ যাহা ক্রনি দেবগণ, হইয়াছে মুদ্রমন, অই দেখ আকাশযন্তলে। নিজ নিজ বাহনতে, বহিয়াছে একচিতে, বদন ভাসিছে অঞ্চ জলে॥১০১ বায় ভুলিয়াছে গতি, শ্রীমমুনা বেগবতী, উন্দিকে করিছে গমন। মকর কচ্চপ মীন, হয়। দেখ ভয়হীন। মুধ তুলি করিছে দর্শন॥ ১০২ অন্করিত লতা শাখা, শব্দ ছাড়ি সব পাখা, এক-মনে করিছে ভাবণ। মধর নর্ত্তন করে, ত্রগস্ব থরে ধরে। উন্মুখে করে আগমন ॥ ১০৩ মহিষ বৃষভ ধেনু, শুনিয়া স্থার বেণু উচ্চ পৃচ্চ্ করিয়া আসিছে। নয়নেতে অঞ্বারে, মুখ হত্যে ভূণ পড়ে, कुक्षपुर्श-मान कतिएक ॥ ५०४ আর দেখ ধেনুগণ, ক্লেহে হয়্যা আর্দ্রমন, অবিরত জ্ব বরিষয়। মরি মরি কিবা স্নেহ, চাটিছে শ্রামের দেহ. **क्रीद्रयनस्य निद्रश्रम् ॥ ५०८** বলরাম বালছেন বয়স্য সকলে। দেব দিবাকর ধান এবে অস্তাচলে # ১০৬ অতএব হল্য গৃহ-প্রমনের কাল । চালাও চালাও সবে নিজ নিজ পাল

এত খনি সবে শিকা বেণু বাজাইয়া

চাললা গোকুল মূপে গোধন লইরা।

এথা ধশোমতী দেখি দিন অবসান। কবিভেছেন খর-বারি পমন বিধান ॥ ১০১ পথিক সকলে দেখি পুছেন আনরে। কানাই বলাই আসিতেছে কত দরে॥ ১১০ কহিতে কহিতে শিক্ষা মুরলীর দ্বনি। ভনিয়া হবিত হলা। বজ-রাজ-রাণী॥ ১১১ যে দিকে আইল ধ্বনি সেই দিক পানে। চাহিতে চাহিতে পাল দেখিলা নয়নে॥ ১১২ পরে রাণীনির্ধিয়া আপন নন্দন কহিছেন রোহিণীরে সম্পণ দখন ৮ ১১ : আ ওত মের. লালন-বর নাচি নাচি হেরিয়ে। বালক যত, ভাল ধরক, **5**ई खब्रिट (यविष्य ॥ ५५६ ধেকুকগ্ৰ, ব্রেণক বর, চর বদন রাজ্যে। চৰমজনিত, ষরম বিক্ শত শত ভৰ্চি সাজ্যে॥ ১১৫ তগম খন, পক্ষত বন, ভিবি গোধন বাখিছে। निन-रामन, মলিন ভয়ো, निद्रभी तद्र एमाथिय। ১১५ কর কিবন ভর করণ, নেখে। সুখি চাহিয়। नोत्रम अन् नानग ७०, কঠিন ভাহ্ন থাকিয়া॥ ১১৭ কণ্টকময়, मऋषे हश्र. গহন গহন ধাবনে। दग्नस्त. छन्न (त्रवन পাওল কত কাননে॥ ১১৮ এইরূপ কহিতে কহিতে আগে গিয়া। পুত্র কোলে নিলা রাণী বাহু পুসারিষা ॥ ১১৯ শত শত চন্দ্ৰ দিয়া মুখ-শতদলে। পৌছান মুখের যাম বসন-অকলে ॥ ১২০ শ্রী অঙ্গে বুলান রাণী আপনার কর। कहिर्छन खरे क्या अम-अम-अम् ॥ ১২১ ভরে মোর বাপের ঠাবুর বাপধন। পোচারণ করি ছরে কৈল আগমন ॥ ১২২

মলিন হয়াছে রবিভাপে চান্দমূব।
পেথিয়া বিদরিয়া বাইডেছে মোর বৃক ॥ ১২৩
চল চল বাপ ভোরে বরে লয়া যাই।
শরীর শীন্তল কর নবনীত বাই ॥ ১২৪
এইরূপ কহিতে কহিতে ত্রজেশরী।
কুম্দেরে লইয়া পেলা বাটার ভিতরি॥ ১২৫
রোহিণীও বলরামে কোলেতে লইয়া।
যশোদার পাছে পাছে পেলা স্থাহিয়া ॥২২৬
তবে রান করাইয়া স্থাতল জলে।
ভূঞাইলা মাধন মোদক মিরুফলে॥ ১২৭
বিচিত্র পালকে তারা করিলা শয়ন।
চরণ-সেবন করে জীর্থনন্দন॥॥ ১২৮
রসিক-শেখর তবে করে ভূলী ধরি। রাধিকার পয়েধরে লিখেন মকরী ॥ \* ৬ কিন্ত সেই চিত্র পরিপূর্ণতা না পায়। দোহাকার স্থান্তলে গলি গলি যায়। ৭ তাহে শতিশয় সুধ হয় চুই-মনে। পাই লেহে দোহাকার অঙ্গ পরশনে ॥৮ বিশেষত দেশি রাধিকার পর্যোধরে। কুম্পের জ্বর মুখে টলবল করে ॥ ১

\* ७८वृत्वनवात्री, मृश-मर्ग कत्रि, त्राधिकात्र পরোধরে। কও শত বার। প ছিয়া প ছিয়া; নানামত চিত্র করে।

ভারপর পশুদেশে: চন্দনেতে করি।
নানাবিধ পত্তাবলী লিখিলেন হরি॥ ১০
সেই পত্তাবলী কিবা শোভিল কপোলে।
নানাত মুক্তা যেন নপুনের তলে॥ ১১
মগমদ-ভিলক করিলা নাসিকার।
স্বর্ণ-ভিল পুন্পোথেন মধুকর ভার॥ ১২
ললাটে তে সিন্দুরের বিন্দু সমর্পিল।।
শাশি-মণ্ডলেতে যেন রবি দেখা দিলা॥ ১৩
শীরস্বন্দন রটে রসি কোন্ ছার।
কল কাল নাহি রহে রক্তিমা খাহার॥ ১৪

সেই সিল্মরের চারি পাশে। विन्त्रिमा ठन्मरात्र ब्राम ॥ ১१ যেন বেডি প্রান্তের তপন। উদয় করয়ে তারাগণ ॥ ১৬ নয়নেতে দিলেন অঞ্বন। শতদলে প্রার থেমন ॥ ১৭ কৃষ্ণিত কু থলে বেলি করি। কুন্দায়ুল দিলা ততুপরি॥ ১৮ কিবা ভা**হে সাজে** সেই ফুল। যমুনায় যেন প্রোষ্ট্রিকল।। ১৯ (१म-भिथि वाकिना भिर्थायः মেৰে যেন বিজুরী খেলায়। ২০ ভাহে দোলে মুকুতার ঝারা। বিজুরী নিকটে যেন ভারা॥ ২১ নাসিকায় দিলেন বেশর। ষাছে দোলে মোতির ঝালর ॥ ২২ (म माखिन वनन-मासादतः) তারা **ষেন চান্দের উপরে**॥ ২৩ **औत्रधृतन्त्रन निरुषयः।** কোটি ভারা ভার তুলা নর ম ২৩

তুই কালে দিলা কর্ণফুল মণিময়।
তক্তে বৃহস্পতি বেন করিলা উদর ॥ ২৫
অসিত কাঁচুলী বান্ধিলেন পয়োধরে।
নব মেখ ঢাকে যেন স্মেক্-লিবরে॥ ২৬
ছিন্ন মুক্তাহার সব গাঁথিয়া যতনে।
গলে দিয়া কহিছেন হসিত-বদনে॥ ২৭
তুমি বড় ভাগ্যবান্ হও মুক্তাহার।
থিয়া-পয়োধরে স্দা করহ বিহার॥ ২৮

কটিতে কিন্ধিপী-দাম করিয়া বন্ধন।
চরণে যাবক দিতে করিলা গ্রহণ॥ ২৯
ভাহা দেখি জীরাধিকা ধরি কৃষ্ণকরে।
কহিতে লাগিলা তাঁরে গদগদ-ম্বরে॥ ৩০
যাবক রয়াছে পূর্বমত মোর পায়।
ইহা নাহি দিতে হবে বন্ধু হে ভোমায়॥ ৩১
জীকৃষ্ণ কহেন যদি ইহা না পরিবে।
ভবে মোর করা বেশ তেজিতে হইবে॥ ৩২
গ্রত কহি বল করি কিশোরীমোহন।
যাবকে রঞ্জিত কৈলা কিশোরীচরণ॥ ৩০
ইচ্চি জীরীভমালায়াং স্বাধীনভর্তৃকা-বর্ণনং
নাম পঞ্চদশং গ্রন্থন্য॥ ১৫॥

#### ষোড়শ গ্ৰন্থন।

অথ রাধিকার রাজ্য।

এক দিন শ্রীবাসাদি ভকত যতেক।
ভক্তিরাজ্যে সৌরের করেন অভিষেক॥ ১
বসাইয়া দিতা সিংহাসনের উপরে।
গঙ্গাঞ্জল বহু ছট ঢালে তাঁর শিরে॥ ২
চৌদিকে বেড়িয়া হয় হরি-সংকীর্তন।
মদঙ্গ মন্দিরা শুঝ বাজ্যে সম্বন॥ ৩
প্র-নারীগণ করে উলু উলু রব।
কুম্ম বর্ষণ করে প্রেম্ন ভক্ত সব॥ ৪
শ্রীরথুনন্দন জয় জয় শব্দ করি।
নাচি নাচি হিরে সুপে দিয়া করভারী॥ ৫

কভূ বনরারি, নানা কেলি করি,
ুবভামু-মুতা-সনে।
আনন্দিত-মনে, হসিত-বদনে,
কহিছেন সধীসণে ॥ ৬
শুন সধীসব বাণী।
আছে চিরদিন, এক আশা-মোর,
পুরাহ সকলে শুনি॥ ৭
এই রুন্দাবনে, নিকুথ-ভবনে,
শুরাধারে করি রাজা।

করহ সেবন, গাহার যে মন, (कर (कर रु शका ॥ ৮ 'আনন্দিত-চিত, তনি সধী ধত. ভাল ভাল ভাল বলি। কঃ-সিংহাসনে, বসায়া রাধারে. वाका करव कु इस्मी ॥ ১ হেম-দটে করি. যফুনার বারি. আনি দেয় স্বাসিণ। নিপ করে করি. করিছেন হরি, অভিযেক-আচরণ ॥ ১০ তবে স্থীগণ. পরায়্যা বসম. भिना (यण वनाहेना। কিশোরী-মোহন. लहेश हन्मन. ভালে রাজ-টিকা দিলা॥ ১১ নিণী হইল। তাঁর চতুরা ললিতা। ভার প্রতিনিধি শ্রীবিশাখা স্ফরিতা॥ ১২ ধরিলা কুত্ম-ছাত চিত্রা-দেবী মাথে। ত্ৰীচম্পকলত। সে ভাস্থল দেয় হাৰে।। ১৩ जुक्रविना हेन्स्रवश हामत्र पूलाध । वक्रावि क्रावि वास्त्र वर्ग भाष ॥ ১९ श्रथ अप्र औद्राधितक द्रन्मानत्नवद्रि । का का का का उत्पादन भताशाती । ১৫ জয় জয় বনমালি-বাস্তা-পূর্ত্তিকরা। सर अर दिशक-त्रम्**ने-मन-ह**त्रा॥ >७ প্ৰয় দখী চাতকী-আনন্দ-কাদম্বিনী। h'ন্ট্ৰী-আদি সকল কিলোৱী-শিরোমণি ॥ ১৭ ত্বে অভিশয় আনন্দিতা। শ্ৰীক্ষেত্ৰে কছেন ললিতা॥ ১৮ লন প্ৰহে বনমালি বাণী। কি সেবা লইবে কছ ওনি ৷ ১৯ সধী সব সেবা বাঁটি নিল। যার যে বাসনা মনে ছিল ॥ २० ্হন সেবা আরু নাহি দেখি। যাহাতে ভোমার নাম লেখি # ২১ গুনিয়া কছেন বংশীধারী। মোর সেবা আছে বড ভারী॥ ২২ আমি বাজে কোতোয়াল হব

গ্ৰ**জ-জন্ম-ফুকারী ফি**রিব। ২৩

কিবা গুণ জানেন কিশোৱী। যাহে কোভোয়াল হল্যা হরি ২৪ তবে কোডোয়াল হল্য। প্রভু বনয়ারী। রাধিকার জয় খোবে কুঞ্জ ফুঞ্জ ফিরি ॥ ২৫ ভ্রমিতে ভ্রমিতে সবাকার **অদর্শনে**। রাধিলা আপন বালী ললিডা-বসনে 🛚 ২৬ তবে রাধিকার আগে কর যোড করি। নিবেদন করিতে লাগিলা বংশীধারী ॥ ২৭ वृत्मावत्मवि छन भाव निरवन्त । यात्र वश्नी हती कर्तित्मक कान पन ॥ २৮ শুনিয়া বিশাখা কহে মৃদ্র মৃদ্র হাসি। ভাল হল্য চুৱা গেল কুল-নাশা বাদী ॥ ২৯ **এবে কুলবতী**কুল মান-রক্ষা হবে। গুহে থাকি নারী মন স্থাপে ঘুমাইবে ॥ ৩০ কিশোরী কছেন সবি ভাল না কছিলে। রাজ্যের অখ্যাতি হবে এমন করিলে ॥ ৩১ ললিতা চতুর-মতি, কন বংশীধারী প্রতি, তুমি নিজে কোভোয়াল হয়া। নিজে নারি রাখিবারে, রাজ-জাগে কি প্রকারে, এ কথা কহিছ লাজ খালা ৷ ৩২ মালো মালো মোরা মরি ধাব এই লাজে। রাজার অধ্যাতি হবে, সঙ্গি সব দোৰ পাবে. হেন জন ব্লাখিলে এ কাজে ॥ ৩০ কহিছেন কণীধারী, রাজ-প্রিম্ব-জনে চরি, যদি করে রাজ-বিদামানে। কোটাল হইতে ভার, কি হইতে পারে আর, বা**জ-অতো নিবেদন বিনে॥ ৩**৪ তুনি বাণী রাধা কন, সখী সব এ কেমন, করিলেক কেবা এই কাজ। শুদ্দ বাশ এক পাব, হরি কি হইল লাভ. সকলেরে দিল মহালাজ। ৩৫ কিশোৱার কথা গুনি. কংহ সব সধী বাৰী, মোরা কিছ বাদীর না জানি। याशास माम्बर करत. कालान पतिवा आत. ় দেখুক আপন রহ বানি । ৩৬ মোর চুষ্ট মন, म्राम्बर् क्वरम् मृद्य ।

ভাহার প্রভাষ, ধে করিলে হয়, ভাহাই করিতে হবে॥ ৩৭ মন শক্ষা করে, ঠাচুলী ভিতরে, বালী বাথিয়াছে কেই। প্রকাশ করিয়া, অভএগ ভাহা. আমারে প্রতায় দেহ। ৩৮ ললিভা বলয়ে ভাহাই করিব, বাজারে জিন্দাসি আদি। উঠিতে পড়িন, এতেক কহিয়া, বসন হইতে বালী।। ৩৯ তবে কন গ্ৰাম, (मर्थ (मर्थ कांग, वुन्मावन-भरानेश्ववि । ইহার ধেমন, কর আকাপন, দশু হয় সুবিচারি॥ ১০ কিঞ্চিত কুণিতা, কংহন ললিভা, ক্ষন ক্ষম মহারাণি,। **(कांग्रेगन-कशरहे, ' नीनी रमात शरहे,** রাখিছিল এই মানি॥ ৪১ यिन ना बानर. ভবে আজা দেহ, উহাত্রে শাসন করি। **কিশোরী সম্প্রতি.** কক্ষক শপতি, ভোমার **চরণ ধ**রি ॥ ১২ তাহ। শুনি ভাল ভাল বলি। क्रमाइम कति, हिन्दिन वरनीयाती, দিব্য করিবারে কুতৃহলী। ৪০ **डाइं। त्र निकर्छ (मधि, जनकिंड मनियूरी** निष्क अन ठाटकन रमता তথাপি বলেতে হরি, তাঁহার চরণোপরি, निष क्र पिना स्थिम् । 88 দে পদ-পরশ-হথে, বচন না ক্রে মুখে, কম্পিত হইলা বনমালী। তাহা নেধি সধীগণ, অতি আনন্দিত-মন. হাত করে দিয়া করতালী॥ ৪৫ मनिज। करहन वानी, (पिश्ला (र महावानि, ধর্মবল আপন পোচরে। भूत्व वाका नाहि कृत्व, कम्म इम्र करनवरत्र, অবার্ত্মিক কোখা দিবো তরে॥ ৪৬

মোর নীতি অনুসারে, করি এবে প্রতীকারে,
কিশোরীর আজ্ঞা অনুসারী ॥ 5 ৭
কহিতে কহিতে কেহ লইল মূরলী।
কেহ মন্তকের চূড়া লইতেছে খলি ॥ ৪৮
কেহ কাঢ়ি লয় মূলা মালা গুলাহার।
উত্তরীয় লয় কেহ করি বলাংকার ॥ ৪৯
তাহা দেখি হাসিয়া গ্রীরাধারানী কন।
কথী সব মোর আগে অক্সার কেমন ॥ ৫০
কা হইতে না হইতে রাজ-আজ্ঞাপন।
কা মনুচিত হয় দণ্ড আচরণ ॥ ৫১
কথী সব কহে এত বড় অবিচার।
কাজা হয়া চোর-পক্ষ করয়ে স্বীকার ॥ ৫২
আতএব এখানেতে পাকা অনুচিত।
কা চলা যাই মোরা অক্সত্ত তুরিত॥ ৫০
এত কহি কিশোরীর বদন চাহিল।

**স**কলে বাহিরে গেলা হাসিয়া হাসিয়া॥ ৫৪

তবে নিব্লজন দেখি।

व्यक्त प्रशी केटह छाल, इंहेग्नाट्ड (काट्डावान,

मिथा। भव-व्यवशाय-काती।

রাই-সিংহাসনে, উक्रियां विमना. वनमानी रक्षा स्थी॥ ०० ভবে প্রেমময়ী, প্রেমে গদ গদ, কহিছেন বদ-বাজে : নাগর এ কাজ, করিয়া আমারে, प्राहेल महानाटक ॥ ०७ ক্**হি**ণে স্কলে, এমত রুম্বী, না দেখিয়ে ত্রিন্দগতে। নিজে রাজা হয়া, কোটাল করুয়ে, আপনার প্রাণনাথে # ৫৭ কন বনম্বারী, তান হে স্থানারি, ভোমার পিরিভি রুসে। বশ হয়া আমি, रय नौना कब्रिय, তাহে কোন জন হাসে॥ ৫৮ এমন পিরিভি, জগত-ভিতরে, আছম্বে কোথা বা কার। এ नात्रि ইहात्र, উপমার স্থান, থাকিবেক কোথ। আর। ৫৯

কিশোরা-চরণ, করিয়া শরণ,
শীরত্নন্দন তথে।
সাধা-মাধ্যের, প্রেমের উপমা,
নাছি শার্মা-নারায়ণে। ৬০
ইঙি শ্রীসী ভ্যালনারাং রাধা-রাজ্য-বর্গনং
নাম ব্যাড়বং গ্রন্থন্য। ১৬।

#### সপ্তদশ গ্ৰন্থন।

অথ চছন্নাভিসার।

একদিন লোৱা বিজ্ঞমণি।
সৌরীগালে কহিছেন বাণী॥ >
ছহ কহ কহ হে বাকৰ।
দি করিয়া পাইব মাবব॥ ২
না পেবিজে পাইয়া হাঁচারে।
নাহি পারি প্রির হইবারে॥ ৩
না দেখিয়া পে চালবদন।
রুখা দিন কররে গমন॥ ৪
গদি কিছু থাকরে উপায়।
কহি প্রির করহ আমায়॥ ৫
শ্রীবন্দন নিবেদয়।
এ ভাব কে বৃদ্ধিতে পারয়॥ ৬

একদিন বন্দাবনে ভ্রমিতে এমিতে।

বনমানা প্রবাধের লাগিলা কহিতে॥ ৭

সরা আজি এই তিন দিন রাধিকায়।

কেবিজে না পাই মন আফুল চিন্তাধ॥ ৮

ভনিরাছি রোধ করি জটিলা ভাহারে।
রাধিরাছে নাহি দেশ্ব বনে আদিবারে॥ ৯

কিন্তু ভারে নাহি দেশ্ব বিন আদিবারে॥ ৯

কিন্তু ভারে নাহি দেশ্ব স্থির নহে মন।

অত্রব কর কিছু উপায় রচন॥ ১০

এত ভনি ভাল বাল স্থল চিললা।

বাইতে বাইতে পথে ভাবিতে লাগিলা॥ ১১

আমি রাই বেশ ধরি রহিব ভবনে।

মোর বেশে ভারে পাঠাইয়া নিব বনে।

হবারা পাইয়া সবাং প্রী হবে চিতে।

হপোরা পাইয়া সবাং প্রী হবে চিতে।

১

এত ভাবি গিয়া কিছু দর।
নিজ বেশ করিলা মধ্র ॥ ১৪
নাল পাগ বাজিলা মাধার।
নাল ভাগা পরিলেন গার ॥ ১৫
কমলের মালা পরে পরে।
গরিলেন বৃক্তের উপক্রে॥ ১৬
সব অস্থ্র অচ্ছোদন করি।
লইলেন বিচিত্র উত্তরী॥ ১৭
তবে গিয়া জাটলার খারে।
আরন্তিলা কহিতে ভাহারে॥ ১৮
কিলোরীর জননী খানায়।
পাঠাইলা পৃছিতে ভোমার॥ ১৯

ন্তনিয়াছি মোর কপ্তা হুই তিন দিন। হয়া আছে শয়ন-ভোজন-পান-হান ॥ ২০ অভএব পুরলেরে করিয়ে প্রেমণ। কহিবে এ সকলের তুমিহ কারণ॥২১ कांद्रेमा कररा भव क्या भन्न रहा। িকিন্তু ভার কারণ আমার বেদ্য নয়॥ ২২ তুমি গিয়া ঙ্গিজ্ঞাসা করহ রাধিকারে। যদি কহে ভবেই পারিবে জানিবারে॥ ২৩ তবে শ্রীপ্রবল গেলা রাধার ভবনৈ। তাঁরে জিল্ঞাগেন রাধা উংক্তিউ-মনে॥ ২৪ সুকল বলহ কোথা আছেন নাপর। ্ করিছেন কিবা তাহা কহরে সভর॥২৫ দাসীরে করেন মনে ব**রজ কিলোর**। কহ কি লাগিয়া এখা আগমন ভোর॥ २५ মুরল কংহন রাই, ভোহে না দেখিতে পাই, সধা যোর বড়ই **কা**ডর। উপেথিয়া গোচারণ, স্বা সঙ্গে বিহুরণ, ভ্রমে সদা বনের দিতের॥২৭ বিহরুরে তোমা সনে, স্বা ষেই ষেই বনে, তথা তথা করিরা গমন ৷ দেৰিতে না পাই ভোহে, নম্বন চাকমে লোহে, নিখাস ছাড়য়ে খনে খন ৷ ২৮ সম্প্রতি সে বুন্দাবনে, থাকিয়া চুবিত মনে, 🧸 পাঠাইলা মোরে ভোগে নিজে। অভর্ত্রীব একবার, কর তুমি অভিসার, সাম চান্দে ক্ষতি করিতে। ২৯

वाधिका करहम मचा, मा भारे छाँराव प्रथा, আমিহ মরমে আছি মরি। শাশুরী রাক্ষদী ঘারে, বসি আছে কহ তারে, ভূলাইৰ কিবা যুক্তি করি॥ ৩০ সুবল কছেন ধনি, • মোর এই বেশ খানি, ধরি তুমি দাসী সঙ্গে নিয়া। বুঝাইছু রাধিকারে, কহিয়াছ অটিলারে, ভোজন করিবে স্থাধিছিয়া॥ ৩১ আমি ধরি তব বেশ, গৃহে করি পরবেশ, থাকিয়া করিব সব কাজ। আমি,নিজ-বেশ ধরি, ত্মিহ আইলে ফিরি, কিশোরি যাইব বন-মাজ॥ ৩২ তবে ভাল বলি রাধা গেলা গুপ্ত দেশে। দার্দী-পরিবৃত্তি করি দিল চুহুঁ বেশে॥ ৩৩ কিবা পরিপাটী বেশ হইল দোঁহার। ভাঁহাৱাই যা দেখি পাইলা চম্থকার॥ ৩৪ তবে শ্ৰীরাধিকা দ্বারে করিয়া গমন। **छिनादा कहिएड नाशिना এ वहन ॥ ७**० পুছিত্র আমিহ রাধিকারে সব কথা। ক্হিলেন আমার,শরীরে ছিল ব্যথা॥ ৩৬ আজি হইয়াছে দে সকল অবদান। অভএৰ করিব ভোজন স্নান পান॥ ৩৭ পুনণ্ড ভোজন কালে আমিহ আদিব। ধদি নাহি ভুঞ্জে তবে কহি ভুঞাইব ॥ ৩৮ এত কহি তিঁহ যবে পরাণ করিলা। এकतामी कुछ कैर्स भन्ठाट ठिलिला॥ ०৯ ক্রংম ক্রমে হুই জনে গেলা বুন্দাবনে। বরজ্ঞকিশোর দেখি ভাবিছেন মনে ॥ so একি একা আদিতেছে স্থা বুঝি পায় নাই তার দেখা॥ s> অথবা জটিলা আছে খারে। পারে নাই প্রিয়া আদিবারে॥ ৪২ कि इष्टेर्स कि कदिव श्रम । মন দ্বির করা নাছি যার # ৪৩ काष्ट्र (सथि करदम विकन । कि एडेन करात्र प्रदन ॥ ८८ কেন না আইল মোর প্রিরা। ভাহা বিনে স্থির নহে হিয়া ॥ se

কৃষ্ণ-কথা কিশোরী শুনিয়া। কহিছেন কপট করিয়া॥ ৪৬ शिवन्त्रा कृतिनाम व्यत्नक राजन। না পারিত্র করিতে রাধারে আনম্বন ॥ ৪९ তাঁহার শান্তরী আছে বদিয়া হুয়ারে।। না পারিল আসিবারে কোনহ প্রকারে বিচ यनि कर उत्त हन्तावनौ व्यानि तिया। विनाम क्रवर व्याखि जात्त्ररे नरेशा ॥ क्र শ্রীকৃষ্ণ কহেন সধা সুধার পিয়াস। চুদ্ধপান করিলে কি পায় কভু নাশ।। ৫০ কি করিব রাই-অঙ্গ পরশ বিহনে। স্থির করিবারে নারি আপনার মনে॥ ৫১ এত কহি ছল ছল যুগল নয়ন। নিশ্বাস ছাড়েন ব্রজ্ঞকিশোর সখন॥ ৫১ কিশোরী কহেন পুন, সধা মোর কথা তন, রমণীর বেশ ধরি তুমি । যদি খাও মোর সনে. . রাধিকার নিকেউনে, তবে মিলাইতে পারি আমি॥ ৫৩ कद्रिया चामिर खारे, শ্ৰীক্ষ্ণ কংহন ভাই, নারী-বেশ ধরা কোন কর্ম। যা করিলে পাই প্যারা, ভাহাই করিভে পারি, এই মোর জ্বন্ধের মন্ম। es রসিকের শিরোমণি, কহিয়া এতেক বাণী. धवित्मन व्यन्तेत (वर्म । করি মৃত্ মৃত্ হাসী, দেখি রাধিকার দাসী, - কহিতেছে বচন বিশেষ।। ৫৫ (धन थाँड हमःकात्र. হল্য বেশ দোঁহাকার, তেনই হইবে বুলি কাম । অবস্থান মোদবার, অত্তর এখা আর, (यात्रा नदश यादे निष्ण-धाम ॥ ৫७ এত কহি সে কিন্তরী, অানিবারে পেল বারি, কৃষ্ণ বৃধি ভা**হার বচ**ন। हम्रा चाननिष्ठ-यन, कति गृष् चानित्रन, किलाबोद्ध कदबने हुन्दन ॥ ८१ নিকুঞ্-ভিতরি তবে বেদীর উপন্নি। বসি বাধিকার প্রতি করেন শ্রীহরি । ৫৮ প্রিমে আজি ফেন বেশ হয়াছে দোঁহার। ৰুক্তিতে হইবে ভচুচিত ব্যবহার। ৫১

ক্মলবদনি মোরে বাম দিকে করি। বস বাত্রদিয়া মোর শ্বন্ধের উপরি ॥ ৩০ আর আর যত কর্ম আমার আছয়। मि प्रत कतिवा जुहै करार ज्लाव॥ ७> कुफवानी स्त्रिन कुफ-षाद्वमानिनो बारे। কহিলেন যাহা কৃষ্ণ করিলা ভাহাই॥ ৬২ পরে কহিছেন রাধা হয়। ভীতমন। কিরপে করিব বন্ধু-গৃহেতে পমন॥ ৬০ দেব মোর বেশ সব হইয়াছে হত। করি দাও তুমি মোর বেশ পূর্বমত॥ ৬৪ সুবল আছরে মোর বেশ ধরি মরে। এই বেশভূষা দিতে হইবে ভাহারে॥ ৬৫ তবে কৃষ্ণ নিজকরে সানন্দ হইয়া। किल्माद्रीत পूर्कारवम मिल्मन कत्रिया ॥ ७७ হেন কালে জল নিয়া আইল কিন্ধরী। রাধিকা চলিলা বরে ভারে আগে করি॥৬৭ ধারের পাশেতে বসি আছরে জটিলা। তারকাছে গিয়া তারে পুছিতে লাগিলা। ৬৮ রাধিক। কি করিভেছে জানহ আপনি। ব্যানিবারে পাঠাইলা ভাহার জননী ॥ ৬৯ জাটলা বলম্বে আজি আছে সুস্থমন। তুমিহ সেধানে গিয়া করহ দর্শন॥ ৭০ তবে রাধা প্রবিষ্ট হইয়া নিকেতনে। (वन **পরিবৃত্তি কৈলা স্থবলের সনে**॥ १১ তবে সে সুবল জটিলারে সম্ভাষিরা। কিশোরীমোহন-সঙ্গে মিলিলা বাইরা॥ ৭২

ইতি জীগীতমালায়াং চ্ছেন্নাভিদার-বর্ণনং নাম সপ্তদশং গ্রন্থনম্॥ ১৭ ॥

# অফীদশ গ্রন্থন।

ष्यं नान-लीला।

একদিন পোরাচান্দ হ্রম্থনী-ডটে।
দানলীলা করিছেন খাটের নিকটে॥ ১
কদম্বভক্রর ডলে জিল্ফ হইরা।
শাড়ার্যা কছেন পুরনাগরী দেখিয়া॥ ২

কোখা বাও ভোরাসবে বার দোলাইরা।

খাটের উচিত দান আমারে না দিয়া ॥ ৩
আমি খাটোরাল হইরাছি এই খাটে।

দান নাহি দিলে যাত্যে না দিব এবাটে॥ ৪
শ্রীরবৃনন্দন করে হয়া জোড়কর।

ব্রেলের গোপিকা নহে কে দিবে উত্তর॥ ৫

এক দিন পরভাতে, সব সহচর সাঁতে,
পোষ্ঠগমনের ক্লেশ করি।
শিক্ষাবেণু বাজাইয়া, গোমহিবর্ধ নিয়া,
গোষ্ঠ-যাত্র। করিলা শ্রীংরি ॥ ৬
শুনিয়া বেণুর ধ্বনি ধত গোপ-দিমন্তিনা,
করিবারে কৃষ্ণ-দরশন।
উপেধিয়া গৃহকাক, ধৈরধ ধরম লাজ,
পথধারে কৈলা আগমন॥ ৭

দেখি তারা ব্রজরাজ,- নন্দনের রূপসাজ, প্রেমানন্দে হইলা মগন। স্বস্তিত হইলা কেহ, কাপিতেছে কারো দেহ, কারো অঞ পড়ে কণ কণ॥৮ শ্ৰীরাধিকা সধী-সাঁথে, উঠি অটালিকা-মাথে, नित्रविद्या यत्नामा-नन्मन । পুলকিত গণ্ডখল, ভাহে গলে অঞ্জল, খেদ-জলে ভিজিল বসন॥ ১ তাঁহারে মোহিত দেবি, চতুরা বিশাখা স্থী, তুই ভূজে তাঁহার ধরিয়া। অনুতের ধারা জিনি, ক্রেন মধুর বাণী, कित्नावीत्याष्ट्रत (प्रशाहेश ॥ >० দেধ সধি নয়ন ভবি নাধে। বেণু ধরি ধেনুগণ, পাছ চলিয়া তাঁহে, রক্ষ করি সঙ্গিপণ সাঁথে॥ ১১ সেহ জিনি দেহখানি, তঁহি ঝলকে লাবনী, নির্থি বাহা নীলমণি লাজে। हर्व कवि **পू**र्व विषु, अर्थ-ऋष-याधुवी, 🔮 দেখি ৰাহা কমল ভন্ন ভাজে 🛭 ১২ পদাকতি সমাদিতি, বন্দ উহি চাহনী, কাল ফণিরাজ ভুক্ন ভাঁতি।

ভাল তল বালশলি- ভিলক ফুচি বাজ্যে, বিশ্বফণ-সম অধর-কাভি॥ ১৩ শুভকুল-দশুহর, বাছবুগ দোলয়ে, গোপবধু-**ধৈরবগরাসী**। পীন উর খীনতর, মধ্যতমু কেশরী, উরু করি-শুগু-মদ-নালী॥ ১৪ वर्ग मध्य वर्ष भछे, भार छेभाति मध्ये, शत वनमान छेत्र (नारम । একি সথি কেকিণল, চুড়াপরে শোভই, মন্দগতি প্রন মৃদুলোলে ॥ ১৫ রঙ্গি কত ভঙ্গি করি. **अनक्रमम ठाम**हे, মত্ত গজ বৈছে খোরি খোরী। ধর্ম কল-কর্ম সব, এহী চরণে দিয়া, শরণ নিল গোকুল-কিশোরী ॥ ১৬ জ্রীরাধিক। বিশাখার বচন ভ্রনিয়া। কহিছেন প্রেমানন্দে কান্দিয়া কান্দিয়া॥ ১৭ ধরণী জন্মিল এখা কি পুণ্য করিয়া। থোর বন্ধ যায় যাতে নাচিয়া নাচিয়া॥ ১৮ নপুর হ্যাছে সোণা কি পুণা করিয়া। বন্ধর চরণে ধায় বাজিয়া বাজিয়া ॥ ১৯ বনমালা হল্য পূর্ণে কি পুণ্য করিয়া। वस्त्र देरकर७ यात्र दुलिया दुलिया॥२० মুরলী হইল বাশ কি পুণা করিয়া। বাজে ও অধ্যানত ধাইয়া খাইয়া॥ ২১ এ সকল সথা হল্য কি পুণা করিয়া। शाहेट्छ वक्षत्र जन्म (थिनश्च। (थिनश्च। ॥ २२ <u>জীরঘুনশ্বন রটে ছুপাণি জুড়িয়া।</u> এ সব না জানা যায় ভাবিয়া ভাবিয়া॥ ২৩ সখি বে চরণ. করে পরশন, করিতে ভরাই মনে। ২রণী উপরি, (म हन्नर्ग क्रि. **চলিভেছে ও কেমনে ॥** २८ यक्ति ना शांकिछ. এখানে অহিত. কোনো জন মোসবার। এ তদ পাতিয়া, দিতাম ও পিয়া, চলিত উপরি ভার॥ ২৫ **मित्रो**ध्यत्र पृत्व, হইডে মৃতুল, বন্ধুর এ ততুবানি।

রবির আতপে, পাইতেছে তাপে, এই আমি মনে মানি ॥ ২৬ কুপা করি বিধি, বদি দের সিধি, সবরপ ধরা যায়। তবে মেম্ব হয়াা, আকাশে উঠিয়া, বদ্ধরে করিগা ছায়॥ ২৭

কর দরশন, বজুর বদন,

থাম কণ কণ গলে।
এই হয় হিয়া, নিকটে বাইরা,
গোঁছাইরে পটাকলে॥ ২৮
রাই এই মতে, কহিতে কহিতে,
প্রেমেতে মগন মনে।
কিশোরীমোহন, বনে প্রবেশন,
করিলেন সংগদনে॥ ২৯

বন্ধে গিয়া এ।পাম কহেন দামোদরে। ইচ্চা আছে সথা আজি গেঁডু থেলিবারে॥৩০ ভাছাতে যে জন যার নিকটে হারিবে. সে ভাহারে খোড়া হয়া পুঠেতে বহিবে॥৩১ তবে তারা সকলেতে হয়া একমন। আর্ণ্ডিলা আনন্দেতে কলক খেলন ॥ ৩২ বিচিত্র স্থন্দর হাতা ধরি ধরি করে। গেঁডু ফেলাফেলি করিছেন পরস্পরে॥ ৩৩ তাহে যে যে নাহি পারে গেঁডু ফিরাবারে। নে সে হারি পিঠে করে নি**জ খেলুয়ারে ॥ ৩**৪ লাফিয়া লাফিয়া যায় বোডার সমান। নানাস্থানে ফিরি পুন আস্তে সেই স্থান॥ ৩৫ এইরপ বিছুকাল করি গেঁডু খেলা। সকলেই অভিশয় শ্রমযুক্ত ভেলা॥ ১৬ তাহা জানি সখা সব পশ্বব পাতিয়া। শ্যা বিরচিলা রাম শ্যামের লাগিয়া ॥ ৩৭ এীর বৃনন্দন পুষ্প তুলি আনি বনে। বিছাইয়া দিল তুই প্রভুর শয়নে 🛚 👐 দেখি ন্ৰ্যুন-গ্ৰাম, শয়ন করিলা রাম, বসি ভার ঐচরণ তলৈ

আপন উরুতে রাখি, **উার পদ মহাত্র্**ণী, সেবিছেন নিজ-করতলে ॥ ৩১

किया स्मार्त्र कृष्ण-लीला। নাহি ধার সম কেহ, সকলের সেব্য থেই, সেহ বাম-চরণ সেবিলা # ৪০ ভাষা নিবীকণ করি. নবীন পল্লৰ পরি, সখা সব করয়ে বীজন। সুখের উদয় ভেল, তবে শ্রম দরে পেল, ব্ৰামে কৈল নিদ্ৰা আকৰ্ষণ # ৪১ ভার নিজা দেখি হরি, পদ রাখি ধীরি ধীরি, কহিছেন গোপাল-সকলে। তোরা থাক এই স্থানে, আমিহ ভ্রমিব বনে, मग्रा वहे पूर्व खेळ्डल ॥ ४२ এড কহি নটবর, সেই তিন সহচর, সঙ্গে করি কিছু আগে গিয়া। কহিছেন তা সবারে, কহ আজি বনান্তরে কিশোরীরে পাব কি করিয়া ॥ ৪৩

শ্ৰীমধুসঙ্গল তবে কহিছেন ভাঁয়। ্ডন স্তন স্থ। কহি ইহার উপায়॥ ৪১ ঘুত লয়্যা যজ্ঞালে করিতে অর্পণ। শান্তর ক্রন্তেতে রাধা করিবে গমন ॥ ৪৫ ষ ত্রব এই স্থানে থাকহ দাঁড়।ই। অবশ্যই দেখিতে পাইবে তবে বাই ॥ ৪৬ শ্ৰীকৃষ্ণ কহেন হল্য বড স্থসন্ধান। সাধিব রাধার স্থানে এই সাঁই দান ॥ ৪৭ এখানে জীরাধা পৌর্বমাসীর আক্তায়। যুত লয়া যাত্রা কৈলা যড়ের শালায়॥ ৪৮ কিছু দুর পিয়া িতহ কৃষ্ণ দেখিবারে। উংক্তিত হইয়া কহেন ললিভাৱে ॥ ৪৯ স্থি শুনিয়াছি এই বনে নটবর। স্থা সঙ্গে বিহার করেন নিরস্তর 🛚 🗸 ० আমি বুঝি মোর কোনো কুকর্ম্মের ফলে। षारेत्रन नारे षाखि वक् धरे श्रल॥ १५ ষদি নাহি পাই এখা ঠাঁর দরশন। তবে রুখা হবে শ্রেম করি আগমন # ৫২ **শ্রীরবৃনন্দর্ন কছে স্থির কর মনে**। এবনই দেখিতে পাবে নিজ বছজনে॥ ৫৩ কহিতে কহিতে হরিকে নির্থী। রুষভাত্র-ত্বতা কহিছেন সুখী। ৫৪

नित्उ मिथ (१४ कम्म-एता। নব মেম বিরাজই নাহি চলে ॥ ৫৫ থির বিচ্যত-দাম বিলাস করে। পরিপূর্ণ পুরন্দর-চাপ ধরে 🛚 ৫৬ বকপাতি বিরাজই দেখ এখা। নিরিরাজ-তটে খির ধার যথা॥ ৫৭ শুন গৰ্জই চাফু গভীর রবে। রঘুনন্দন দাস কি আর কবে॥ ৫৮ শ্রবণ করিয়া এত রাধার ভারতী। হাসি হাসি বিশাধা করেন তাঁর প্রতি॥ ৫৯ রাই কোথা দেখিতেছ তুমি জলধর। জলধর নহে এত হয় মটবর॥ ৬০ সৌদামিনী বলি যাবে কবিছ মনন । সেহ ভাহা নহে কিন্তু ভাহায়ী বসন॥ ৬১ हेम्स्पन विन शास्त्र कविन वर्गन । তাহা নহে শিখি-পুচ্ছ মুকুট শোক্তন ॥ ৬২ বকপাতি বৃদ্ধি যাহে ইইছে ভোমার। সেহ তাহা নহে কিন্তু মুকুতার হার॥ ৬৩ যাহা শুনি মানিতেছ মেখের গর্জন। ভালা নহে কিন্তু হয় মুরলী-মিম্বন॥ ১৪ কিশোরি ভাবিতে ছিলে যাহার লাগিয়া। বিধি কুপা করি দিল ভাহাই আনিয়া॥ ৬৫ कृष्य विन जानि दाहै, व्यनिशिध निर्देख हाहै, আনন্দেতে হইলা স্বস্থিতা। আঙ্গে পদ নাহি চলে. অঙ্গ ভাগে বেদজলে, তাহা দেখি কহেন ললিতা.॥ ৬৬ রাই তুমি কারে কর ভর। আমি আছি ভোর কাছে, আন্ত মোর পাছেপাছে কার সাধা ভোমারে কি কয়॥ ৬৭

আমি আছি ভোর কাছে, আন্ত মোর পাছেপারে
কার সাধা ভোমারে কি কয় ॥ ৬৭
এত কছি আগে পিয়া, ধান বাহু দোলাইয়া,
তার্র পাছে ধান সধীপণ।
ভোহা দেখি বটুরাজ, জানিয়া ক্রফের কাজ,
কছিছেন কর্মশ বচন ॥ ৬৮
মূর্বপোপী কোথা যাও, পথ পানে নাছি চাও,
্র আগে বসি আছে মটুরাজ।
না দিলে উচিত দান, পাইবে না পরিত্রাণ,
ব্রিয়া করহ সব কাজ ॥ ৬৯

लिका करवन रागे. এখানে कथरना मानी. নাহি দেখি না শুনি প্রবণে। কে দিল এ অধিকার, দান দিতে হবে কার, स्ति छाहा वनह वहता ॥ १० **্রীকৃঞ্চ কহেন বাণী, মোর এই স্বাট্থানী,** নিয়াছেন ভূপতি মদন। এই পথে যে চলিবে, ভারী শ্বানে দান পাবে, যোগামতে কিশোরীমোহন ॥ ৭১ রাধিকা কহেন পথে করিলে পমন। দান লাগে কি কারণে কছ বিবরণ ॥ ৭২ শ্ৰীকৃষ্ণ কছেন পথে ভারযুক্ত জন। পমন করিলে হয় পথের ভঞ্জন॥ ৭৩ ভোমাদের মাথে দেখি ঘডের গাগরী। গায়ে যত অলক্ষার গণিতে না পারি॥ ৭৪ নিওম্ব কুচের ভার নহে পরিমাণ। এ লাগি লাগিনে ভোমাদিলে বহু দান ॥ ৭৫ বিশাখা বলেন পথে হাতী খোডা যায়। नात्री मंत्रीरतत्र मान छाट्य ना गुत्राध्व ॥ १७ থেই বন্ধ বিক্রেম্ব করিতে সম্মা যায়। ভারী কিছু দান খাটে খাটিয়াল পায় ॥ ৭৭ মোরা ত না যাই কিছু দ্রব্য বেচিবারে। যজে ঘত দিতে যাই ধর্ম করিবারে ॥ ৭৮ ইথে আমাদের স্থানে পাইবে কি দান। কিশোরীমোহন তাহা কর অভিধান ॥ ৭১ হাসিয়া কহেন বনমালী। কোথা ধর্ম ভোদের গোয়ালী ॥ ৮০ ঘত দিয়া নাও অলকার। এত হয় বাণিজ্ঞা প্রকার ॥ ৮১ · অতএব ভোমাদের স্থানে। অবশ্য পাইতে হবে দানে ॥ ৮২ রাখা কন কি ভোমার দান। কহ শুনি করিব বিধান ॥ ৮৩ हानिया करहन वश्नीधाती। এই ভাল রুদাবনেশরি ॥ ৮৪ দান খন কহি নীতি মতে। এক টাকা **এক ভোলা** ছতে। ৮৫ কুত্তে ঘুড বোল সের রয়।

' সেরে চতুঃষষ্টি টাকা হয়। ৮৬

মিলিয়া হইবে যত দান। তাহা শুন করি প্রবিধান ॥ ৮৭ দশ শত চবিবশ সংখ্যান। একেক অনের হবে দান # ৮৮ শ্রীরঘুনন্দন কছে প্যারী। মূল হতো দান হলা ভারী॥৮৯ ললিতা কহেন ধূর্ত্ত এই দান দিব। কিন্তু ভোমান্থানে কিছু মোরাও পাইব॥ ১০ তাহাতে যদাপি তব নাহি হয় শোধ। তবে অলকার দিয়া করিব প্রবোধ॥ ১১ বুন্দাবনেশ্বরী রাই কছিলে আপনে। ভোষার গোধন চরে সেই রুন্দাবনে। ৯২ ভোজা মত রাই কভু কহে না অক্তায়। এক গোয়ে এক কড়া করি কর চায়॥ ১৩ অসংখ্যাত-সংখ্য হয় তোমার পোধন। শুন এবে ভার কর করি নিরূপণ। ৯৪ পরার্দ্ধ পর্যান্ত আছে অক্ষের সংস্থান। ভাহারী কহিয়ে আগে করের সংখ্যান ॥ ৯१ টাকা পাঁচ শব্দ আর অষ্ট মহাপদ্। একটী নিথর্ক হুই থর্ক পাঁচ পদ্ম। ১৬ ইহার পরেতে যত হইবেক কর। কিশোরীমোহন ভাহা করহ গোচর॥ ১৭ ল**লিভার বাণী**. শ্রবণ করিয়া, হাসিয়া কহেন রাই। পরার্দ্ধ পর্যান্ত, যত কর হল্য, গণি গণি লহ তাই॥ ১৮ ইহার পরের. আর যত কর. ছাড়ি দাও দয়া করি। মূৰ তকাইল, (पर्य षष्ट्रेशान, কর তনি হরি হরি । ১১ শ্ৰীমধুম্মল, ক্ৰেন কানাই, দানে **ভার কাজ শাই**। व्य व्य भरव. चालना नहेगा. भगारे**त्र पश**्रीहे । ১०० লাভ করিবারে, मान चांछे कवि. নিজে লয়া টানটোনি। কি করি শোধিবে. ध क्रिय मात्र. . তাহা আমি নাহি জানি # ১০১

সধাধে কহিলে; শ্ৰীকৃষ্ণ কংহন, তাহা মিছা নাহি ভার। কিশোরীর কাছে. আপনারে দিয়া. (नाविव करत्रत्र भाषा ॥ ১०२ ক্ষেত্র বচন শুনি, **बीताधिका** ठीकुत्रानी, কহিছেন হসিত-বদনে। অতি অনুচিত কাজ, একি কহ ঘটৱান্ত্ৰ. মোর কাছে দিবে যে আপনে # ১০৩ পূর্বেষ ধাহা অক্সজনে, দিয়াছ স্থান্থির মনে, তাহা পুন দিবে কি করিয়া। परन्य श्रेम पिल, পুণ্য কিছু নাহি মিলে, ীপাপ ঘটে বরঞ্জাসিয়া॥ ১০৪ চন্দাবলী এই কথা, ভনিয়া পাইবে বাথা. আমি বা লইব কি প্রকারে। কহিথেক সৰ জন. রাধা হরে পর ধন. অয়শ হইবে এ সংসারে ॥ ১০৫ শ্রীরগনন্দন কয়, তব পর ধন নয়, কদাচিত এই নটরায়। কিন্তু পূর্নের ভোমা স্থানে, বিকায়াছে প্রেমপণে, কর শোধ না হয় ইহায়॥ ১০৬ বিশাধা কহেন রাই কি করিবে আর। দানাকেই নাও অনুরোধে মো-দ্বার॥ ১০৭ অক্তেরে দিয়াছে বলি যে কর সংশয়। সে দোৰ উহারী হবে ভোহে না ঘটর॥ ১০৮ **ब्रीमधूमकन कन स्वन एवन** । মোরা সবে বাই চল এবে অক্সম্বল । ১০১ ইহাদের হয়। গেল বিবাদভঞ্জন। আমাদের এথা আরু নাহি প্রয়োজন ॥ ১১০ এত কহি তাঁৱা সবে অঞ্চ ঠাঁই গেলা। শ্রীললিতা বিশাখারে কহিতে লাগিলা॥ ১১১ मानी পाইলেক मान बाहे পाईना करा। लाटर ज्यानिषठ स्या। यदितक पत्र ॥ ১১३: মোরা চল যজপালে সমর্পিরা হুত। দেখি নিয়া পাই ধৰি ভূমৰ কিঞ্চিত॥ ১১৩ এত কহি তাঁহারাও করিল। প্রমন। রহিল। কিশোরী আর কিশোরীমোহন ॥ ১১৪ রাধারে ষাইতে. উদাত দেখিয়া. करवं धरि कम इति।

একি কোণা ৰাও. প্রিয়ে মোরে শ্বাবি. वमा खानाशन कवि॥ ১১৫ বিকাইৰা আমি, ভোমার করেডে, হইলাম তব দাস। वत्न कुन जुनि, ভোমারে সেবিব, মনে যত আছে আল ৷ ১১৬ রাধিকা কহেন, একি কহিছেছ. প্রাণনাথ অনুচিত। এ সকল কথা. দাসীজন প্রতি. নাহি সাজে কদাচিত ॥ ১১৭ কোথা ভমি গুণ-র্ভন সাগর, পুরুষের শিরোমণি। গুণেতে বিহীন, কোথা আমি সব. অরসিক অভাগিনী 🛭 ১১৮ ত্মি মোর লাগি, পথের মাঝারে. হয়া বহিয়াছ দানী। এ সকল কথা. • কাছারে কছিব. মুখে না নিঃসরে বাণী॥ ১১৯ গ্রীরঘুনন্দন, কহে জোড় বর, ভন ভন ঠাকুরাণি। মোর প্রভু বশ, ভোমার প্রেমেডে, আমি ইহা ভাল জানি # ১২০ রসিক নাগর কন শুন রসবতি। ভোমারি বচন সব অফুচিত অভি॥ ১২১ কোথা তুমি রাজকন্তা অতি সুকুমারী। কোথা দরে আগমন শিরে কুন্ত করি॥ ১২২ আমারে দেখিতে পাবে করিয়া আশব। এত চুধ পাও তুমি একি সহু হয় ৷ ১২৩ এখন চলহ গিরি-গুহার ভিতরি। প্রম ঘুচাইব দোঁহে তাঁহ। বাস করি॥ ১২৪ এত কহি নিজ করে তাঁর কর ধরি। शिवि-खद्या-मार्क्स शिवा विभिन्ना **औरवि ॥ ১**२० তবে কাম-রুসে দেঁছেে আলায় পুরিলা। एन कारन मधी मद कितिया **आहे**ना ॥ ১२७ লিবি-গুৱা মানো দেখি কিশোরী-কিশোর। ঠারাও সকলে হল্যা আনন্দে বিভার ॥ ১২৭ ইতি প্রীনীতমালায়াং দানলীলা-বর্ণনং নাম

अञ्चामनः अस्त्रम् ।

# উন্বিংশ গ্রন্থন।

এক দিন গোরা কুতুরলে।
ধেলিতেছেন স্থরগুনী-জলে॥ >
ধেলিতে ধেলিতে দেখি তরি।
চঢ়িলেন গিয়া তচুপরি॥ ২
নিজ করে কেরুয়াল ধরি।
তরণি চালান মধে ভরি॥ ৩
মাঝেন্মাঝে কহেন হাদিয়া।
গোপি চঢ় আসি কড়ী দিরা॥ ৪
না দিবে খাটের যদি পণ।
তবে ফিরি করহ গমন॥ ৫
নিবেদয়ে ব্রীরবুনন্দন।
এ ভাব বৃনিবৈ কোন জন॥ ৬

क्रकानेन वर्षाकाल, वनमानी कुउरल, मद्रष्ठी नहीर्द्ध बाहेग्रा আনি নিঝরের বারি, তারে পরি পূর্ণ করি, বৈহিলেন ভরণি লইক্স॥ ৭ मक्रमार्ग् इड मिएड, महहत्रीशन माँएड, देमरे नत्थ व्याभिश किरनांती। দর হত্যে দেখি হরি, কহিছেন সহচরী, मकेलादा मत्याधन कति॥ ५ এकि मिर्शि निमीमाटक, নবজলধর রাজে, हित्र (जोनाभिनी अनक्य। কিবা-ইন্সধন্ম ভাতি, তাহে দোহে বৰপাঁতি, মৃত্যুত্ব গর্জন করব। ১ এই মেৰে করি বৃষ্টি, করিরাছে নদী পৃষ্টি, ডাহিতেছে কল কল রবে। ভোর। সবে অকুমারী, : বিশোর বয়স নারী, কি করিয়া ইহা পার হবে॥ ১০ विनार। वरणन मिर्म नव रमय नरह । नर जन-धत्र ग्राम ननी-मार्स त्रष्ट ॥ ১১ বিজুরী না হর হয় পীতবাস তার। বক পাঁভি নাহি হয় হুয় ভারী হার 🛚 ১২

ইন্দ্ৰবন্ত নহে শিধিপিঞ্চ চূড়া হয়। মেখের গর্জন নঙে মুরলী বাজর ॥ ১৩ রাধিকা কহেন স্বাধ নদীর মাঝারে। প্রাণ বন্ধ রহিয়াছে হায় কি প্রকারে ॥ ১৪ কল কল করি নদী ডাকে অভিশয়। দেখিয়া শঙ্কার মোর জাগর কাঁপায়॥ ১৫ লশিতা কহেন নাহি ভাব সহচরি। কালাটাদ রহিয়াছে নায়ের উপরি॥ ১৬ বিশোরি হয়াছে বড় ভাল মো স্বার। আই নামে চঢ়ি মোরা ধাব নদীপার॥ ১৭ त्रानीनिक तमि वः नीधाती । करिएहर कि हु छेछ कति ॥॥ ১৮ কুন্তুমাথে ভোমরা কে বট। • পারে যাবে যদি আশু বাঁটি॥ ১৯ শুনি তাঁরা তীরে আগ্রা হুথে। (१थि क्रमः व्यथ दिनना भूरश ॥ २० ল**লিতা কহেন ও কাণ্ডা**রী। ডাকি কেন মুখ কৈলে ভারী॥ ২১ ক্ষা কন এ নৌকার পণ। দিতে না পারিবে এ কারণ॥ ২২ রাধিকা কছেন ভাঙ্গানায়ে। পণ লাগে কভু না শুনিয়ে। ২৩ বরক পাইব মোরা প্র। ভাষানায়ে দিব যে চরণ ॥ ২৪ কিশোরীমোহন ইহা শুনি। प्रदेश मान महेश उत्ति॥ २० বিশাখা কংহন তব নায়ে কত প্ৰ। লাগিবেক ভাহা কহ করিয়ে শ্রবণ ॥ ২৬ ক্রম্ম কন মোর নারে ষেই পার হয়। আপন সমান সোনা ভাহারে লাগয়॥ ২৭ ললিভা কহেন যদি নায়ে এভ ধন। পাও ছবে গোচারণ বর্ব কি কারণ ॥ ২৮ ঐীকৃষ্ণ কহেন সোচারণে হেতু ধর্ম। ধন উপাৰ্জ্জন শাসি না করি সে কর্ম্ম ॥ ২৯ ললিতা কহেন ধর্ম্মে ব্লুভ ভব মন। কহ কোন ধর্ম হয় তরণি বাহন 🛭 ৩০ গোবিশ কংহন दिश देशव मकन। বিনা পণে পার কৈলে ধর্ম অবিকল ॥ ৩১

বিশাখা কংহন সভী জগতের মাস্ত। ইহাদিনে পার কৈলে হবে করপুণ্য 🛭 ৩২ এও ভানি হাসি কন কিশোরিমোহন। সভী হল্যে পার করি দিব বিনাপন ॥ ৩৩ ভূমি নাগরের বাণী, যত গোপ-সীমন্তিনী, হাসি হাসি নৌকাম উঠিয়া। গুডের কলসী রাধি, বাসলা হইয়া সুখী, কৃষ্ণ-মুখ-পদ্মে নেত্র দিয়া॥ ৩s হরি নদী-মাঝে গিরা কেরুয়াল গুরাইয়া কাপাইতে লাগিলা তর্ণী। নায়ের যুক্তী ছেরি, ভয়ে খর ধর করি, ক্ষে কন সকল রম্ণী ॥৩৫ অধিক না বহে বাত, নাহি কোনো অবঘাত, বেনে নাহি বহে তর্মজনী। ভবে কেন কাঁপে ভৱি. নাবিক যতন করি. স্তির কর নিজ নৌকা খানী॥ ৩৬ নাগর কহেন পুন, সবে মোর কথা শুন. এক পোষ আছে খোর নায়। व्यनजो यना नि हाल्न, उत्त এह वड़ नाल, এক **হাত আ**গে নাহি যায়॥ ৩৭ রাধিকা কহেন ভাষা, ললিভার বড আশা, ছিল এই নৌকায় চতিতে। তার ফল হল্য ভালী, জলে ডুবি প্রাণ গেল, क्लक्ष द्रशिक व्यवनी एउ। ०৮ পুন কন বনমালী, যদি ভোৱা সবে মেলি, नान कर्त्र औषपुर्वतः। ভবে ভোমা সহাকারে, পারি পার করিবারে, ঐকিশোরি করিয়া যতনে॥ ৩১ রাধিকা কহেন একি অমুচিত বাগী। নায়ে গান করে কোখা কলের রমণী॥ ৪০ বর্ক পরাণ যায় সহিতে পারিব। পুরুষের আগে গান করিতে নারিব ॥ ১১ বিশাখা কহেন সধি कি করিবে লাজে। পরাণ থাকিলে লাগিবেক বত কাজে ॥ ৪২ অভএব পান কৈলে যদি চলে ভথী। ভবে পান করা ভাল লাজ পরিহরি॥ ৪৩ কিশোরীমোহন-সুধ হইবে জানিরা পান আরম্ভিলা সবে বদন ঝাঁপিয়া। ১৪

জয় জয় হে মধুস্দন। ত্ব নাম বিপদ-নাশন ॥ ৪৫ মোরা ছোর বিপদে পডিয়া। ভোহে ডাকি কাতর হইয়া॥ ६৬ জলে পূর্ব নদী ভাঙ্গা তরি। শঠমতি চপল কাণ্ডারী॥ ৪৭ এ বিপদে বাইভেছে প্রাণ। ভূমি বিনে নাহি পরিত্রাণ ॥ s৮ তব নামে ভরমে সংসার। শুদ্র নদী তরা কোন ভার॥ ১৯ তুমি রগুনন্দনাবভারে। ভরায়াছ বিপদে সীভারে॥ ৫০ গোপীদের গানে কফ মোহিত হইলা। আপনি ভাগিয়া তরি ধারেতে লাগিলা॥ ৫১ বিশাখা কংহন সৃধি কিবা এ তর্মী। নাহি বহে কোনো মতে অসতী রমণী। ৫২ শ্রীকৃষ্ণ কছেন ভোক্স মো**র নাম করি**। শুদ্ধ হলো ভেঁই বহিলেক মোর ভরি॥ ৩০ ললিতা কহেন গোকু**লের স**ব **জন।** আসিয়া নয়নে দেখ औমধুসুদন॥ ৫৪ ডুবাইতে ছিল যেহ এই নারী সবে। সে মধুসদন না হইলে কেবা হবে। ৫৫ 🗐 ক্রফ কহেন এ বিচারে নাহি ফল। তর<sup>্</sup>র পণ দেও তোমরা **সকল। ৫৬** ললিতা কহেন মোরা শ্রীমধুস্দনে। ডাকি পার হইলাম আপনার গুণে। ৫৭ ভোমারী ইহাতে নাহি প্রম কিছু মাত্র। তুমি কি করিয়া হবে এ পপের পাত্র ॥ ৫৮ কিন্তু পার হইলাম চড়ি তব ওরি। ভাহার প্রসাদ কিছু দিবেক কিলোরী ॥ ৫১ শ্ৰীকৃষ্ণ কহেন, শালভা হে যদি, রাধিকা রুমনী পাই : **ए(वहे नहेव, स्वामिह ध्वमान,** আর কিছু নাহি চাই। ৬০ ললিভা কংহন, ভাহাই পাইতে, ৰ্ভ ভবি লয়া চল ভীৱে। ভাল ভাল বলি, শ্রীকৃষ্ণ তথন, ত্রপি লইলা ধারে 🛚 ৬১

তবে ক্রেমে ক্রেমে, কলসী লইয়া, नारमन जकन नात्री। রাধারে নামিতে. উদ্যত দেখিরা. वमत्न धविना दवि ॥ ७२ ় রাধিকা কছেন, একি অপস্তায়, কর বুবরাজ হয়া। সকলে ছাডিয়া, একলা আমারে, ধরি রাখ কি লাগিয়া॥ ৬৩ ঞীক্ত কহেন, নদী পার করি, প্রদাদ পায়্যাছি ভোরে। ইথে কিবা আর, বিবাদ করহ, পুছ मधी निनजात ॥ ७३ শ্রীরাধিকা কন, মোর কঠমণি, দিয়াছে ললিতা জানি। **७।इ नाउ पिर, श्वामाद्रा महेग्रा. ८क**न कर होनाहोंनी ॥ ७৫ শ্রীকৃষ্ণ করেন, কিশোরী স্থল্মরী, চাহি ছিন্তু পরসাদ। ললিভাও মোরে, দিয়াছেন তাই, ইথে আর কি বিবাদ॥ ৬৬ লশিতা কহেন সধি কলহ ছাড়িয়া। কিন্তু কাল থাক তুমি নৌকায় বসিয়া॥ ৬**৭** বঙ্গলালা হত্যে মোরা ফিরিয়া আসিয়া। তোমারে লইয়া যাব বিচার করিয়া॥ ৬৮ এত কহি তাঁরা সবে বজ্ঞলালে গেলা। শ্ৰীকৃষ্ণ রাধিকা প্রতি কহিতে লাগিলা ॥ ৬৯ প্রাণপ্রিয়ে যার লালি হয়াছি কাণ্ডারী। বিধি ঘটাইল ভাহা মোরে কুপা করি॥ १० অতএব চল অই বেডদী-কাননে। हाम-পরিहाम कति विभन्न निर्वहत्व ॥ १১ এত কহি তাঁর কর করিয়া ধারণ। (वजनी-कानरन इति कतिना अगन ॥ १२ তবে সেই কুঞ্জেতে বসিলা পুইজন। किर्णात्री करत्रन किছु कृरक निरंत्रम ॥ १७ প্রাণবন্ধু আমার লাদিরা। কর তুমি অনুচিত ক্রিরা। ৭৪ একি হয়া ব্ৰথমুগরাজ।

কুৰুৰ্শ্বেতে নাহি হয় লাজ। ৭৫

ত্র দাসীরে দেখিব বলিয়া। বহিয়াছ খাটে তবি নিয়া॥ ৭৬ কভু পথে হয়া থাক দানী। কি বলিবে লোকে ইহা জানি ॥ ११ যদি গুণ থাকয়ে আমার। তবে শোভে এই ব্যবহার । ৭৮ আমি গুণরপ-হীন হই। এত আদরের পাত্র নই॥ ৭৯ কিশোরীর শুনিয়া বচন। কৃষ্ণ তাঁরে কোলে লয়া কন 🛚 ৮ 🗸 প্রাশিপ্রিয়ে আছে যত তব দিবা গুণ। কহিতে কে পারে তাহা হয়াও নিপুণ॥৮১ জোমার লাবণা হয় অতি অনুপাম। যাই। নির্বিলে বিমোমিত হয় কাম ॥ ৮২ ক্ষুণা বিনয় লজ্জা মধুর ভাষণ। এই আদি যত গুণ না হয় গণন॥৮৩ ক্রেমের তুলনা তব না পাই দেখিতে। থেছ মুশ্দ করিয়াছে প্রিয়ে মোর চিতে । ৮৪ সেই প্রেমে হয়্যা আমি নিতান্ত মগন : না দেখি রহিতে নারি ভোহে এককণ। ৮৫ এই লাগি যাহে তোরে দেখিবারে পাই। তাহাই করিয়ে ভাগ মন্দ নাহি চাই 🛚 ৮৬ এইরপ কহি কহি কিশোর किশোর। মদন-সময়ে দোহে হইলা বিভোৱ ॥ ৮ ২

এখানেতে সব সহচরী।

যক্তশালা হত্যে আল্যা ফিরি॥ ৮৮

জানি তাঁহাদের আগমন।
বাহিরে আইলা তুই জন॥ ৮৯

বিশাধা বলেন হাল্ত করি।
এ কেমন কাজ ও কিশোরি॥ ৯০
নৌকাতে রাধিয়া পেন্ মোরা।
কুঞ্জে কেন নির্মাছিলি তোরা॥ ৯১
তাহা ভানি রাধিকা লব্জিত।
হাসি কৃষ্ণ কহেন কিঞ্চিত॥ ৯২:
রাধিকা বড়ই সুচতুর।
নিজ কর্ম্ম সাধিবারে শুর ॥ ৯০

অনেক সুবর্ধ মোরে দিয়া।
আপনারে নিলা ছাড়াইয়া॥ ৯৪

নায়ে বসি তাহা নাহি হয়।
ছষ্টলোকে করিবে সংশয়্ঞ ৯৫
এই লাসি সিয়াছিলা বনে।
তোরা অন্ত নাহি ভাব মনে ॥ ৯৬
এইরপ হাস পরিহাসে।
কিশোরী কিশোর সুবে ভাগে ॥ ৯৭
ইতি শ্রীনীতমালায়াং নৌ-বেশা-ব্নীং
নাম উনবিংশং গ্রন্থন্ম ॥ ১৯

#### বিংশ গ্রন্থন।

অথ কলক্ষ-ভঞ্জন।

জীয় জথ প্রভূ গোর হরি।
ভক্ত মনোরথ-পৃর্ত্তিকারী॥ ১
ভক্তজন উদ্বেগ নাশিতে।
হেন আর নাহি ত্রিলোকীতে॥ ১
ভকত-কলঙ্গ-অক্কার।
দিনকর নাশনে তাহার॥ ০
ভক্ত ধশ-ক্ষীরোদ-দাগর।
ভাহা বাঢ়াইতে সুধাকর॥ ৪
ভকত-নিন্দক বেই জন।
ভার মান করেন খণ্ডন॥ ৫
আগভূত লীলার বস্তি।
শ্রীরগনন্দন জনগতি॥ ৬

দানখাটে নৌকাখাটে রাধারক্ণনীলা :
প্রায় পোক্লের সব লোকেই জানিলা ॥ ৭
তাহাতে হইল কিছু রাধার অবশ ।
তানায় চুণিত বড় ক্ষেত্র মানস ॥ ৮
অতএব পৌর্বমাসী সনে যুক্তি করি ।
এক দিন রোঠে ধাত্রা না করিয়া ছরি ॥ ১
পোধন বিদায় করি আসিয়া অপনে ।
কহিতে লাগিলা মধুমক্ষল ত্রাহ্মণে ॥ ১০
সবা আজি আমি বনে নারিফ্ বাইতে ।
ফ্র নাই কিছুমাত্র আজি মোর চিতে ॥ ১১
এইরূপ কহি কহি কিশোরীমোহন ।
পাড়িলেন ভূমিতলে হয়া। অচেতন ॥ ১২

তাহা করি নিরীক্ষণ, ছিজবর ভীত-মন. কোলে ভুলি লয়্যা দামোদরে। কহিছেন একি কর় প্রিয়সখা ধৈর্ঘ্য ধরু: বুক ফাটে দেখি হেন ভোৱে॥ ১৩ ভনি মধুমঙ্গলের বাণী। শিরে বাজ পড়ে যেন, ব্যথিত হইয়া তেন, ধাইয়া আইলা ব্রজ্বাণী॥১৪ कारन नवा नारमान्त्व, तानी अन अन खात. কহিছেন কান্দিয়া কান্দিয়া। বাপ মোর নীলমণি, • কেন নাছি কহ বাণী, আছ (दन नश्न मृनिश्ना॥ ১৫ **চাহরে নম্বন মিলি, ডাকরে জননী** বলি, দেখি শুনি জুড়াকু জ্দয়। দেখি ভোরে অচেতন, পুরিতেছে মোর মন, বুক যেন শত থও হয়। ১৬ বঢ় তুমি কৃষ্ণসনে, ছিলে জান কি কারণে,— বাছা **যোৱ হইলা এম**ন। গ্রীরঘুন-পন ভণে, ভোমার পুত্রের মনে, কি আছয়ে জানে কোন জন॥ ১৭ শ্ৰীমধুমক্ষল কন শুন গো জননি। আমারে কহিলে এই তোর নীলমণি ॥ ১৮ স্থা আমি আজি বনে নারিত্র যাইতে। প্রথ নাই কিছুমাত্র আজি মোর চিতে॥ ১১ এইরপ কহিতে কহিতে দামোদর। পড়িল মোহিত হয়া ধরণী উপর 🛚 ২০ ইহা বিনৈ আর কিছু আমি নাহি জানি। कि इटेरा कि कत्रिय यह ला समिन ॥ २५ মধুমক্ষলের বাণী গুলি বশোষতী। কান্দিতে লাগিলা হয়া অভি চুৰিমভি ॥ ২২ তাঁহার ক্রন্দন ভনি গোপিকা সকল। ক্ৰমে ক্ৰমে আল্যা সেখা হইবা বিহৰণ 🛚 ২৩ তারাও সকলে দেখি ক্রফে অচেতন। কান্দিতে লাগিলা অতিশয় চুধিমন # ২৪ ক্ষেত্র প্রেম্বসী যত গোপনারীগণ। শৃ**ন্ত দেঁবিছেন তারা এ তিন** ভূবন 🛭 ২৫ শ্ৰীরঘূনন্দন করে কে বুরিবে দীলা। শিবংশেষ বুনিতে না পারে বার কলা ॥ ২৬

বশোষতা কহিছেন সকলে কালিয়া। আমার পোপাল ছেন হল্য কি লাগিয়া ॥ ২৭ নাহি চাহে নাহি নাডে অন্ত একবার। পুন পুন ডাকিলেও না দেয় হুদার # ২৮ একি কোনো ডাকিনীতে বাছারে দেখিল। কিম্বা কোনো ভূত আসি আবেশ করিল॥২৯ যদি কেহ জান কিছু ঔষধ ইহার। তবে দিয়া ভাল কর গোপাল আমার॥ ৩০ নীলমণি সকলের হয় ভোমাদেরী। যাহে ভাল হয় তাহা কর যুক্তি করি॥ ৩১ চরবের ধূলী দাও রন্ধ গোপীসব। তবেই হইবে ভাল যাবে উপদ্ৰব ॥ ৩২ যদি ভাল বৈদ্যের উদ্দেশ কেহ জান তবে শীঘ় পিয়া তারে এখানেতে আন॥ ৩৩ শ্ৰীরবৃনন্দন কহে তুন ব্রজরাণি। खानिए ना इरद देशमा खानिए खार्शन ॥ os

হেন কালে সেই বংশীধারী।
অন্তর্মপে বৈদ্য বেশ করি॥ ৩৫
পথে পথে কছেন সুস্বরে।
কেবা রোগী আছে এ নগরে॥ ৩৬
আমি হরি বৈদ্য নাম ধরি।
ধেধিলেই রোগী ভাল করি॥ ৩৭
এই কথা শুনি ব্রজরাণী।
উচ্চস্বরে ডাকেন আপনি॥ ৩৮
বিদ্যরাজ আন্ত মোর হরে।
দেধ আসি গোপাল সুন্দরে॥ ৩৯
ভাল কর আমার নন্দন।
যে চাহিবে দিব সেই ধন॥ ৪০
ত্রীরঘূনন্দন আগে গিয়া।
বৈদ্যরাজে আনিল ডাকিয়া॥ ৪১
ভবে বৈদ্যরাজ আসি, ক্ষের নিকটে বিদি,

সব অক্স দেখি পুন পুন।
করি নাড়ী পরীক্ষণ, সব অক্স পরশন,
কহিছেন সবে শুন শুন॥ ৪২
ইহার শরীরে পীড়া নাই।
এক পীড়া আছে চিতে, ভাহাতেই হেন মডে,
রহিন্নাছে অবসাদ পাই॥ ১০

কিন্তু না ভাবহ ভোরা, হেন রোগী কড মোরা, ভাল করিয়াটি অবহেলে। একটা নতন ঘট. আন মোর সমিকট. আবোগা করিব মন্তবলৈ ॥ ৪৪ তবে বট দেন আনি, লইয়া সে বৈদ্যমণি, দশু শত ছিদ্র করি ভার। কহিছেন একনারা এই কলসেতে করি, জল আন পিয়া যমুনায়॥ ৪৫ শ্রেপিকা স্কল কন, বৈদ্যরাজ এ কেমন, তোমার বচন অঘটন। সহস্র বিবর ঘটে, কোন মতে নাহি ঘটে, দর হৈতে জল আনয়ন॥ ১৬ প্ৰ কহে বৈদ্যৱান্ত, সিদ্ধ হবে এই কাজ, আন সতা নারী একজনে। ক্ষেত্র পরগোত্র হবে, আনিতে পারিবে তবে, শ্রীরঘুনন্দন মন্ত্রন্ত্রে॥ ১৭ যশোগা কহেন আছ সন কুলনারী। আনি দেহ কেহ এই ঘটে করি বারি॥ ১৮ এত ওনি কিছু নাহি কহে কোনো জন। তবে কুন্দলতা কহিছেন এ বচন॥ ৪৯ ঠাকুরাণি ব্রব্ধ মাঝে খ্যাত চুই সভী। শ্রীজটিলা আর এই কুটিলা সুমতি।। ৫০ ইহাদেরী একজনে কর নিশেজন। অক্রেশে হইবে এই কার্য্য সম্পাদন 🛚 ৫১ রাণী কন জটিলা শুনিলে সব কথা। জল আনি নিবারহ সকলের বাথা।। (২ क्रिना दनस्य यनि मुखी हरना हस्र । তবে কর্ম্ম দিদ্ধ হবে নাহিক সংশয়॥ ৫৩ कृष्टिमा कमम मग्ना कामिभीट निम्ना। তুরিতে আনহ জল কলস পুরিয়া 🛚 ৫৪ এত শুনি কুটিলা কলসী কাথেঁ নিয়া। গরবে মাভিয়া যায় হাত নাডা দিয়া ॥ ৫৫ ঞ্জীরযুনন্দন কহে কুটিলা কেমন। তব কুটিলতা আজি হবে দরশন॥ ৫৬ কিছু আগে পিয়া সে কুটিলা। গরবেতে কছিতে লাগিলা। । । ৭ কত নারী আছে গোকুলেতে। না পারিল এ কর্ম্ম করিতে । ৫৮

ভারো আমি আজি বরে ছিছু।
তেঁইত ক্ষেত্রে বাঁটাই হু। ১৯
আমি না থাকিলে আজি এখা।
কে ঘ্টাভা যশোদার বাধা। ৬০
ক্ষম ববে উঠিয়া বদিবে।
রাই মোরে আশীব করিবে। ৬১
একা মুখী হবে না কিশোরী।
গ্রাম-কলঙ্কিনী সব নারী। ৬২

এও কহি আগে নিয়া কুন্ত ডুবাইল। 👔 তুলিতে তুলিতে সব সলিল পড়িল 🛚 ৬৩ পুনর্মার জল পুরি ভোলে কক্ষ দেশে। তুলিতে তুলিতে জল গলয়ে নিঃশেষে॥ ৬৪ এই মতে তিন বার কলসী তলিল। জল না **বাঁহিল দেখি লব্জায় পড়িল**॥ ৬৫ তবে অধোমুখী হয়া ফিরিয়া আইলা। ারে দেখি কুন্দলভা কহিতে লাগিলা 🛚 ৬৬ বৈণ্যরাজ কুটিলা আইল জল নিয়া। করহ এক্ষণ তুমি যে হয় প্রক্রিয়া॥ ৬৭ বুটিলা বলরে বুঝি এ বৈদ্য পাগল। मिक्स क्लाम चानिवाद कर कल ॥ १४ বৈল্যরাজ কন ভূমি সতী ন। হইয়া। গিয়াছিলে কি প্রকারে সাহস করিয়া 🛚 ৬১ শ্ৰীবসুনন্দন কহে কুটিলা কি ভেল। মহা কুটলের হাতে ঠেকি মান গেল॥ ৭০ টিলা আনিতে বারি, পারিল না দেখি হরি, বৈদ্যরাজ করে উপহাস।

ছুই ভোর মূবে পড়ু ছাই।

প্রনিয়া প্রঠরে মোর, কলঙ্ক করিলি বোর,
ভোরে বিধি করুক অলাই॥ ৭২

আন আন দে গাগরী, আনিতে ধমুনা-বারি,
আনি নিজে করিব গমন।

আনম্বন করি বারি, গোপালেরে স্থা করি,
সভোধিব সকলের মন॥ ৭৩

এত কহি কুন্ত নিয়া, কিঞ্চিত অত্যেতে গিয়া,

কহে পুন প্রকাশি পরব।

ভিনিয়া জটিলা কোপে, থর থর করি কাঁপে,

क्रिनात्र करह कहे छार - १১

এই কুন্তে স্থানি বারি, যত পতিব্রতা নারী, সকলে করিব পরাজ্ঞব ॥ ৭৪ এত কহি গিয়া জলে, কুন্ত তুবাইয়া ভোলে, কিন্তু না রহিল এক কণ। তবে কোপাবিস্ত হয়া, ব্রেক্ত স্থান্য বাহাড়িয়া, দেধি হাসে শ্রীরঘুনন্দন ॥ ৭৫

কলসী ভতলে রাখি রোখেতে জটিলা। সকল গোপিকা প্রতি কছিতে লাগিলা ॥ ৭৬ কোথাকার মুর্থ বৈদ্য জাসিরা এখানে। বিনাশিলে পতিবভা সকলের মানে॥ ৭৭ তবে বৈদাবা**ও বো**গে **অর**ণ-নয়ন। কহিছেন জটিলার প্রতি এ বচন ॥ % একি মোরে মূর্য বল মূর্য হয়া ভোরা। এ তথ কহিব কার কাছে গিয়া মোরা # ৭৯ ভাল কৈন্ত এইরূপ রোগী কণ্ড শত। ব্যা সেই যশ আজি ব্রজে হল্য হত॥ ৮০ यभाषा करहन देवा द्वाध ना कतिह। অপর উপায় যদি থাকে ভাহা কহ॥ ৮১ বৈদ্যব্রাজ কন নাহি ব্রূপর উপায়। সতী নারী না পাইলে রোগ নাহি যায়॥ ৮২ রোহিণী কহেন ডাকি আন জগবড়ী। পারিবেন তেঁই ইথে করিতে বুক্তি॥৮৩ গ্রীরবৃনন্দন তবে ধাইয়া যাইয়া। আনিলেক বাঁটে পৌর্ণমাসীরে ডাকিয়া॥ ৮৪ আইলেন ভগবতী, দেখি কন খণোমতী, পোপালের হয়াছে কি থথা। চক্র মিলি নাহি চার, কোলো অঞ্চ না নড়ার, ভাকিলেও নাহি কহে কথা॥৮৫

এই বৈদ্যরাজ বলে, এই খটে আন জলে,
তবে জ্বামি সুস্থ করি দিব।
বিনা পতিব্রতা নারী, এ খটে না আন্তে বারি,
বল কোথা সে নারী পাইব র ৮৬
কুটিলা জটিলা দোহে, গিয়াছিল মোর লেহে,
কিন্ত জল আনিতে নারিল।
অভএব কি হইবে, কেবা জল আনি দিবে,
ভগবতি ভাষা ভূমি বস র ৮৭

তবে সেই পৌর্ণমাসী, কহিছেন হাসি হাসি, কুটিলা জটিলা সভী বটে। কিন্তু পর্ব্ব করিছিল, আনিবারে না পারিল, उँदे यन और हिस्मा । । । সভী পতিব্ৰতা ধক্তা, বুষভামু-বাজকভা, কিশোরীরে করহ প্রেরণ। ইহা হত্যে এই কাজ, সিদ্ধ হবে ধুবরাজ, এখনী इंटरिंग कुछ-मन ॥ ৮৯ পৌর্ণমাসা কথা তনি যত গোপীগণ। ঠারাঠারী করি হাসে ঢাকিয়া বদন ॥ ৯০ তার মধ্যে কুটিলা কোপেতে অচেতন। কহিতেছে জাঁর প্রতি ইন্ধিত বচন ॥ ১১ ভগবতি তব পামে পরণাম করি। ভাল সতা দেখাইলে গোকুল ভিতরি॥ ১২ পৌর্ণমাসী তন ক্রোধ না কর কুটিলে। জানিবে এখনী সভী কার্যা নির্বিলে॥ ৯৩ এত ভনি ধশোদা কহেন রাধা প্রতি। ও রাজ-নন্দিনি তুমি উঠ ক্রতগতি॥ ৯১ এই ঘট লয়াা জুল আনম্বন করি। বাঁচাও বাছারে মোর ভূমিহ কিশোরী॥ ৯৫ ধলোগার কথা, শুনিয়াও রাধা, উঠিতে নারেন ডরে। তবে পৌর্ণমাসী. কুন্ত সম্মা করে. কহিতে লাগিলা তাঁরে॥ ১৬ রাধে সতী-শিরোমণি। ছাডি সব ডর. कमजी नहेशा. যমুনায় আন পাৰি॥ ১৭ সলিল আনিয়া, পোকুল-জীবনে, রোগেতে মোচন করি। ত্ৰত্ব বাসিত্বন, সকলে বাঁচাও, বিশেষত ব্রজেশরী। 🏕 তুমি জল লয়া, আইলে পড়িবে. খলের বদনে কালী। কিশোরী ভোমার, **থশ এ সংসার,** পুরিবেক ভালি ভালি॥ ১১ **৩**ত পৌৰ্নাদী-বা**ৰ্ণী** রাধিকা ভনিয়া। প্রধাম করিলা তাঁর পদে শির দিয়া॥ ১০০

মাগ্য গোণা সকলের বন্দিয়া চরলে।
প্রাণনাথে প্রণাম করিলা মনে মনে॥ >০১
কলদা কক্ষেতে করি প্রস্থান করিলা।
দেখি প্রতিপক্ষ সব হাসিতে লাগিলা॥ ১০২
তবে কিছু দ্রে গিয়া বৃষভান্ত-মৃতা।
কহিছেন মনে মনে অতি শকার্তা॥ ১০৩
প্রাণনাথ দেখা নাহি ফেলাইয় লাজে।
মুখ দেখাবার পথ থাকে খেন ব্রজে॥ ১০৪
বাঢ়ায়াছ তুমি মান রক্ষা কর তার।
ছুমি না রাখিলে অন্ত কে রাখিবে আর॥ ১০৫
তোমা বিনে অন্ত বেন নাহি জানি আমি।
সেই সত্যে এই দারে পার কর তুমি॥ ১০৬
খদি তুমি পার না করিবে এই দার।
কিশোরী মরিবে তবে তুবি ব্যুনার॥ ১০৭

তবে ষমুনার কাছে পিয়া। কহিছেন বিনয় করিয়া॥ ১০৮ তুমি হও ক্লেগ্র প্রেয়সী। ব্ৰজে চল চঢ়ি এ কলসী॥ ১০৯ যদি এই স্বটে না যাইবে। তবে প্রাণনাথে হারাইবে ॥ ১১০ रदि देवना करिन निन्ध्य । জল নাহি গেলে ভাল নয় # ১১১ **অতএব এ মটে চ**টিয়া i মুস্থ কর প্রাণনাথে পিয়া॥ ১১২ वृशि (पर्वी निष्ठ नाहि (शत्म । क् नम्रा बाहरज भारत वरन ॥ ১১৩ যমুনা কহেন রাধা প্রতি। কি ভাবনা কর রসবতি # ১১s ভোমার কলক্ষ ঘচাবারে। প্রভু করিছেন এ বিহারে ॥ ১১৫ থকাশ করিয়া নিজ-ক্রেশ। रयाहिन निष्य रिकारवर्ण ॥ ১১७ ব্দল থাবে ইচ্ছায় তাঁহারী।

কিছু শকা না কর কিশোরি ॥ ১১৭ তবে রাধা কলসেতে সলিল পুরিমা। দেধিতেছেন তার মূখে নম্বন পাতিয়া ॥ ১১৮ তাহার মাঝারে দেখি নিজ প্রাণেধর। কহিছেন অভিশয় সুখিত অন্তর ॥ ১১৯ ভাই বলি ইহা না হইলে এ সংসারে। রাধা-নাথ বলে কেন সকলে তোমারে ॥ ১২০ বুৰিলাম দাসী প্ৰতি কৰুণা আছয়। তেঁই করিয়াছ আসি কলসে উদয়॥ ১২১ এত কহি আনন্দেতে বাস্ক দোলাইয়া **চ**निना त्राधिका खन भूर्वकुछ निम्ना ॥ ১२२ দর হইতে ভাহা দেখি দলিতা সুমজ্ঞি। কহিছেন আনন্দেতে শ্রীষশোদা প্রতি ॥ ১২৩ দেধ দেধ ব্রজরাণি মোর সহচরী। আনিতেছে সেই ষট জল-পূর্ণ করি॥ ১২৪ যদি কলসেতে জল আনিতে নারিত। তবে **রাই কোনোয়তে** ফিরি না আসিত॥ ১২৫ ললিতার বাদী শুনি তুলিয়া বদন। রাই পানে চাহে সবে স্থকিত-নয়ন ॥ ১২৬ তবে রাধা কাছে আসি কলস রাখিয়া। প্রণাম করিলা সবে বিনয় করিয়া॥ ১২৭ পৌর্ণমাসী শ্রীরাধারে কোলেতে লইয়া। আশীর্কাদ করি কন ঈ্রবত হাসিয়া॥ ১২৮ কলক করয়ে যারা আমার রাধার। দেশক সকলে তারা সতীত্ব ইহার ॥ ১২৯ अमर्थ् कमम (मिश्रा मद खन। ধন্ত ধন্ত বন্ত করে প্রশংসন। ১৩০ ঞীরঘুনন্দন দাস ভাহা নির্বিয়া। আনন্দেতে নৃত্য করে করতালী দিয়া॥ ১৩১ তবে কিছু স্বস্থ-মতি হয়া যশোমতী। কহিবারে আরম্ভিলা বৈদ্যরাক্ত প্রতি॥ ১৩১ रेवमांत्राक (मथ क्रम व्यानित्मक त्राधा। এখন গুচাও ভূমি গোপালের বাধা। ১৩৩ তবে বৈদ্য **সেইজল মন্ত্রপুত** করি। ঢা**লিলেন গোপালের মস্তক-উপরি**॥ ১৩৪ সেই জল-স্পর্ল পাবামাত্র জনার্দ্দন। চাহিলা নয়ন মিলি প্রসন্নবদন 🛚 ১৩৫ তাহা দেখি উপু উপু দের নারীভতি। অনিমিৰে পোপালে দেখেন যশোমতী ৷ ১৩৬ পরে অপিনার বাম উরুতে রাধার। বসাইলা যশোমতী সুধিত-হিন্নায় 🛚 ১০৭ দ**ক্ষিণ উরুতে** কুঞে বসাইয়া সুধে। চুম্বন করেন পুন পুন তুহুঁ মুধে 🛭 ১৩৮

সভা-মাঝে কফ বামে কিশোরী দেখিয়া। ললিতা প্রভৃতি ধান স্থাবেতে ভাসিয়া॥ ১৩৯ তবে স্থবিমতি, হয়া যশোমতী, কহিছেন বৈদ্যবন্ধে। করিলে আমার, তুমি ২ড় হিড, কহ কিবা দিব ভোরে ॥ ১৪০ বৈদ্যবাজ কন, মাতা কোনো ধন. আমি নাহি চাহি তোহে। গোপালে যেমন, ক্রহ পিরিভি, করা তেন তুমি মোহে ॥ ১৪১ রাধিকারে কয়্য, আর এক কর্য়, মোরে দয়া করিবারে সতী পতিব্ৰডা, কম্পা হইলে, **नव युर्व ७ मध्मा**द्र ॥ ५९२ সর্ব্ব গুণবভী, এমন রমণী ষদি বধূ হত্য**়ভোর।** তবে ধান্ত ধনে, ভবন ভরিও, সুখের না হত্য ওর॥ ১৪৩ বৈদ্যরাজ-বাণী, শুনিয়া সুখেতে, হাসিছেন ধশোমতী। কিশোরী কিশোর, আনন্দে বিভোর, আর যত সধীততি॥ ১৪৪ ইতি শ্রীগীডমালায়াৎ কলক্ষঞ্জনং নাম

### একবিংশ গ্রন্থন।

বিংশং প্রস্থলম্ ॥ ২০

অথ রাগোদগার।
রিসিকলেখর পোরা রায়।
নেখিরাছে হেন কে কোধার ॥ ১
ভকতের আনন্দ করিতে।
কোবা হেন আনরে জগতে ॥ ২
কভু নানা পরিহাস করি।
ভক্ত জনে ভোবে গৌরহরি ॥ ৩
নিজ-নিন্দা করি স্ববদনে।
ক্ধনও রোবার ভক্তমনে ॥ ॥

তার মুখে নিজপ্তণ শুনি ।

মুখী হয় অধিক আপুনি ॥ ৫
না দেখিতে পাইয়া তাঁহারে ।

এ রগ্নন্দন সুঝি মরে ॥ ৬

এক দিন শ্রীমুরারি, স্থামা-সোপী-বেশ ধরি, গেলা রাধিকার সমিধান। ভাষারে দেখিয়া ধনী, স্থামাস্থী বলি জানি, করিলেন অধিক সংগ্রান ॥ ৭ भागी विन विद्याप्तन, विप्रतन्त अनार्यन, রাধিকা পুছেন তবে তায়। শ্যামাস্থি কহ শুনি, নাগরের চড়াম্পি, রয়াছেন সম্প্রতি কোথায়॥ ৮ শুনি রাধিকার ভাষ, করি মুরু মুরু হাস, करश्म श्रीबाद्य भवेषत् । রাই তব ব্যবহার, হয় বড় চমৎকার, নাহি দেখি জগত-ভিতর॥৯ ভোমার নিকটে যবে, আসি মোরা দেখি তবে, মালা শাধ্ গামের লাগিয়া। কিন্তা তার তবে, কিন্তা পাও স্ববদনে, কিন্তা দেখ ভাহারে লেখিয়া॥ ১০ ব্রজে আছে নারী যত, প্রায় সবে ক্ষে রত, ভার মধ্যে হেন নহে কেহ। পরপুরুষেতে প্রীত, ঢাকি রাখা সমূচিত, কিশোরি ত্রপরামর্শ এহ॥ ১১ রাই কন শুন সহচরি : কহি তোৱে মৱম উষারী॥ ১২ শাম মোর সরবস ধন। লাম মোর ধর্ম আচরণ ॥ ১৩ শাম মোর হয় জাতি কুল। णाम भाव कीवत्नव मृत्र ॥ >s ग्राम विरम ना स्विथ नम्म । चाम वित्न चरन ना खेवन ॥ >৫ শ্রাম বিনে অপর পরশে। षक (भार ना करत नानरम । ১৬ স্থামের অধরামৃত বিনে। ভিতৰা মোর না খায় সপনে॥ ১৭

শ্রাম-অঙ্গ গরেতে কেবল। অভিলাষী নাসিকা বুগল॥ ১৮ প্ৰাম বিনে কদাচিত আন। মন মোর নাহি করে ধানে ॥ ১৯ অভএব করিলে যতন ৷ ভার প্রেম না হয় গোপন। ২০ সবি কহি সত্য করি ভোর। মোর পতি বরজ-কিশোর॥ ২১ রা**ই**ক মধুর ২চন, শুনি মাধ্ব-অন্তর, অধিক উল্লাস। বাহিরে কপট করি, করকশ বোলত, বচন কিয়ে পরিহাস॥ ২২ স্থি হে না হেরিয়ে বিবেচনা তোর। **ৰো**ন অবিক গুণ, স্থামতি পে**থি**য়ে, ভুগসি কুলভয় ছোর॥ ২৩ একে শামল ততু, ভাহে পুন বঙ্গিম ভূখন কাঁচিক হার। ক্ষিতিধর গৌরিক, অঙ্গবিলেপন, পাখি-পাখা-আবরণ সার ॥ ২৭ গোচারণ করি, িবিপিন হি দীরত, সহচর মৃক্তথ গোয়াল। গুণ এক জানত, युद्रमी वापन, ভাষা নাহি হোয়ত ভাল॥ ২৫ রুদ গরিহাস-বচন নহি জানত, দরে রহু কেলিবিলাস। তাহে পুন নিতি নিতি, নব নব রম্বী, সঙ্গম কর তহি আশ ॥ ২৬ ভূলত যাহে মন, হেন হুমধুর গুণ, দরশন হোতন কোই। তুহঁ কাহে জাম জাম, করি ঝরসি, কিশোরি মুরুধ সম হোই ॥২৭ ভনিয়া শ্রীমতী, গ্রামের ভারতী, কোপ উপঞ্জিল চিতে। ভাহারে ঢাকিয়া, কহেন হাগিয়া. তার প্রতি বে উচিতে। ২৮ সধি হে আমারে লাগিল ধন্দ ! রসিক হইয়া, স্থামে কি কার্ম, তুমি কহিতেছ মন্দ। ২৯

এক নথ কোণে, शास्त्रव हत्रत्न, रा माधुत्री चाट्य मरे। ভার কোটি ভাগ. এক ভাগে লাগ, শশধর পায় কই ॥ ৩০ ব্দগত-ভিতর, ষাবত সুন্দর, ্রতার রাজা শশী হয়। সেহ নাহি পারে, ষাহার নথরে, তারে কি সুন্দর কয়॥ ৩১ (म भूथ (म निठी, সে চাহনী মিঠি, সে বৃক সে বাহু দেখি। যাহার নয়ন. না হয় মগন তহারে কাণায় লেখি॥ ৩২ इडेरन निसन न्यायन वद्रन. ধদি করিবারে হয়। শ্রীরগনন্দনে, প্রভু নারায়ণে ত্তে কেন প্রশংসয়॥ ৩৩ <u>থাহার ভত্নর ছটা.</u> হেরিয়ে অতসীঘটা, हेन्द्रीवद्र-कृत लाख शाहा মুবৰৰ নীলমণি, তুলনাতে নাহি গণি. ভারে নিন্দে কেবা হায় হায়॥ ৩৪ সবি রে সে শোভা কে পারে বর্ণিতে। য হেতৃক এ সংসারে, নাহি পাই দেখিবারে কোন বন্ধ উপমান দিতে। ৩৫ ।। পুর রুসের সিন্ধু, যদি হয় তাহে ইন্দু, ডুবি থাকি শ্যামে করি ধ্যান। शिक्ति गामवर्ग इब्र, उट्टर किन्नू महन नग्न, সে শোভার দিতে উপমান ॥ ৩৬ যবে দেখি সে শোভায়, তবে এই মনে ভায়, ধিক বন্ধ মুক্তথ ধাভায়। দৈখিনে এ শোভা ষেই, ভারে দিল আঁখি চুই, নিষেৰ করিল পুন ভাষ্ব ৩৭ জুরিত নয়নময়, যদি সব অঙ্গচয়, जार रिम ना निष्ठ नियम । प्रत रहा। कुड़रनी, ভाরে বিবেচক বলি. পূজা করিতাম সবিশেষ 🛚 ৩৮ হুমিহ সে শোভা হেরি, স্থাপনারে না পাসরি কিপিকুল সঙ্গহি, রবুনন্দন কে স্থির হয়। থাক ধৈর্ঘা ধবি।

ধক্য ধক্ত সুখি ভোৱে, ধক্ত ভোর ধর্ম-ডরে, বলিহারী যায় এ কিশোরী ॥ ৩৯ বঙ্কিম ধে কহসি ভাহার। ভাহা সভা মিখ্যা নাহি ভাষ # ৪০ এক বাঁকা কারো ধনি হয়। তাহে সব শরীর দ্বন্ন ॥ s> তিন ঠাঁই বাঁকা হর তার। ভকুশোভা অভি চমংকার॥ ৪২ ञ्चलता कि स्वतंत्र वा हरा। চল্রে যেন বঙ্গিমা উদয়॥ ৪৩ যে না ভূলে সে ত্রিভন্নী দেখি। তাহারে আমিহ জড়ে লিখি॥ ৪৪ বরজ-কিশোর বাকা রপ। মধুর রুসের হয় কৃপ॥ ৪৫ কনক ব্রতনময়, ভূষণ পটি বৃহি, সৰ জন শোভিত হোই। তাহে নিজ-পরজন, সম পণ্ডিঃগণ, সুন্দর কহত ন কোই॥ ৪৬ স্থি রে দো লাবণী মতি পার। বেশ-ভ্ষন, পট মহি চাহত, আপনি হোত উজিয়ার॥ ১৭ শত শত শশিস্ম মৰিময় ভূষণ, যছ কাতি সে রই গোই। एक्षाकन निधि. চন্দ্রকগৈরিক, ভাসে ঝলমল হোই॥ s৮ গোচারণ করি, বিপিনহি ফীরন্ড, সুখয়িতে রসিক-পরাণ। ইথে অর্মিক তাহে, বোলত সো জন, বো ওছু ভাবনা জান॥ ৪৯ আর এক ভাবি দেখ, গোচারণ-রস, সকল কেলিকুল-সার। ভাহা না হইলে কাহে, ধাবত সুরগণ, পেখিতে আওত অনিবার॥ ৫० কাত্তক-মুহ্চর, মুরুধ না হোরত, ষণি বা হোম ভাহাউ। দ্যণ কহ তহি কোউ ৷ ৫:১

শীক্ষের বংশীরব, করিয়াছে অনুভব, কদাচিত খেহ এক বার। দেই ভার গুণ জানে, জানিবে কি অন্ত জনে, বর্ণন দূরেতে রহু তার॥ ৫২ স্থি রে কহি আমি তোর বিদ্যমান। নাগরের বেণুগীত, হরে জগতের চিত, নাহি দেখি তার উপমান॥ ৫৩ जीउ शास्त्र वि**ष्ट्रक**न. किन्नत्र शक्तर्राजन. যাহা শুনি মহামোহ পায়। তেন বেশ-নাদে যেহ, ভাল নহে কহে সেহ, বিজ্ঞ নহে সঞ্চীত-বিদ্যায় ॥ ৫৪ থাহ। জনি পুরন্দর, প্রজাপতি গঙ্গাধর, প্রভৃতি অমর মুনিগণ। নেত্র করে ছগ ছল, আঙ্গে নারে স্বেদজল, হয় ভারা অতি মুগ্ধমন ॥ ৫৫ শচী-আদি দেবী সব, করি যাহা অনুভব, কা: বেগে মোহিত হইয়া। পশিত কুন্তুল-পাশ, সম্বরিতে নারে বাস, সামিকোলে পড়ে মুরছিয়। ॥ ৫৬ সে কথা রতক দরে, প্রাথণ করিয়া যারে, পশুপাৰিগণ মোহ পায় ৷ नभी अन डेफ्लिंड उक इम्र मुक्लिंड, পাষাণ সকল গলি যায়॥ ৫৭ ্চন বেশ্-মানাস্তে, নাহি পারে ভুলাইতে, क्षां हि है हिए उस स्थाद । ধক্ত ধক্ত ধক্ত ভাষ, কিশোরীর তার পায়, কোটি কোটি কোটি নমস্বার॥ ৫৮ কান্তু ব্রদময়, রসের আভায়, রুসের বিষয় হয় : কহিতে বিধাতা, ভার রসিকতা, কলাচিতো না পারয়॥ ৫১ কি কব ভাহা সন্ধনি। চাহিলে কহিতে, বদন হইতে, নিকসমে নাহি বাণী॥ ৬০ নাগর-প্রবর্ রসিক-শেধর. ষতেক সোহাগ জানে। এই হয় চিড, তাহার কিঞ্চিড, না থাকিবে কোন স্থানে ৷ ৬১

সশ্বধে দেখিয়া, উলসিত-হিয়া, ধেমত আদর করে। তাহা করিবার, উচিত আধার, কে আছে গোপের ষরে॥ ৬২ আইলে নিয়তে. यद गाम ভत्र, আমি হই নত-মুখী। চিবুক ধরিয়া, নিমেষ ভেজিয়া, मुध प्रत्य महास्थी॥ ७० ভাহে পুন মোরা, লাজে হয়া ভোরা, व्यदिनिया यनि यदा । यात्र (यन क्नी, আকুল পরাণী, निक-मणि एनचि पदत्र॥ ७९ পালদ্ধে বসিয়া, মোরে কোলে নিয়া, করে যত পরিহাস। ভাহা কহিবারে কিশোরী কি পারে, মুখে করি পরকাশ। ৬৫ অতি সুমধুর হয় ক্ষের বচন ! শুনিলে জুড়ায় সখি কর্ণ-তন্ত্র-মন ॥ ৬৬ বুঝি সে মাধুর্ঘ্য নাহি আছমে সুধায়। অন্যথা সমরগণ লুব কেন ভাষা। ৬৭ দেখ দেখ ভারা ভানিবারে সে বচন। গগন-উপরি নিতি করে আগমন॥ ৬৮ তাহারাও রদ-কথা শুনিতে না পায়। তথাপি গগন ছাড়ি যাইতে না চায়॥ ৬৯ সে মধুর কথা যার প্রবৈশে ভাবণে। তার কি অন্তের কথা কভু লাগে মনে॥ १० মধুর রুদের সার করি আকর্ষণ। বুঝি পঢ়িয়াছে বিধি ক্ষেত্র বচন ॥ ৭১ শ্রীরগ্নন্দন কহে শুন ঠাকুরাণি। তুমি মাত্র জান যাহা হয় কৃষ্ণবাণী॥ ৭২ কৃষ্ণকেলি বিলাস-বর্ণন। করিতে পারম কোন জন॥ ৭৩ ঘার নাই ভার **সাক্ষাংকার**। তার নাহি তাহে অধিকার। ৭৪ ষার আছে তার পরিচয়: সে কখনো ভাহা নাহি কয় ৷ ৭৫ চিন্তামণি ছেন ঢাকি রাখে। আপনার মনে মনে চার্থে ॥ ৭৬

उहँ षरगिषनी नव छाटि। অক্রচিত বলসি কাহে ॥ ৭৭ ब्रघु करह हैशब्र निर्मान । কিছু পরে হবে অবধান ॥ ৭৮ ব্দগত-ভিতর. खक्रम श्रवित्र, যত জীবগণ রয়। ন্তবের ভাগুরে, শ্রীনন্দকুমার, তা সবার প্রিয় হয়॥ १৯ বিশেষে ব্রঞ্জের গতি। ভার মাঝে হড, নারী ভাহে রড. ভাহাদের প্রাণপতি॥৮• অভএব ভারে, সকল জনারে, সুথিত করিতে হয়। কহে কোন জন, ভাহাতে দ্ৰণ, विद्वहरू। (य ध्वय ॥ ৮১ সব কমলিনী-প্রিয় দিনম্পি. দে সবারে হুখী করে। ভাহাতে ভাহায়, কেবা মন্দ পায়,

অতি অদভূত, অবৃত অযুত, হেন শুণ আছে গ্রামে। শ্রীরগুনন্দন, সমান না হন, ধার কপে গুণে ধামে॥ ৮৩

অমর অসুর নরে॥ ৮২

াধিকার বচন গুনিরা গ্রামরার।
হৈছেন গদ গদ স্বরে পুন ভার ॥ ৮৪
দাধি বে কহিলে তুমি দব সত্য হয়।
দক্ষের অন্তুত গুণ কিছু মিধাা নর ॥ ৮৫
তব মুখে দেই গুণ করিতে প্রণণ।
কর্যাছিল পুর্নের আমি বিরুদ্ধ বচন ॥ ৮৬
একণ হইনু ভাহা গুনি সুধিমন।
করিব ভোমারে এক কথা জিজ্ঞাদন ॥ ৮৭
করে কেন প্রান্ধ গ্রাম প্রির্বা দিচ
তবে কেন সেহ সেলে অন্তর্প্রার ॥ ৮৮
তবে কেন সেহ সেলে অন্তর্প্রার ।
তার প্রতি প্রীকিশোরী করেন উত্তর ॥ ৯০
তার প্রতি প্রীকিশোরী করেন উত্তর ॥ ৯০

সহচরি প্রেম, স্বভাব-সুতুর্গম, কহিতে না পারয়ে কোই। প্রিয়জন-উপন্থি, পরমহুখ-কারণ, মান ঘটাওও সোই। ১১ मिथ दि अव्योग-वर्षेन मित्नर । কভু নাহি হোষও মানস মহ বাহা, তাহা উপজাওত সেহ ॥ ১২ দ্বণ লেশ, বিহনে ধো কর্মউহি, কভু মান कि পরকাশ। দ্যণ পাই কর, 'বসো খোডিন, ইহ তাকর কি প্রয়াস॥ ১৩ অসিয়া পয়োনিধি, অধিক মধুরত্তর আপনি হোই অনিবার। তুসহ মান-গরল, নিভি ববিশ্বই ইহ গুঝন অভিভার ॥ ১৪ গোই প্রেমরস, य (का रेब्राइन, ্ৰছন মান। কিশোর ঠি া বিনে বরজ न षठेख काल्यका भान-विधान ॥ ১৫ রাধার বচন, করিয়া শ্রবণ হইয়া সুপেতে ভোর। কহিছেন ভারে, গদ গদ ঋরে (प्रापिका-अमन्दरात्र ॥ ३% ব্রনিছিম্ন বিচারি আমি। বুন্দাবনেশ্ববি, ব্রচ্ছের ভিডরি, প্রেমম্যা হও ভূমি ॥ ৯৭ ভোমারে আশ্রয়, যে জন করয়, সেই পায় প্রেমধন। বিনে ভার কণা, ভোমার করুণা, নাহি পায় কোনো জন # ৯৮ এলাগি ভোমারে. গুরু করিবারে. আমিহ বাসনা করি। শিখাও আমায়, কিঞ্চিত প্ৰেৰায়, ক্ষ-প্রাণ-অধীপরি। ১১ ৰদি করি দয়া. দিয়া পদ-ছায়া দাও কিছু প্ৰেম-কণ। কিশোরি চরণে, তবে তদু-মনে, ममर्जित अहे छन ॥ ১००

ভনিষ্মা এ সব বাণী, জীরাধিকাঠাকুরাণা, কহিছেন ভারে আরু বার। সহচরি হেন কথা, কহি কেন দেও ব্যথা, তোরা হও প্রেমার ভাণ্ডার । ১০১ হরি হরি ক্রফে কই আমার প্রণয়। যার ভাহে প্রেম থাকে, সে কি না দেখিয়া ভাকে একক্ষণ বাঁচিতে পারয়॥ ১০২ মোরা হই পরাধীন, মাসে কভু এক দিন, দেখিবারে পাইবা না পাই। **७३ धरे हात्र (मट**र, सूरशहे भन्नान तरह, কিবা মোর প্রেমার বড়াই॥ ১০৩ তুমি বুঝি আজি তাঁরে, পাইয়াছ দেখিবারে. প্রসন্ন দেখি যে তব মুখ। আস তোহে পরশিয়া, সুখি করি নিজ-হিয়া, কৃশ্ণসঙ্গি-সঙ্গ বড় সুখ ॥ ১০৪ এত কহি তবে রাই, পদারিয়া হুই বাই, স্থী বলি শ্রামে কোলে করি। পরশে জানিয়া তাঁরে, আনন্দ লক্ষার ভরে স্বস্থিত হইলা খ্রীকিশোরী॥ ১০৫ गुगरमदत्र भत्रमि, डांत्र भूश्मनी, निर्मार्य (मिथ्या दाहे। পুৰ্কিত-কায়, ভাবেন হিয়ায় মুখ-সীমা নাহি পাই॥ ১০৬ এ কি । এহ শামা নয়। সেই নটবর, রসিক-শেখর, व्यामात्र वक्षणा द्य ॥ ১०१ করিফু' ইহার, আগে বার বার, প্রগল্ভতা কত মত। ইহারে জানিলে, সব স্থী মিলে. ইঙ্গিত করিবে কত। ১০৮ বিশেষে আপনি, পদারি ছুখানি, বাহু বন্ধু নিসু কোলে। জানিলে বন্ধুয়ে, সধীরা এখরে. পুরিবে হাসীর রোলে॥ ১০১ এ লাগি বিথারি. কিঞ্চিত চাতুরী, ফেলিব সকলে লাভে। কেছ কিছু তবে, কহিতে নারিবে. हेश नकरनत भारत । ১১०

্এই ভ মন্ত্রণা; করেন ভাবনা, **बिकिट्गाती गटन मटन**। কাঁহারে জড়িত, দেখিয়া হসিত, क्षी मधी मव खरा॥ ১১১ স্থি বড় সুথ পাল্যে শ্রামা-আলিঙ্গনে। স্পন্দন না দেখি তেঁই তোর অঙ্গগণে॥ ১১২ ব্রাধিকা ক্রেন শ্রামা শ্রামের প্রেয়সী। চাতে পারয়ে মুখ ইহারে পরশি ॥ ১১**৩** ভাগে এহ স্থামের প্রদাদ-মালা পরে। স্তান্থিত কর্য়া**ছে মোরে** তার গন্ধ-ভরে॥ ১১৪ ভোরাও ইহারে সবে কর আলিকন। মুখ পাবে খ্যামচান্দ পরসে যেমন॥ ১১৫ এন্ড কহি শ্রীরাধিকা শ্রামেরে ছাডিয়া। প্রথমে ললিতা তারে আলিম্বন দিলা॥ ১১৬ ভিহত পরশে জানি কিছ না কহিলা। এই রূপে.ক্রেমে সবে খ্যামে কোল দিলা ॥১১৭ পরে মূর হাক্স করি কিশোরী সুমতি। কহিছেন আপনার সংগীগণ-প্রতি॥ ১১৮ সন্ধী সব শুন বাণী. এই শ্ৰীমা গোয়ালিনী. মোর বড প্রিয়তম হয়। ক্ষ ভক্ত মালা পরি. সবে আলিম্বন করি. দিল আজি মুখ অতিশয়। ১১৯ অতএব যত্ন করি. মিলি সব সহচরী, বেশভ্ষা করহ ইহার। পত্রাবলী লেখ উরে. বান্দি দাও তার পরে, আমার কাচ্লি উজি আর॥ ১২০ পরাও আমার শাটী, দাও হার পরি-পাটী, কাটিভটে বান্ধহ প্রসনা। ষেধানে য়ে শোভে আর. দাও সেই অলঙ্গার, পূর্ণ কর আমার বাসনা॥ ১২১ রাধিকার বাণী শুনি, চতুরের শিরোমণি, সব স্থা শামেরে বেড়িয়া॥ কাচ্**লি** গ্**চাল যবে**, কম্পিক উরোজ তবে, ভূমিতলে পড়িল খসিয়া ॥ ১২২ ভাহা দেখি হাসে সবে. কহিছেন কৃষ্ণ ভবে, কৈলে ভোৱা অভ্রম আমারে। আমি দ্বাপেকা ছাড়ী, কাড়ী লই তার শাড়ী, আজ্ঞা দিল যে ভোগা স্বারে ॥ ১২৩

এত কহি আরভটা, কাড়ি রাধিকার শাটী, ধরিলেন বরজকিশোর। স্থচতুর সব সধী, তাহ। নেধি হাজমুখী, भनादेश (शन **5**ऍउद्र ॥ ५२8 ভবে নির্বন্ধন, দেখিয়া নাগর, অতি উলসিত-হিয়া। রাধা কোলে করি, স্বতন পালক্ষ উপরি, বসিলা পিয়া॥ ১২৫ শ্ৰীব্লাধিকা কন তাবে। তুমি দয়াময়, সকলের প্রতি, নিরপয় কেন মোরে॥ ১২৬ দেব রমণীর, লাজ বড়ধন যতনে রাখিতে হয়। ত্থাসি মোর কাছে, कृषि नात्रीत्वत्म, তাহারে করিলে ক্ষয়। ১২৭ কহাইলে কথা, আপন সমুখে, থাহা কহাবার নয়। আপুনি করিলে, কতমত স্তব, ধাহা না করিতে হয়॥ ১২৮ ক্রাইলে যোরে, क्षरहे डूनग्रा, যে কিছু অপর কাজ। হায় হায় হায়, ভাহাতে পড়িল, लाट इत्र भाषाय वाक ॥ ५२० শুনি এ সকল, ব্রঙ্গ-নাব্রীগণ, করিবেক উপহাস। কহ এ কিশোরী, গোকুল-ভিতরি কিরপে করিবে বাস ॥ ১৩০ কাত্র কহত ধনি, কাহে তুথ ভাবদি মুমাধুর-রস-পরিহাসে : প্রিম্নবি এ করম, স্বধরম ছোড়িয়ে, করত্ব আমিহ বহু আলে॥ ১৩১ দেখ দেখ করিয়া বিচার। জনম অবধি হেন, বচন-অন্ত-নদী, না পশিল শ্রেবণিক থার গ ১৩২ মতিশর লাজে রহসি, মুথ ঝাঁপিজে, মুখ দরশহ নাহি হোর। নিজ-আয়োজন, দুঢ় পরি রস্তণ, কবই মিলত নহি খোর। ১৩৩

অবধরি রমণী, বেশ বিভূষণ, কপট করিয়ে পরকাশ। कुलेख (मामद **स्कार मोनन.** চীতহি ভেল উলাস ॥ ১৩৪ उँच गम ज़ुरुन, ज़ुरुँ मम जीरन, वृधँ यय প্রাণ পিয়ারী। वृहँ मन्नमद्राम, जान मा भौदेहे, জানহঁ সাঁচ কিশোরী ॥ ১৩৫ স্থার সমান, গ্রামের বচন, প্রবণ করিয়া রাই। গদ গদ ভাষে, কহিছেন কিছু ছल ছल मिर्छ हाई॥ ১৩৬ বন্ধু হে তোমার যাহাতে মুখ। ভাহাই করিবে, তাহাতে আমার. ক্লাচিত নাহি হুখ॥ ১৩৭ তোমার সুখের, ' লাগিয়া তেঞ্জিমু, ধরম করম আমি। তোমারী হুখের, লাগিয়া উপেধিন্তু, ক্রের গৌরব স্বামী ॥ ১৩৮ ধাহাতে ভোমার, সুথের উদয় ভাহে যদি তু**থ হয়**। স্থু বলি মানে, **শে হুখেরে মহা,-**মোর মনে অসংশয়॥ ১৩১ তুমিহ রুসিক-চৃড়ামণি হও, क्उ-**जान त्रम**∙(क्शो। কিশোরী দাসীরে, স্থাখিত করিতে কর কত মত ধেলী। ১৪০ করিয়া প্রবণ, রাধার বচন, কহিছেন খ্যাম রায়। পরাণ-পিশ্বসি, তব স্কপ-ব্লাশি वहरन करा ना शत्र । ১৪১ তুমি তিজগভী, মুন্দর যুবতি-সমূহের শিরোমণি। नचीवानि नाती, পরাভবকারী. অপূর্দ্য লাবণী ধনী 🛭 ১৪২ জিনি মগুধার, অমৃতের সার, ভোমার বচন ধনী।

कत्रिक अंदन, সভায় প্রবণ, करमवद यमशानी ॥ ১६७ যেন আমাপ্রতি. ভোমার পিরিভি. তাহার উপমান্তান। আমি ত্রিজ্ঞাতে, না পাই দেখিতে. পাইবেক কেবা আন # ১৪৪ विधाजांत्र व्याहे, ं नहेंग्रा मनाहे, যদি করি আরোজন। তথাপি কিশোরি. শোধিতে না পারি. ত্তব প্ৰেম ঝণধন॥ ১৪৫ হেন প্রেম আলাপনে, গৌরাইয়া কতকণে, কিশোরী কিশোর চুইজন। অতি নির্জন দেখি, क्लरत्र वज़रे द्वरी. कांबरकान द्वरत्र मिना बन ॥ ১৪७ দোঁহে রসিকের চড়ামণি। তাঁহাদের ে ধেলারে, বর্ণন করিতে নারে, कार्षि गुर्श मन्त्रं जापनि ॥ ১৪৭ (म नौनात व्यवमात्न, भागास्त्र कुटेकात्न, অলসেতে করিলা শারন ভাহা জানি স্থীগণ, কাছে করি আগমন. যথোচিত করম্মে সেবন ॥ ১৪৮ ধবল চামর ধরি, করে মন্দ মন্দ করি, কেই কেই দোহারে বীজন ভাদ্বল জোগায় কেহ, চন্দনে লেপয়ে দেহ, (क्ट क्रब अञ्चनश्राह्म ॥ ১१৯ কেই প্রেম-রুসাবেশে, করে হাস পরিহাসে. (कर (मर्च (मेराइ मार्गी। শ্রীরঘুনন্দন জন, ধ্যান করে অফুক্রণ, প্রিয়াগণ সহ নীলম্পি॥ ১৫০

ইতি শ্রীগীতমালয়াং, রাগোদগার-বর্ণনং নাম,

একবিংশং গ্রন্থনা

# দ্বাবিংশ গ্রন্থন।

অথ প্রেম-বৈচিত্তা।

কভু গোরা সঙ্গীর্ত্তন করিতে করিতে।
ভাবাবেশে কহিতে লাগিলা আচন্থিতে॥ >
হার হার একি হল্য বিধি-বিড়ন্থন।
মোরে রাধি কোথা পেল গোকুল-জীবন॥ ২
এখনী করিতে ছিল হাস পরিহাস।
কোথা গেল উপেধিয়া সে সব বিলাস॥ ৩
ভাহারে না দেখি স্থির না হয় অন্তর।
দেখাইয়া দেহ হে স্বরূপ দামোদর॥ ৪
শীরঘুনন্দন কহে নিজ-অঙ্গ-প্রতি।
চাহিলেই দেধিতে পাইবে সে মুরতি॥ ৫

এक पिन तृत्पावरन, निष्ठ-श्राण-वसूत्रात, রাধা কর ধরাধরি করি। বন-শোভা দেখি দেখি, ভ্রমণ করেন সুখা, পাছে **পাছে দব সহচরী**॥ ৬ কিবা হয় স্বভাব প্রেমার। রয়্যাছেন নেত্রপথে, ততু রাধা নিজ-নাথে, দেখিতে না পান বনে তার ॥ १ তাহে হয়া বড় চুখী, ঝরিতে লাগিল আঁশি পুছিতে লাগিল। সধীগৰে। সহচরি কেহ ভোরা, দেখিয়াছ মনচোরা. মোরে রাখি গেল কোন বনে # ৮ করি নাই কিছু দোষ, নাহি করিয়াছি রোম, তবে কেন তেজিল আমায়। দেখিতে না পাই তারে, নারি স্থির হইবারে, कि रहेरव कर राग्न शह ॥ ৯ যদি কেহ কুপা করি, মোরে সেই বংশীধারী দেখাইয়া দেয় এইক্ষণে। তার কাছে একিশোরী, এইত জনম ভরি, দাসী হয়। রখে বিনা পরে ॥ ১০ অশ্বৰ তুমিহ হও বিষ্ণুর মূরতি। বন্ধুরে দেখাও কূপা করি মোর প্রতি 🛭 🤊 বট তুমি জটাধারী শিবজক্ত বট। বছু কোষা সেল ভাহা কুপা করি রুট 🛭 ১

**অশোক ভোমার নাম বড় অভিরাম**'। ষোর শোক নালিয়া সার্থক কর নাম॥ ১৩ কক্ষণ ভূমিত হও কক্ষণা-নিধান। कृत्क (मंबोहेरब स्मार्त्व क्य व्यान मान ॥>६ মাধবি তুমিহ হও মাধবের প্রিয়া। বন্ধু দেখাইয়া দাও করুণা করিয়া॥ ১৫ তুলসি ভূমিহ সদা থাক তার গায়। জান কোথা আছে বন্ধ দেখাহ আমায় ॥১৬ আর আর বত আছ তরু দেহ-ধারী। সকলেই হও ভোরা পরহিতকারী॥ ১৭ অতএব যোর হিত কর সবে তোরা। **(मधारेश किट्यांत्रीट्याश्य यय-८ठाता ॥** ১৮ ও রে মধুকর, ভোৱা নিরস্তর. থাকহ বন্ধুর কাছে। মোরে কুপা করি. কহি দাও হরি, এখন কোথায় আছে॥ ১১ यि मा कहित्व जाता। তবে তোরা সব. তাণু তাণু রব, নাহি কর বারে বারে॥২० তোমাদের ধনি. যেমন অশ্নি.— নিনাদ ভাবণে পশে। ভাহাতে পরাণ, করে আনচান, মন নাহি রহে বশে ॥ ২১ প্রবে রে কোকিল, ভারী মত শীল, তোর আমি জানি ভাল ভারী মত স্বর, ধৈগ্য-লাজ-হর, ভারী মত বট কাল ॥ ২২ তুমি দিবে ব্যথা, ইহা কোন কথা, পবনের দেখ রীত: করিতেছে মোর চিত। ২৩ ष द्व विषद्रापः তোর যত কাজ, তাহা ভানে সব জনে। করিতে ভোমার, অবলা-সংহার. কিবা ভয় আছে মনে ৷ ২৪

কালাৰ বিরুহে,

হতাশ্ম প্রবেশিল।

আজি মোর দেহে,

**জীরঘুনন্দন, বিরহে ধেমন**, कानकीत ह्यााडिन ॥ २४ এইরপ কহি কহি করেন ভ্রমণ। কালাচান্দ কাছে কাছে করেন গমন ॥ ২৬ তথাপি রাধিকা ভারে না পান দেখিতে। প্রেমের কুটিল গতি কে পারে বুঝিতে॥ ২৭ তবে পুন রাধা কন কিছু আগে গিয়া। বুঝি পদ্মা লয়া গেল তাহারে ডাকিয়া॥ ২৮ সেহ নিরস্তর করে আমার অহিত। নাগরো ভাহার সধী-প্রতি পুরুচিত ॥ ২১ তার কাছে হত্যে কি আইলে মধুকর। কহ কোথা এখন রব্যাছে শঠবর ॥ ৩০ পাঠাইল ভোমারে कি লইতে আমারে। নাহি যাব আমি তুমি কহ পিয়া তারে ॥ ৩১ আমরা সরল নারী সেহ অক্তে রত। তার সনে মোর প্রীতি না হয় সংগ্রত॥ ৩২ এই রূপ বন্ধ কথা কিশোরী কহিয়া। কান্দিতে লাগিলা প্রেমে বিভার হইয়া॥ ৩১ তবে আসি তাঁহার সাক্ষাতে। শ্ৰীকৃষ্ণ কহেন ধরি হাতে॥ ৩৪ একি একি পরাণ-প্রেয়সি। কি কারণে কাতর কান্দসি॥ ৩৫ সম্পূৰ্বে আমারে না দেবিরা। অবেষিচ গহনে ফিবিয়া # ৩৬ যেন কেহ কঠে মণি পরি। অবেষয়ে গহন ভিতরি॥ ৩৭ ধনি ধনি ভোমার প্রেমায় : অৰু করিয়াছে যে ভোমায়॥ ৩৮ এত কহি সুশীতল করে। পৌছেন ভাহার অঞ্চনীরে॥ ৩৯ কিশোরী ক্রফের কথা ভনি। नाटक रुना विनय-वननी । ८० ত্তবে বংশীধারী, কহেন কিশোরি. বনেতে ভ্রমণ করি। হইয়াছ প্রান্ত, অগদে আক্রান্ত. चारम किविज्ञाह्य भावी॥ ४১ শভএব ধিরে. নিকুঞ্জ-কুটারে,

চল চল বসবভি ৷

বিশ্রাম করিয়া, পালকে বসিয়া, श्रूथी क्य स्मात मिं ॥ १२ এত কহি হরি, কোঁর করে ধরি, নিক্ঞে লইয়া গিয়া। পালন্ধ-উপরে. বসিলা ভাহারে, নিপ্ত-কোলে বসাইয়া॥ ৪৩ তবে স্থীগণ, করয়ে বীজন, চামর ধরিয়া করে। कर्ज व हन्मन, করুয়ে লেপন, দোহাকার কলেবরে॥ ৪৪ ভাম-নিবারণ, ত্তবে কতক্ষণ, করিয়া রাধিকাগ্যাম। সবস অন্তর্ मध्य-मग्रा विनाम कविना काम ॥ ८४ াহা অফুমানি, जकम जननी, অপর কুখেতে গেলা। কিলোরা কিলোর, 🔧 আনন্দে বিভোর, বিলাসে মগন ভেলা॥ se ত্তবে তারা মদন-সমর-অবসানে । শয়ন করিলা দিব্য ক্লম্ম-শয়নে॥ ५१ নিজ-ভুজে নাগরের কণ্ঠ ধরি রাই। উপাধান করিলেন নাগরেরে বাই॥ ৪৮ मूर्थ भूरथ पुरक पुरक छंकारहेकि कति। নিদা যান গোছে কিবা শোভা মরি মরি॥ ১৯ মাঝে মাঝে পরস্পরে করেন চ্ম্বন। কভ স্বপ্ন-আবেশেতে দৃঢ় আলিম্বন॥ ৫• কভ নানা রস-কথা কছেন স্বপনে। যাহ। শুনি সখীগণ ক্রথ পায় মনে॥ ৫১ পরে তাঁহাদের গাঢ নিজ্ঞাবেশ দেখি। অন্ত কুঞ্জে শয়ন করিলা সব স্থী ॥ ৫২ শ্রীরঘুন দন কুঞ্জ-বাহিরে বাহিরে। জাগি থাকি সাবধানে ফিরে ধিরে ধিরে॥ ৫০ ইতি জীগীতমালায়াং প্রেমবৈচিতা-বর্ণনং নাম থাকিংশং গ্রন্থন্ম॥ ২২

#### ত্রয়োবিংশ গ্রন্থন।

অথ শ্যোগান্।

উঠ পোরা ভগবান্।
রজনী হইল অবদান ॥ ১
করিতেছে অরুণ উদয়।
তাহে অককার পায় ক্ষয়॥ ২
থিজনব স্থান করিবারে।
যাইছেন স্বর্গনী-ধারে॥ ৩
আপনিহ তেজিয়া শয়ন।
য়ান লাগি করহ গমন॥ ৪
লয়্যা দব প্রানোপকরণ।
দক্ষে যাকু শ্রীরবৃনন্দন॥ ৫

निमा-धारमान-कारम, अकिन्न-दिनामार्ग, নিদা ভেন্সী সব সহচরী। আসিয়া নিকুঞ্জ-দারে, বাই স্থামে জাগাবারে, কহিছেন ধিরি ধিরি করি॥ ৬ উঠ উঠ নাগর নাগরী। রজনী হয়াছে শেষ, ছাড় এবে নিদ্রাবেশ, উঠি দেখ প্রভাত-মাধুরী॥ ৭ (पशिशा दक्ष-ग-क्षत्र, विज्ञदाक महागय, প্রেবেশয়ে অস্তাচল বনে : কুমুদিনী ভার প্রিয়া, ভার দশা নির্বিধা, খান কৈল আপন বদনে॥৮ অরুণ-উদয় দেখি, কমলিনী হয় সুখা, তাহে মোরা উপমান করি। প্রোষিতপতির বরে, আগমনবাদি-চরে, দেখি যেন পতিব্ৰতা নারী॥ ১ পদ্মিনীর শোভা হেরি, কুম্দিনী-সঙ্গ ছাড়ি, ভার কাছে ভ্রমর চলয়। किर्माति किरमात्र छन, कामवर्त अहे छन, নব নব রুসে শুরু হয়॥ ১० मधौरमत कथा छनि नाभन्नो नाभन्न। উঠিয়া বসিলা দোঁহে শধ্যার উপর ॥ ১১ তবে সহচরী সব খল আনিদিলা। ভাহে মুধ-প্রকালন ভাহারা করিলা ৷ ১২

ত্তবে ক্লম কহিছেন ভূপতি-নন্দিনি। ভানিলে ত আপনার সধীদের বা ।।। ১৩ ইচারা,অলির গুণ করিতে বর্ণন। করিল আমার প্রতি ইন্সিত রচন ॥ ১৪ ভাষ ফল ইহাদিগে আমিহ দেখাই। প্রাণপ্রিয়ে যদি তব অনুমতি পাই॥ ১৫ তাহা শুনি শ্রীরাধিক' আনন্দিত-মতি। নয়ন-ভঙ্গীতে তাঁরে দিলা অনুমতি॥ ১৬ তবে তিঁহ উঠি ললিতাদি সখীজনে। করেন চম্বন আলিক্বন জনে জনে॥ ১৭ ভাহা দেখি মৃত্ব মৃত্ব হাসেন কিশোরী। ার প্রতি কহেন সকল সহচরী॥ ১৮ রাই তব শয়নের রক। করিলাম মোরা সবে ভঙ্গ ॥ ১৯ তেঁই ক্রোধ করি মো সবারে। অপমান করাল্যে ইহারে॥ ২০ থাক ভোৱা স্বথেতে শ্বভিয়া। মোরা ধাই ভবনে চলিয়া॥২১ আর কদাচিতো ভোমা সনে। আসিব না খেলাইতে বনে॥ ২২ আমাদিগে ভাল বাস যত। তাহা আজি হইল বেকত॥২৩ এত কহি তাহার। সকলে। ষর যাইবারে মনে চলে ॥ ২৪ কিশোরী-মোহন তা দেখিয়া। লড়াইলা পথ আগোরিয়া॥২৫ ললিভা কহেন মোরা কেহ নহি রাধা। ত্তবে কেন মোদের গমনে কর বাধা ॥ ২৬ উহারেই লয়া থাক কুঞ্জের ভিতরি। আমাদের পথ ছাডি দেহ তুরা করি॥ ২৭ রাধিকা কহেন সধি এ কেমন রীত। ভাল করিলেও কহ করিলে অহিও ৷ ২৮ ষার লাগি সদা মোরে কর অমুরোধ। তাহা সাধি দিনু ভড় কেন কর ক্রোধ । ২১ ব্রাধার বচন গুনি যন্ত সধিগণ। হাসি হাসি ভার প্রতি কছেন ২চন 🛭 ৩০ মবি মবি সৰি জোর লইয়া বালাই।

শিধিলে এসৰ ৰুখা তমি ৰাব ঠাই ॥ ৩১

1

বুনি এই শঠের নিকটে এই গুণ শিবিয়াছ এহ বড় ইহাতে নিপুণ॥ ৩২ **এীক্ষ্ণ কহেন ভোরা বস্তু একবার।** করহ আপন সধী সহিতে বিচার॥৩৩ বিচার করিলে মোরা জানিবারে পারি। ভোৱা মিখ্যাবাদী বট অথবা কিশোরী॥ ৩৪ ললিভঃ ক্ষেন্ বিচার করিব, व्यान मित्न এই कथा। গোকুলে চলহ, এখন সকলে. নাহি রহ আর এথা।। ৩৫ দেখহ বাহিরে যাই ! অকণ-কিরণ, বাল মল করে. দেশি বড় ভয় পাই॥ ৩৬ महाहे ५४१, থল লোকে সব, খুজিয়া **ধুজিয়া বোলে**। যাইতে যাইতে, यि (कश्र (मर्ल, গোকৃল পুরিবে রোলে ॥ ৩৭ ললিভা-বচন, প্রবণ করিয়া. ভাল ভাল ৰলি সবে। আপন আপন, পথেতে পয়াণ, করিলা গোকুলে ভবে॥ ৩৮ শয়ন করিলা ভাহারা সকলে, আপন আপন হরে। শ্রীরঘুনন্দন, শ্রীকৃষ্ণ-চরণ, गुड गुड (भवा करत्र ॥ ७৯ ইতি এীগীতমালায়াং শয্যোপান-বর্ণনং নাম ত্রয়োবিংশং গ্রন্থনম্ ॥ ২৩

# চতুর্বিবংশ গ্রন্থন।

অথ দোল-যাত্রা।

নদিয়া নগরে গোরা রায় ।
হোরী থেলে সানন্দ হিরার ॥ ১
গদাধর-আদি ভক্ত-সনে ।
গোন করে শ্রীবাস-অঙ্গনে ॥ ২
ফাণ্ড লয়া সুরুষ চিক্প ।
গোরা গায় দেয় ভক্তগণ ॥ ৩

কিবা শোভে তাহে পৌর হরি।
সক্ষ্যা-মেখে বেন হেম-গিরি॥ ৪
ভাবাবেশে দিয়া করতালী।
কহে হারিলে হে বনমালী॥ ৫
শরণ মাগহ যদি মোয়।
তবে আজি ছাড়ি দিব তোয়॥ ৬
শ্রীরঘূনন্দন দেখি কয়।
এ ভাব বৃদ্ধিতে কে পারয়॥ ৭

हात्री (बना कत्रि मत्न, "প্রবেশিয়া तृत्माज्ञन. নাগর কানাই কুড়হলী। মনে অতি অমুরাগ, গাইলা বসম্ভ রাগ, অধরেতে ধরিয়া মুরলী ॥ ৮ সেই ধনি শুনি গোপীগণ। ভেজি কুল-ভয়-লাজ, দেখিতে নাগররাজ, হল্যা সবে উৎক্তি-মন॥ ১ বিলম্ম সহিতে নারে. াঁশী ডাকে বারে বারে. ভাহা শুমি করয়ে ভং স্না। বে ডাকডিয়া বাঁলী, অবলার সর্বানালী, স্থির হওপ্তনহ বারণা॥ ১০ লইয়াছ কুলমান, আছে মাত্ৰ শেষ প্ৰাণ, ভাও বুঝি করিবে হরণ। শ্বির হও এক লব, যাইডেছি মোরা সব। আর নাহি করহ গর্জন ॥ ১১ কহি এই সব কথা, বেশ করি যথা তথা, চলিলেন বজ-নারীপণ। ভাছাদ্দের অভিমত হোরীর খেলনা বত, नवा यात्र जीवपूनसन ॥ >२ গোপিকা সৰলে দেখি কছেন নাগর। কে বট ভোমরা মোর বনের ভিতর 🛭 ১৩ ঝতরাজাদেশে আমি রাখি বে এ বন। প্রবেশিতে নাহি পার ইথে কোনো জন। ১৪ ভোমাদ্দের দেখি বড় গরব-বিধার। প্রবেশিছ এথা আজ্ঞা না লই আমার ॥ ১৫ কুষ্ণবাণা শুনি হাসি কহে গোপীগণ। মরিলাম মোরা লাজে শুনিয়া বচন 🛭 ১৬ বন্ত-চুরি গোরাখালী ভরণি বাহন। वाकी नाहे इहेबाट्ड मकन कार्न # >1

এক মাত্র বনের রাখালী বাকী ছিল।
মরি মরি ভাগ্যে বৃধি তাহাও ঘটিল। ১৮
শীরবৃনন্দন কচে বনের রাখালী।
তোমাদেরী লাগি ইথে নাহি দাও গালী॥১৯

কহিছেন হাসি বনমালী।

কটু কথা না কহ গোয়ালী॥২০
নিজ কার্য্য-লাসি সব জন।
করে তৃচ্ছ কর্ম আচরণ॥২১
ভন ভন তাহার প্রমাণ।
যাহা ভনি জনমিবে জ্ঞান॥২২
প্রঞ্জয় রাজার বাহন।
হয়া ইশ্রু করিলা বহন॥২৩
শ্রীরঘ্নন্দন কপিসনে।
করিছিলা সধ্য আচরণে॥২৪

গোপিকা সকল কহে সত্য এ ভারতী।
ধন লাগি বুব হয়াছিলা সুরপতি॥২৫
রামচল করিছিলা সখ্য কপিসনে।
ভানকী-রমণী-লাভ ইচ্ছা করি মনে॥২৬
তৃমি বন রক্ষা করি পাবে কিবা ধন।
কোন বা রমণী পাবে না হয় দর্শন॥২৭
কানাই কহেন নাহি জানহ গোয়ালী।
অনেক লাভের হেতু বনের রাখালী।২৮
এই বনে ধে তলিবে পত্র কুল ফল।
কাড়ি নিব তার শাড়ী ভূষণ সকল॥২৯
তার মধ্যে ধদি কোন নারী লাগে মনে।
ভাহারে রাখিব লয়া। নিকুঞ্জ-ভবনে॥৩০
ব্রীরঘুনন্দন কহে ব্রভের রমণী।
কেহ তব মনে নাহি লাগে মোরা ভানি॥৩১

এ এখা ভনিরা, ক্রেন হাসিরা,
ললিতা নাগর-রাজে।
ভনিরা ডোমার, বচন-বিথার,
মরিলাম মোরা লাজে।
এজে বতনারী আছে।
মদন রমনী, গাঁড়াইডে মারে,
ক্সু ইহাদের কাছে।
ভঙ্গাংগার রূপ, গেথি শুলগানি,
মন্দন মোহিড হয়।

মনেতে লাগিবে, ভাহারা ভোমার. কি করিয়া মহাশর। ৩৪ ভালই হয়াছে. লাগে নাই মনে, তেই আছে তব মান। অক্তবা কামেতে. ধরিতে বাইয়া. মান হতা অবসান । ৩৫ কিশোরী-আদেশে. হিত উপদেশ. করিভেছি ভোহে আমি। এমত বচন, কোথাও কখনো, না কয়া রাখাল-সামী ॥ ৩৬ রার্থিকা কছেন তন বাণী। খ্যামের বচন মিছা মানি ॥ ৩৭ সুবপতি-অম করি রূপে। পা**ইছিলা অম্বরের ধনে** ॥ ৩৮ शाम चार्मानित्र ना जिनिया । পাইবেন ধন কি করিয়া॥ ৩৯ হোরী খেলা করি মো-সবারে। ষদ্যপি পারেন জিনিবারে॥৪• তবে আশা যে করেন গ্রাম। সিদ্ধ হত্যে পারে সেই কাম # 8১ বদি মোরা জিতি হোরী খেলি ৷ कार्ष निव जात्मन्न मून्नी ॥ ४२ কিশোরীর শুনিয়া বচন। ভাল ভাল বলে স্থীগণ॥ ৪৩ **এত কহি কৃঞ্সনে যত গোপী**গণ। হোরী থেলা আরম্ভিলা আনন্দিত-মন॥ ৪৪ একপক হইলা বাবত গোপনারী। আর পক্ষ একলা রসিক বনোয়ারী ॥ ১৫ হুই **দলে** ফাগু-বুষ্টি করে পরস্পরে। **ঢাকিলেক বাহাতে পপন দিগত্তরে॥** ৪৬ সেইত আবিরে সব হল্য অন্ধকার। প্রবেশিতে নারে দৃষ্টি ভিতরে যাহার॥ ৪৭ কিন্ত হেন বেপ প্রকাশিলা বনোয়ারী। ৰাহা সহু কবিতে না পাবে পোপনারী॥ ৪৮ তবে এক যুক্তি করিয়া গোপীপৰ। শ্ৰীক্ষেয়ে চারিদিকে করিলা বেষ্ট্রন॥ ১১ চারিদিকে বৃষ্টি করে ফাণ্ড বাশি রাশি। কিশোরী যোগান ফাঞ্চ আনি ছাসি হাসি এ৫০

তবে হাসি জীৱাধিক। কন। অক্সায় না কর সধীগণ ॥ ৫১ ভোরা সবে হয়াছ **অনেক**। নাগরের সাঁথী নাহি এক॥ ৫২ দেধ দেখ হয়াছে কাতর। এলাগিয়া ছাড়য়ে সমর॥৫৩ ভকায়্যাছে বদন উহার। क्रमप्र कॅांशरप यनिवात्र ॥ ८८ দেখিতে না পাই হাসি মুখে। পাইতেছি আমি বড় ইবে॥ ৫৫ কিশোরীর কথা শুন তোরা। ছাড়ি দেহ গোপীপটচোরা॥ ৫৬ রাধার বচন. করিয়া প্রবণ, ললিতা কহেন হাসি। রাই সব জনে, আনম্বে ভূবনে, ভোমারে করণা-রাশি ॥ ৫৭ কিছ কথা তব. মোরা না ভনিব. না ছাডিব এ সমর। না পার দেখিতে, তুথ হয় চিতে, ভবে তুমি যাহ **হর। ৫৮** মোরা সবে মিলি. त्रक्षम जामि. শঠে স্নান করাইব। গোপনারীগণ, বসনহরণ, क्ष चाकि इक्षादेव ॥ ४৯ অথবা ইহার. উপরি তোমার, यनि नदा रद मत्न । ইহার সহায়, হয়া মোসবায়, পরাজয় কর রবে ॥ ৩০ না দেখি ইছার, ইহা বিনে স্বার. পরিত্রাণ কোনো মতে। কিশোরি ভোমার, ৰে হয় বিচার, তাহা কর অচিরাতে ৷ ৬১ শ্ৰীকৃষ্ণ কৰেন শুন গলিতা বচন। নাহি চাহি আমিহ সহায় কোনো জন 🛭 ৬২ বকাছর **অখা**লুরে বে করিল জয়। অবলা বুষৰীগণে সেহ কি গণর 🛚 ৬৩ বে ধরিল বামকরে করি গিরিরা**জ**। কাল-রণে ভাহার সহায়ে কিবা কাজ। ৬৪

মহারাসে কামরণে কোটি অবলায়। (य जिनिन काल-त्राप (प्रकि माँथी हाम ॥ ४० শ্রীরঘুনন্দন করে সব সভ্য হয়। ধদি আজি করিতে পারহ রণ-জয়॥ ৬৬ এত কহি হেন বেগে ভ্রমেন মুরারি। ষাহে নিজ আগে তাঁরে দেখে সব নারী॥ ৬৭ িই এককালে দেন সকলে আবীর। যেন লভাগণে মেব রুষ্টি করে নার॥ ১৮ ভার ভয়ে গোপী সব নয়ন মুদিলা। তবে কৃষ্ণ মগুলীর বীহিরে আইলা॥ ৬.. তাহা না জানিয়া ক্ষণ আছেন মানিয়া। গোণীসৰ ফাগু ছোড়ে জিনিতু বলিয়া॥ ৭০ তাহা দেখি হাসি কম কিশোরী-মোহন। ভাল গুদ্ধ করিভেছ গোপনারীগণ॥ ৭১ নাগরের কথা ভনি, যত গোপনিতঙ্গিনী, नाम भारे कृत्त्र ना तहन। তাহা ঢাকিবার আশে, প্রথরা ললিভা ভাষে, করিয়া গরব প্রকাশন॥ ৭২ শুন ও হে নিলজ কানাই। রণ ছাড়ি পলাইয়াঁ, হাসিতেছ কি করিয়া বুঝি তব কিছু লাজ নাই॥ ৭৩ ছিছি নারীসঙ্গে হারি, খেলাইতে নাহি পারি, পলাইলে তুমি কি করিয়া। সে বিক্রেম কি হইল. সে গরব কোথা গেল, মোরা লাজে গেলাম ড্বিয়া॥ ৭৪ ভূমি কৈলে পলায়ন, করি মোরা নিরীক্ষণ, নিজে নিজে খেলা মৃদ্ধ করি। ইথে মো-সবারে অন্ধ, নাহি মান ফান্ড গৰু, লাগে নাই নম্বন ভিতরি॥ ৭৫ তব মুখ নির্বিয়া, মনে উপজিল দুয়া, করিলাম ক্ষমা একবার। मारी द्रापि औकिएगारी, भूनकाद (यह हर्दि, কবিব ভোমার প্রতিকার ॥ ৭৬ শ্রীকৃষ্ণ করেন জয় না করি আমায়। মিছা এত গরব করিতে না যুয়ায়॥ ৭৭ সমরেতে গোন্ধা সব করে অন্তর্গান। ভাহে পরাজয় বলে কিবা জ্ঞানবান ॥ ৭৮

ভাবে আমি দাঁড়াইয়া রয়্যাছি সাক্ষাতে।
ইথে কিরপেতে হারি ঘটিবে আমাতে॥ ৭৯
বরঞ্চ করিলে ভালমতে বিবেচনে।
ভোমাদেরী পরাজয় হয় এই রণে॥ ৮০
দেখ ভোরা হয়্যাছ অনেক এক পক্ষ।
ভভূ মোরে করিতে নারিলে কেহ লক্ষ॥ ৮১
কর জোড় করি কহে শ্রীরঘুনন্দন।
চোরের আশ্চর্য্য শক্তি জানে সব জন॥ ৮২
ললিভা কহই, নাগর ব্রান্ত,
ভোমার মনের কথা।
অনেকের সনে, ফান্ত খেলাইতে,
ভুমি পাইতেছ ব্যথা॥ ৮০

কহিতেছ পরকারে।

ভোমরা অনেক,

্রোমরা অনেক.

এই কথা বারে বারে॥৮৪ আমি হিত বাণী, কহিয়ে তোমারে. ছাড়িয়া এমত রণ। এক এক জন, সহিত সমর. কর এই মোর মন॥ ৮৫ যদি কোনো মতে, কোনো জনেতাহে, পার তুমি জিনিবারে। তবে ব্রজে গিয়া. মুখ দেখাবারে, উপায় হইতে পারে॥ ৮৬ ইহাতেও যদি, তুমি নাহি পার, কারেও করিতে জয়। শ্রীরঘনন্দনে, তবে সাখী রাখি, করিব মনে থে লয় ॥ ৮৭

এত শুনি কহিছেন শ্রীনন্দ-তনয়।
ললিতে এ কথা তব মোর হিত নয়॥ ৮৮
সমর করিয়া এক একজন সনে।
কতকালে জিনিব আমিহ সবজনে॥ ৮৯
অতএব তোমাদের থে হয় প্রধান।
তাহারেই সমরে করাও আশুরান॥ ৯০
তার জয় হইলে সবারি হবে জয়।
হারিলেও সবারী হইবে পরাজয়। ৯১
তাহা শুনি ভাল ভাল বলি গোপীর্গণ।
বৃষভান্-নন্দিনীরে কহে এ বচন॥ ৯২

প্রিয়দবি তুমি আবে নাগরের সনে।
আরস্ত করহ করিবারে ফাগুরণে। ১০
প্রধানের সনে রণ বাঞ্চয়ে নাগর।
তুমিহ প্রধান হও মোদের ভিতর। ১৪
হারাইয়া শঠে কার্যা সাধহ স্বার।
কোনো ভয় না করিবে স্ক্রেন্সানার। ১৫
মোরা সবে দাঁড়ায়া রয়াছি কাছে তোর।
কি করিতে পারিবে কিশোরি ননীচোর॥১৬

স্থীর বচন, করিয়া প্রবণ, কিশোরী স্থবিতহিয়া। বাঞ্জিলেন কসি, মৃত্ মৃত্র হাসি, কেশ পাশে ডোরী দিয়া॥ ৯৭ কি বা সে মধুরবেশ। উতরি অঞ্চলে, বান্ধি কুতুহলে, पृष् कति **गधारम्य ॥** ১৮ অবীরে করিয়া, অঞ্চল ভরিষা, কুমকুমা লইলা ভাতে। ়ণ গেডু কত, নিলা শত শত. ক্ল ধতু বাম হাতে। ১৯ তেন বেশ দেখি. কানু হয়া সুখী, ভাবিছেন মনে. মনে। কামের ধরণী. আইল। ধর্ণী, यनिवादा स्थात भरन ॥ ১०० এ বেশ দেখিয়া. কাপিতেছে হিয়া, কি করি করিব রণ। औद्रधनम्ब. করে নিবেদন,

তবে রাধা প্রাম পোহে আবীর-মধর।
আরম্ভিলা অভিশয় সানন্দ-অপর॥ ১০০
চারিদিরে ছেরিয়া লাড়ায়া স্থানন।
গীতবাদ্য করে আর করে নিরীক্ষণ ॥ ১০০
পানি-পুরি আবীর লইয়া গুইজন।
পরস্পর উপরিতে করেন ক্ষেপণ॥ ১০৪
সেইত আবীরে সব ঢাকিল পরন।
রক্তবর্ণ হল্য বত তরুলভারণ ॥ ১০৫
ভাহে পশুপাধী অলি সব হল্য লাল।
ক্ষব কিশোৱীরণ আর শ্রীরোপাল ॥ ১০৬

স্থির কর প্রভু মন॥ ১০১

তবে রাধা ফাগুমুষ্টি করিয়া ধারণ । কঞ্চনেত্রে দিব বলি করিলা ক্ষেপণ॥ ১০৭ তাহা দেখি নিক্ষেপিলা নাগর আবীর। সেহ ভাহা রোধ কৈল যেন তীরে তীর 🛭 ১৯৮ তবে কৃষ্ণ ব্লাধিকার নেত্রে দিব বলি : আবীর ছাড়িলা অতিশয় কুতুহলী ॥ ১০৯ তিহ পূর্ব্বমতে কৈলা ভাহা নিবারণ। এই মতে করিছেন দৌহে মহারণ ॥ ১১০ কভু দোহে কুমকুমা করেতে করি ধরি। কেপণ করেন হুই জনের উপরি॥ ১১১ সেইত কুমকুমা ঠেকাঠেকি পরম্পরে। ভাঙ্গিয়া ভাঙ্গিয়া পড়ে ধরণী উপরে ॥ ১১২ কভু ফুল-গেঁডু ধরি করেন ক্লেপণ বুঝি কামরতি করে শরে শরে রুণ॥ ১১৩ শ্রীরযুনন্দন কহে ইহা সভ্য নয়। কামরতি কোন চ্ছার তুলনা না হয় ॥ ১১৪ পুনর্মার আবীর ছোড়েন চুইজন। তাহে অন্ধকারপ্রায় হইল কানন ॥ ১১৫ অন্ধকারে তবে দোহে মুদিয়া নয়ন। ফান্ডরষ্টি করি করি করেন এমণ॥ ১১৬ হেন মতে নেত্রগৃদি ভ্রমিতে ভ্রমিতে। রাই-অঙ্গ পরশিলা কৃষ্ণ আচদ্বিতে॥ ১১৭ ছুইমাত্র স্থাব্দ স্বর হল্যা দামোদর। প্রতিমার মত নাহি চলে পদ কর॥ ১১৮ ভাহা দেখি আনন্দিত রাধা হাসি হাসি। তাঁহার অঙ্গেতে দেন ফাগু রাশি রাশি॥ ১১৯ চৌদিলে কিশোরীগণ দিয়া করভালী কৌতুক করিয়া গান করয়ে দামালি ॥ ১২ ০ ছিছি একি একি হলা লাজ-হোরিতে হারিলে শঠরাজ্ঞ ১২১ রুমণীর নিকটে হারিলে। আপনাগরন খোয়াইলে ॥ ১২২ অবলার বসন হরণ। আজি কোথা করিল পমন॥ ১২৩ क्षन नाथ। मथुत्रात्र शास्त्रे। আজি পলাইল কোন বাটে॥ ১২৪ ভাঙ্গাতরা লয়া গোপীদিকে। ত্রখ দেয়া গেল কোন দিকে। ১২৫

গিরিধরা গরব । কিশোরী ক আঞ্জি দুরু॥ ১২৬ পুন হসি হাস. ললিত। রপসী, কহিছেন গ্রামচান্দে। আহা মরি মরি. এ দশা তোমার, **(मिथ भार यन काल्म ॥ ১**२१ छन्द निम्छ-त्राधः। তোমার লাগিয়া. ভাবিয়া ভাবিয়া, মোর গেল সব কাব্দ # ১২৮ नात्रीत निकटि. সমরে হারিয়া গোকুল নগরে পিয়া। আহা মরি মরি. কিরূপে দেখাবে. এ বদন প্ৰকাশিয়া॥ ১২৯ সভএব আমি. হিড বাণী কহি. তে!ে অকপট মনে। পিচিকারী লয়া, 'পুন রণ কর, মোদের স্থার স্লে॥ ১৩০ ভাহাতেও যদি, জিনিতে পারহ. তবে কিছু ভাল হয়। অগ্রখা কিরুপে, ব্রঞ্জের ভিতরি. ষাইবেন মহাশয় ॥ ১৩১ নাগর কহেন. ত্ৰ স্থী মোৱে. यक्ति ना ছোष्ट्रिन द्रापा তবে যে কহিবে. म् त्रन कतिव. সাধী রাখি সাধুজনে॥ ১৩২ जीववृतस्मत्र, কর স্পোড়ি কয়. পরণামে এ বেলায় ৷ ষার লাগি খেলা, করিতে আইলা, বারণ করম্বে ভাষ ॥ ১৩৩

লণিতা কহেন শুন নিলন্ধ কানাই।
কি লাগিয়া ছোবে তোছে বিনোদিনী রাই ॥১৩৪
নাহি কহ হেন কথা তুমি আরবার।
শুনিলে অথশ হবে ত্রন্দে রাধিকার ॥ ১৩৫
পতিব্রতা-শিরোমণি মোর সহচরী।
পরপ্রবেরে নাহি ছোর করে করি॥ ১৩৮
অতথ্য তুমি সেই শক্ষা পরিহরি।
চকারী ধরি॥ ১৩৭

তথে রাধা গ্রাম ধরি ছেম-পিচিকারী। দোঁহে দোহা অফে দিল ভভ গৰবারি॥ ১৩৮ তাহা দেখি **ললিতা-প্রস্তৃতি স্থীপ**ণ। কহিছেন পরস্পরে আনন্দিতমন ॥ ১৩১ দেখ দে**খ অদভত সব সহচরী**। জলদ-চপলা দোঁহে বর্ষে হুত্পরি॥ ১৪০ মেৰে বৃষ্টি করে অল দেখি সব ঠাই। সৌলামিনী বৰ্ষে জল কভু শুনি নাই ॥১৪১ শ্রীরঘুনন্দন কছে শুন গোপীগণ। व्यक्ष्कुछ इम्न এই সৌদার্মিনী यन ॥ ১৪২ এই ऋপ जनगुष्क देनना वर्षक्रन । কিন্তু ভাহে জয়া না হইলা কোনো জন ॥ ১৪৩ গন্ধল স্থা-জলে ভিজিল বসন। তাহা দেখি কহিতে লাগিলা স্থীপণ । ১৪৪ বৃথিশাম তোরা দোহে এ যুদ্ধে সমান। অভএব যোগ্য হয় করিতে সম্মান॥ ১৪৫ শুক্ষপট পরি চড় এইত দোলায়। িসেবন করিব মোরা ভোদিলে দোঁহায়॥ ১৪৬ তবে শুদ্ধ-বাস পরি কিশোর কিশোরী। আবোহিয়া বসিলেন দোলার উপরি॥ ১৪৭ কিবা সেই **দোলা হয় সুবর্ণ-রচি**ত। সিত-রক্ত-নালবর্ণ মণিতে খচিত ॥ ১৪৮ দোলে কত ভাহে মৃক্তা কুম্ম-ঝালর। স্রচিত্রিত চন্দাতপ বালিশ বিস্তর ॥ ১৪৯ নানাবৰ্ণ পট ভোৱা বন্ধ চারি পায়। সখীগণ হুই দিকে থাকিয়া দোলায়॥ ১৫০ কিবা শোভে দোলার উপরি রাইশ্রাম। বিমানের উপরিতে ধেন রতিকাম ॥ ১৫১ সধীদব পূপ্প-রৃষ্টি ফাগু-রুষ্টি করে। কিশোরী-কিশোর-গুণ গার মিষ্টস্বরে ॥১৫২ দেধ দেধ বাই নট বাজে। দোলার উপরি কিবা সা তে ॥ ১৫৩ হ ইয়া**ছে বেন একওর**। श्रिव (मोनायिनी सन्वत्र ॥ ১৫৪ কিবা মিলিয়াছে অভি ভাল। হেমলতা তকুণ তমাল ৷ ১৫৫ দোহার মাধুরী চাখি চাখি। জুড়ায় মোদের মন আঁখি ৷৷ ১৫৬

(मर्थ (मर्थ मृत्व এकमन। **बिकित्मादी कित्मादी त्याहर ॥ ५८**१ দোলার উপরি, কিশোর কিশোরী, চুই জন শোভা পায়। মাথে জলধর, হেম-ধরাধর-, বিজুরী বেমন ভাষ ॥ ১৫৮ কিবা **দোলে স্থামরাই**। नीम উउপन, হেম শতদল. . যেমন পবন পাই॥ ১৫৯ যবে খনে খন, গমনাগমন, करत्र (भाना (वन रतन । তবে ভয় পাই, পণারিরা বাই, वाहे ध्रत्र णाम-नरम ॥ ১७० তাহা দেখি হুখে, মূহ হাদি মূখে, निजामि मधीमव। করে ঘনে ঘন, কুমুম বর্ষণ, আর জয় জয় রব॥ ১৬১ চলায় চামর, উড়ায় আতর, গোলাব অবিীর রোরী : শিরদুনন্দ্র, করয়ে ভাবন, সেই শোভা মনোহারী ॥ ১৬২ ইতি এীরবুনন্দন গোস্বামি-বিরচিভায়াং গীত্যালায়াং দোল-যাত্রা-বর্ণনং নাম

### পঞ্বিংশ গ্রন্থন।

চতুর্বিংশং গ্রন্থনম ॥ ২৪॥

অথ বাসন্তিক-রাস্যাত্র।

মধুর মাধব মাস মধুর রজনি।
উদয় করিল ভাহে পূর্ণ বিজমনি॥ ১
বিক্সিত হইয়াছে নানা জাতি ফুল।
গান করিতেছে ভাহে মধুকর-কুল॥ ২
বসন্তের শোভা দেখি গোরা ছথিমনে।
সকার্তন আরম্ভিলা জীবাস-অঙ্গনে॥ ৩
চতুর্দিসে ভক্তগণ করমে কীর্তন।
মানো গোরা নটরাম করেন নর্তন॥ ৪

কতু নিজকরে ধরি গদাধর-কর। নতন করেন প্রভূ সরস অগুর॥ ৫ শ্রীরঘুনন্দন আদি যত ভক্তজন। মৃদক্ষ মন্দিরা বীণা করমে বাজন॥ ৬

মধুর মাধ্ব মাদ, পূৰ্বশন্দি-পর্কাশ, বিক্ষিত ভক্ত-লভাগণ। কোকিলের বুহুরব ७अरत जगत भव, मन मन वरह मभीवन । १ এসকল দেখি ভগবান। রাস করিবার মনে, গোবর্দ্ধনিরি-বনে বালীতে করিলা এই গান 🛭 ৮ মম প্রাণ-অধীশ্বরি, তুন তুন ও কিশোরি, কৰ্ণ পাতি আমার বচন। গোবদনগিরি-বন, শোভা করি দরশন, রাস করিবারে হয় মন॥ ৯ অভএব সহচরী, সকলেরে সঙ্গে করি, তুমি এথা করি আগমন। পূর্ণ কর আশা মোর, দেখিতে বদন ভোর, বাস্তা করে কিশোরিমোহন॥ ১০ সেই গান শুনি রাধা আনন্দে মোহিত। নয়নে গলয়ে লোর কহেন কিঞ্চিত। ১১ মুরলীরে তুমি আর নাহি কর পান। যাইতেছি মোরা সবে তব সন্নিধান॥ ১২ লইয়াছ তুমি আমাদের মন প্রাণ। সকলে জানায়্যা কেন কর অপমান॥ ১৩ লালত। কছেন সথি **কেমনে** উন্মাদ। মুরলীর সনে ধাহে করিতেছ বাদ॥ ১৪ বা**লীতে ডাকিছে কালাচান্দ** বার বার ৷ অতএব বেশ করি কর অভিসার॥ ১৫ রাধিক। কহেন বালী শুনে না বারণ। কি করি হইবে এবে বেশ-নিরচন ॥ ১৬ অই শুন বাজিতেছে বালী উভরায়। আত্ত আত্ত আর গৌণ সহা নাছি ধার॥ ১৭ এত কহি শ্রীকিশোরী প্রস্থান করিলা। পাছে পাছে সহচ্বী সকল চলিলা # ১৮ যাইতে যাইতে, ললিভা সুন্দরী, কহিছেন বিশাখারে।

मिथ (५२ (५४. রাধার মাধুরী, নাহি পারি কহি বারে॥ ১৯ একি রূপ চমংকার। বেশ ভূষা কিছু, ना रक्षाटि उर्जू, সভাবেই উজিআর॥ ২০ বিজুৱা-সমান, শরীরের ছটা, চারি দিকে পড়িতেছে। যাহার পরশে, ভূতল গগন, ঝলমল করিভেছে॥ ২১ ় কিবা সাজাইবে, এ অঙ্গসকলে. স্বৰ্মণি আভরণ। পূর্ণ শশধর, জ্যোংখারে সাজায়, কোথা খদ্যোতের গণ॥ ২২ কিশোরীর মুখ, আর শশ্ধর. দোঁহারেই দেখ স্থি। এ মুখে: কাছে, আমি শশধর, আতি তুক্ত করি লেখি॥ ২৩ রাধিকা আইলা কাছে দেখি নটরাজ। পুকাইলা কৌতুকেতে এক গুহা-মাজ ॥ ২৪ ক্ষে না দেখিয়া রাণা ছাড়িয়া নিগাস। ললিতারে কহিছেন গদ গদ ভাষ॥ ২৫ স্থি বুথা হইল সকল পরিভাম। দেখিতে না পাই এথা সেই প্রিয়তম॥ ২৬ বুঝি অক্ত কোনো জন আপন প্রিয়ারে। ডাকিয়া থাকিবে সেই বেণুরবন্ধারে॥ ২৭ মোরা কৃষ্ণ-বেণু-বৃদ্ধি করিয়া ভাহায়। त्रथा आहेनाम वरन कि कतिकू शत्र ॥ २৮ যদি কছ তেন বেণু বাজাবে কে আর। তবে বুঝি ডাকিছেন স্থীরে পদার॥ ২৯ সেহ আসিয়াছে ভনি সেই বেণু-গানে। তারে শয়্যা গিয়াছে সে অগ্রকোন স্থানে এক্ষণ করিব কিবা কহু সহচরি। \* কিশোরী মোহন বিনে স্থির হত্যে নারি॥ ৩১ শশিতা কহেন নাহি ভাব। এখনী ভাহার দেখা পাব॥ ৩২ অপুভব কর স্থির-মনে। দিবাগন্ধ বহিছে এখানে॥ ৩৩ । मन शिव नाटि इस ना (मिश्रा दिते ।

**এই পদ্ধ ভার অঙ্গ** বিনে। নাহি দেখি আর কোনো স্থানে॥ ৩৪ আছে সেহ এখা সুকাইয়া। বাহির করহ আমেষিয়া॥ ৩৫ এক দিকে যাহ এক জন। এই রূপে দেখ সব বন॥ ৩৬ বনে যদি দেখা নাহি পাও। নিরখিবে গিরির গুহাও॥ ৩৭ এত ক**হি তাঁহারা সকলে**। ভ্ৰমণ করেন নানা স্থলে ॥ ৩৮ কিশোরী অধিক ভাবাবেশে। নমণ করেন দেশে দেশে॥ ৩৯ িহ কিছ দরে এক তমাল দেখিয়া। ৰহিতে লাগিলা কৃষ্ণ'বলিয়া জানিয়া॥ se শঠবর আমাদিগে ডাকিয়া আনিয়া। ব্ৰহিয়াছ এথানে কি লাগি লকাইয়া॥ ৪১ বুঝি ডাকিছিলে তুমি পদার স্থীরে। **बनात्**न त्रगाष्ट्र दृश्य ना प्रिविद्या जारत ॥ ऽ२ আত্ত আত্ত কিছু চুখ নাহি ভাব মনে। ভারে আনি মিলাইয়া দিব ভোমা সনে॥ ১৩ অথবা সে আসিবেক এই শন্তা করি। লকাইয়া রহিয়াছে বনের ভিতরি॥ ১৪ পলাত্যে নারিবে আর ধরিয়া রাখিব। চন্দাবলা আইলেই দেখাইয়া দিব॥ ৪৫ সেহ আমাদের কাছে দেখিয়া ভোমারে। অপমান করিবেক বিবিধ প্রকারে॥ ৪৬ এত কহি তার কাছে থাইয়া কিশোরী। ধরিলেন ভমালেরে হ্বার পদারি॥ ৪৭ বলিয়া জানিয়া. পরশেতে ভরু, ডঃখিত হইয়া রাই। नीयन नीयन, নিখাস ছাড়িয়া, পুন গেলা অন্য ঠাই 🛭 ৪৮ এখানেতে যত, সহচরীগণ, বনে শ্রামে না পাইয়া। যে গুহাতে তিঁহ, লুকায়্যা আছেন, প্রবেশিলা ভাহে গিয়া # ১৯ বালী প্ৰকাইয়া, ভাহাদিগে দেখি, **हर्ज्ज** रुला रहि ।

গোপীরা তাহারে, দেখিয়া কহেন, সবে পরবাম করি॥ ৫০ খাহা মরি মরি. এ গুহা ভিতরি, रेसनील मिनम्र। শ্রীপতি মূরতি, প্রতিষ্ঠা করিল, কোন কভী মহাশয়॥ ৫১ স্থাদের কথা, শুনিয়া রাধিকা, আইলেন সেই ঠাই। কৃষ্ণ লুকাইলা, ভাহারে দেখিয়া, অধিক সে হুটা বাই॥ ৫২ প্রেমের মহিমা, কিবা কিশোরীর. নাহি পারি কহিবারে। ধানার বলেতে, ্আপন মহিমা, প্রভূম। রাখিতে পারে॥ ৫৩ স্থা স্ব কহিছেন রাধিকার প্রতি। স্থি দেখ আসি এক মাধ্ব-মূর্তি॥ ৫৪ এখনি ইহার ছিল দিবা ভুজ চারি। হুই বাহু কোথা গেল জানিতে না পারি॥ ৫৫ একি এই প্রতিমার প্রভাব-প্রকাশ। কিন্না কোনো কুহকের মায়ার বিলাস। ৫৬ ঐারাধিকা কাছে আসি ভাল করি দেখি কহিছেন স্থীদিগে হয়্যা মহাস্থা।। ৫৭ না হয়,প্রতিমা এহ কুহক না হয়। হয় এই সেই মনচোরা মহাশয় ৫৮ যদি হত্য কুহক অথবা বিঞ্-মূৰ্তি। ন: হইত ভবে মোর অনুরাগ কৃর্ত্তি॥ ৫৯ এভ কহি কৃষ্ণ-করে কিশোরী ধরি**লা**। কিশোরীমোহন তবে হাসিতে লাগিলা॥ ४०

করে ধরি বাহিরে আনিয়া।

ক্রে রাধা কহেন হাসিয়া। ৬১

যত শঠ আছরে সংসারে।
ভূমি রাজা তাদের মানারে। ৬২
পরে হুধ দিতে অকারণে।
ভোমা হেন কেহ নাহি জানে। ৬৩
ক্ষ কন ইহা নাহি কবে।
আমি শঠ হল্যে ভূমি হবে। ৬৪
শঠ বিনে শঠের সহিতে।
পিরিতি না হয় কোনো মতে। ৬৫

ব্লাধিকা কহেন এই কথা। সতা বটে না হয় অগ্রথা। ৬৬ কিন্তু সৰ স্থানে ইহা নয়। পত্রস্পর-পিরিতি-বিষয়॥ ৬৭ মোর প্রেম আছম্মে তোমায়। তাহা নাহি তোমার আমায়॥ ৬৮ সাধু ভাল বাসে সব জনে। শঠ রত নহে কোনো স্থানে॥ ৬১ শুনি এত রাধার বচন। কহিছেন কিশোরীমোহন॥ ৭০ বৃন্দাবনেশ্বরি ভোমা সনে বাক্যরণে। কে পারয়ে বিজয়ী হইতে ত্রিভুবনে ॥ ৭১ এখন রাখিয়া এ সকল পরিহাস। মোর আশা পরিপূর্ণ কর করি রাস॥ ৭২ দেখ দেখ অতি রম্ণীয় এই স্থল। চিকণ বালুকাময় চৌরস ভূতে।। ৭৩ শীতল সুগন্ধ মন্দ বহে সমীরণ। যোগ্য হয় এই স্থানে করিতে নর্ত্তন ॥ ৭৪ রাধিকা কছেন মোরা করি <mark>তবে রাস</mark>। ভূমি যদি কর বহুমূর্ত্তি পরকাশ 🛭 🥫 ভাল ভাল বলি তবে নন্দের কুমার। যত পোপী তত নূর্তি কৈলা আপনার॥ ৭৬ তবে শ্রীরাধিকা নটবরে মাঝে করি। চারি দিকে দাঁডাইলা যত সহচরী॥ ৭০ বহু নৃত্তি প্রকাশ করিয়া নটরাজ। প্রবেশিলা হুই হুই গোপিকার মাজ। १৮ ভাহাতে হইল ধেই শোভা অভিশয়। ভার উপমান কোনো স্থানে দৃষ্ট নম্ব॥ ৭৯ যদি খণ্ড খণ্ড মেখ সৌদামিনা-চয়। মণ্ডলা হইয়া করে কোথাও উদয় ॥ ৮০ যদি স্থির হয় ভাহে সৌদামিনীগণ। তবে ভার ভুল্য কছে শ্রীরযুনদ্দন॥ ৮১ গিরিবর-নিকটটি, হিমকণ-বালুক, চৌরস ভূতল-মাঝেরে। নটবর কেশব, নটিনীম্পল. वाम विनामि है मास्वत्व ॥ ४२ নটিনী ধাবত, নটবর ভাবত, মণ্ডল হোই বিরাজেরে।

সঙ্গিত পাওত, করত ই নর্ত্রন, নানা বছৰ বাজেৱে ॥৮৩ ললিভা হুন্দরী, ডিণ্ডিম বাওড. ডিমি ডিমি ডিমি ডিমীরে। মুরজ বিশাখা, বাদন করভটি, शुभि पृथि पृथि पृथि पृथीरत्॥ ৮8 চিত্রা স্থচত্তর, বাওত মডড়ক, मय मय मय मय मंग माद्र । চম্পক লভিকা, মৰ্দল বাওড. ধম ধম ধম ধম ধা ধারে ॥ ৮৫ प्रमियो संस्थित. ঝর ঝর রব করি, বাজত অভি মনোহারীরে। করিয়া ভাবন, এ সকল বাদন, त्रयूनम्बन विश्वादोस्त ॥ ৮७ নবরক্রিণি, করি সঙ্গিনি, নটবয় গরি নাচঈ । তড়িত-দাম,-ঞ্জিত গ্ৰাম, জনধর-জন্ম রাজন্ত ॥ ৮৭ পরিবাদিনি, করধারিণি, त्रभगी-भनि, वानके । স্বরুযোগিনি. করি বাগিণি, হরি মানস-মাদঈ ॥ ৮৮ অপর নারি, তমুরা ধারি, পঞ্চম স্বর পাওস। বিবিধ রঙ্গ. শ্বর তরুঙ্গ, গগন-ভূমি ছাওঈ ॥ ৮৯ ধরি খঞ্জরি. পর স্থন্ধরি, খম খম খম বাজাই। দঙ্গিত করি, বর-কিন্নরি, কুল ধিক করি লাজনী 🛚 ১০ मुत्रनी धति, অধরোপরি. कारे किलाती लार्जे। মধুর গান, করি বিধান, কিশোরীমোহন মোহঈ ॥ ১১ চৌরস ভূডল, व्रमण्-मधन. মানহি নাচত পোপালা। ় সঙ্গিত গাওত, বন্ধ বাজাওত, চভদিশ বাবত ব্ৰজবালা # ১২

ধ্রনপঞ্জন, পদ্ধুগ-চালন, কনক-নূপুর ততি পর রাজে। ঝন ঝন ঝপ্লন, ঝন ঝন ঝঞ্জন, সান ঝন ঝঞ্জন করি বাজে॥ ১৩ পী তবর**ণ**ধটি, অঞ্চল পরিপাটি, খন ধরণীতল-পরিলোলে। মৃক্তামণিকৃত, হার স্থগোভিত বনমালা উরপর দোলে॥ ১৪ ন্ডন-সু**ন্ধর**-, প্রব-সম্কর, ভঙ্গী করি নত লছ চালে। চডা শিখিদল. করত হি টলটল. (नामरे व्यमकाकृम ভार्म ॥ ৯१ শশ্ধর-সংহত, মৃত্য মধুর স্মিত, করত বদনশশি-পর উদয়ে। কর্তু ই চিন্তন, শ্রীরযুনন্দন, সো রূপ লাবণি নিতি জ্লুয়ে॥ ১৬ নটিনীগণ নৃত্য করত নটবর করি মাজে। জন্ত নবম্বন খেরি খেরি. চমকে চপলা বেরি বেরি, নৰ তমাল তৰুয়া তেডি. কনকলভিকা সাজে॥ ১৭ নটবর কর দেও ভালী. বদনে বোলত ভালী ভালী. কবছ গান করত মেলি বুলিপিপ সাঁথে। ভাবে উলসিত বরজনারি. নটন করত রূপ বিথারি. ভাবভঙ্গি চিত্তহারি, হেরত নিজনাথে ৷ ১৮ ললিভগানভালমান- অমুসরি করি পদ নিধান, নটত নটিনীগণ সমান নপুর খন বাজে। কটিভটগুতবর্বাকিন্ধিণি, বাজত করি কিপি কিপি কিপি বাহার মধুর ধ্বনি শুনি শুনি, সারদ মরু লাজে॥ ১১ গভিবেগ ই বারবার. পদ্মোধরোপরি দোলত হার. র কম্বল খানংকার কর-চালন পোতে।

নাসাপ্ট মুক্তাফল, খন দোলত শ্রুতিকুণ্ডল খসিরা পড়ত বেণিক ফুল, কিশোরিমোহনমোহে ॥ ১০০

এইরপে নৃত্য গীত করিতে করিতে। শ্ৰীরাধারে বংশীধারী লাগিল কহিতে॥ ১০১ প্রিমে বড় ইচ্ছা হয় মনেতে আমার। বেণু-বাদ্য ভনিবারে বদনে ভোমার ॥ ১০২ অতএব ত্রিভঙ্গী হইয়া দাড়াইয়া। বাজাও মুরলী চান্দবদনেতে দিরা॥ ১০৩ এত ভনি শ্ৰীণধিকা মৃত্ মৃত্ হাসি। কুষ্ণকর হইতে লইলা তাঁর বাঁলী॥ ১০৪ লড়াইরা সুমধুর ত্রিভঙ্গিম ঠামে। বাজাইতে আরম্ভিলা শ্রীক্ষের নামে ॥ ১০৫ একে বেণুরব তাহে:শ্রীক্রকের নাম। ভাহাতে বাদক পুন রাধা অনুপাম ॥ ১০৬ সে বাদ্যের মাধুরী কি করিব বর্ণন। যাহাতে মোহিত হল্যা কিপোরীমোহন॥ ১০৭ শ্ৰীকৃষ্ণ কহেন ভাল গাইতেছ প্ৰিয়ে। কিন্তু কিছু নান আছে আনি তা পুরিয়ে॥ ১০৮ । এত कहि भूथ निम्ना (मरे दिन्-भूद्य । গাইতে লাগিলা রাধানাম মহাত্বে ॥ ১০৯ উভয়ে উভয় নাম গাইছেন সাধে। वार्षकृष्ण वार्षकृष्ण वार्षकृष्ण वार्ष ॥ ১১० এক পরিপূর্ণ চন্দ্র উদয় করিয়া। জগতে **শীতদ করে অ**মৃত বর্ষিয়া॥ ১১১ হই পূৰ্বচন্দ্ৰ গান অমত-বৰ্ণণে। कि चान्ध्या नीउन कतिन (र ज़ुरान ॥ ১১২ ষাহা শুনি সুখী সুব শুক্তিত হইলা। পত্ত-পক্ষি-নেত্রে অঞ শরিতে লাগিলা॥ ১১৩ অপর কি কব রাধাকৃষ্ণ চুইজন। স্বস্থিত হইলা দুই প্রতিমা বেমন ॥ ১১৪ সেকালে মিলিত কৃষ্ণ-কিশোরী-বদন॥ বে দেখিল সে কবিল সার্থক নরন ॥ ১১৫

> তার পর কহিছেন হরি। তন তন রুদাবনেবরি॥ ১১৬ নৃত্য গীত করি অসম্ভব। প্রান্ত হইরাছ তোরা সব॥ ১১৭

অভএব নিকুঞ্জে বসিয়া।

স্থী হও বিপ্রাম করিয়া। ১১৮
তানি রাধা ক্ষের ভারতা।
ভাল বলি দিলা অনুমতি। ১১৯
এক এক গোপী-কর ধরি।
এক এক কুঞ্জে পেলা হরি। ১২০
করি কাম-সমরবিলাস।
করিলেন তাঁরা সবে আলা। ১২১
পরে দিবা কুস্থম-শন্থনে।
তইলেন আনন্দিত মনে। ১২২
এই রাস-লীলা স্পোভন।
মনে ভাবে প্রীরবুনন্দন। ১২৩

ইতি শ্রীগীতমালায়াং বাসন্থিক-রাস্থাত্রা-বর্ণনং নাম পঞ্চবিংশং গ্রন্থন্য

### ষড়বিংশ গ্রন্থ।

ष्यथ हित्माला-याजा।

মধুর প্রাবণ মাসি দেশি।
গৌর-ভক্তগণ হল্যা পুৰী॥ >
গঙ্গাতীরে কদম্বের তালে।
বাদ্দিলেন প্রন্দর হিন্দোলে॥ >
তাহে বসাইয়া পৌর রায়।
তক্ত সব প্রথেতে দোলায়॥ ০
মদক্র মন্দিরা বাজাইয়া।
গান করে প্রথিত হইয়া॥ ঃ
কল কল করে প্রধুনী।
মন্দ মন্দ্র জলদের ধ্বনি॥ ৫
শ্রীরঘূন্দন কুতুহলী।
নাচি ক্রিরে দিয়া করতালী॥ ৬

গ্রীন্ম গুডু হল্য নাল, ষধ্ব প্রাবণ মাস,
বৃশ্বাবনে করিল উদয়।
অঞ্জন-গঞ্জনকাতি, নবীন জলদ-পাঁতি,
আকাশেতে সদাই প্রময় ॥ ৭
ভাহারা পর্জ্জন করি, বৃষ্টি করে সদা বারি,
ভাহে ভূমি হইল লীতেন।

ষত তক্ষ লভা ছিল, তারা সব মঞ্জরিল, হরিত হইল সব দল ॥৮ কদম কুটজবন, মালতী শেফালীগণ, পুষ্পিত হ**ইল অভিশয়**। তাহে মধুকর সব, করিয়া মধুর রব, यधु পान कतिश जयत्र ॥ ৯ জলদের নাদ ভনি, করি কেও কেও ধ্রনি. শিখীসব করয়ে নর্ত্তন। <u>बी</u>द्रवृनन्तन छत्न, वर्षाकात्न द्रनावत्न, যে শোভা সে না হয় বর্ণন॥ ১০ আইল প্রাব**ণ মাস দেখি স**খীগণ। क्रिलिन हिल्लालात कोकी वित्रहन ॥ ১১ গঞ্জনম্ভ-বিব্লচিত স্থবর্ণ-খটিত। নীৰ পীত বক্ত দিত মণিতে জড়িত॥ ১২ ম্ৰকোমল ভূলী তাহে দিব্য উপাধান। ফু**লের** সাগের **আর** ফ্**লের বিভান**॥ ১৩ নানা বৰ্ণ পটসূত্র-বিব্রচিত ভারী। বান্ধিলা ভাহাতে অভিশয় দুঢ় করি॥ ১৪ **(महे (माना वश्मीवर्ध-छक्क्न माथाय**। বান্ধাইয়া বাক্তন্ত পুক্রে দিলা তায়॥ ১৫ তবে ক্ষে কহিছেন সহচন্দীগণ। এইত দোলায় তুমি কর আরোহণ॥ ১৬ শ্ৰীকৃষ্ণ কহেন আমি একা না চঢ়িব। কিশোরারে সঙ্গে দাও **তবে** আরোহিব ॥১৭ শ্ৰীরাধিকা কহেন একি আশ। কহিতে না হইল তরাস॥ ১৮ পরের রমণী ভোমা **সনে**। পোলায় চটিবে কি কারণে॥ ১৯ শ্ৰীকৃষ্ণ কহেন হাসি হাসি। একি কথা কহিলে রূপসি॥ २० তোরা হও পরের রমণী। ইহা আমি সপনে না জানি॥২১ আমিহ জানিলে পর-নারী। ভার সনে পিরিতি না করি॥ ২২ ললিতা কহেন হাসি বাণী। অপূর্ব্ব ধার্ত্মিক ভূমি জানি॥ ২৩ ্বুঝি গোপী সকলের সনে। হইষাছে বিবাহ সপ্রে॥ ২৭

সব কথা শুনি হাক্ত করি। কহিছেন পুনশ্চ কিশোরী॥২৫ সধি মোরা তবে কেন থাকি অন্ত ঠাই। চল চল ব্রজরাজ-ভবনেতে যাই॥২৬ রাজা রাজরাণী হবে বভর শাশুরী। আদর হইবে কত ব্রঞ্জের ভিতরি॥২৭ বিশাখা ক**ং**ইন সখি যাইলে সেখানে। স্ইতে হইবে এই শ্রামের শয়নে॥ ২৮ অভ্যাস বিহনে তাহা করিবে কি করি। অতএব চঢ় এই দোলার উপরি॥ ২৯ রাধিকা কহেন ভেদ নাই মোর তোর। তুমি চঢ় তবেই হুইবে চঢ়া মোর॥৩० বিশাখা ক্রফের প্রতি কটা**ক করিলা**। ভবে তিঁহ রাধিকারে আসিয়া ধরিলা॥ ৩১ কোলে তুলি লয়া। তাঁরে কিশোরীমোহন। দোলার উপরি গিয়া কৈলা আরোহণ॥৩২ ভাহা নির্থিয়া. যত সধীগণ, অতি আনন্দিত-মন। উপু উপু উপু, নিনাদ করিয়া, করে ফুল বরিষণ। ৩৩ তবে নটবর, আপনি বসিয়া, রাধারে বসাল্যা বামে। ত্রদিগে দাড়ায়্যা, সহচরী সব, পোলায়েন ক্রমে ক্রমে # ৩৪ গভাষত করে. (भामा वाद्य वाद्य, দেখি চমৎকার লাগে। যেন প্রবঞ্জিত, সুন্দর ভরণি, জলধিতরক্ষ-বেগে॥ ৩৫ যাব্ত কিদ্বিণী, দোলাতে আছমে, রুত্র ঝুতু করি বাজে। যে রব শুনিয়া, সার্স স্কল, পড়ে **অতিশয় লাজে ॥ ৩**৬ यमक यन्त्रिता, তথুরা সারঙ্গী, বীণা বেণু বাজাইয়া। গোপীগণ গান, করেন সঙ্গেতে, ত্রীরঘুনন্দনে নিয়া। ৩৭ দেখ সৰি কিবা দোলে শ্ৰীরাধিকা শ্রাম : বিমানের উপবিতে বেন বৃতি কাম ৷ ৬৮

পূষ্পক উপব্লি যেন সীতা রঘুবর। বিজুরী জলদ যেন শশীর উপর ॥ ৩৯ শ্যামের বামেতে কিবা শোভিছে রাধিকা। ভ্যাল নিকট যেন কাঞ্চন লতিকা u so রাধার নিকটে কিবা শোভিছে নাগর। হেমকমলিনী-কাছে যেন মধুকর॥ s> শ্রীরবৃনন্দন কহে ভাবি মনে মনে। কিশোরী কিশোর অনুপাম ত্রিভূবনে॥ ৪২ কংহন শ্রীহরি, বুন্দাবনেশ্বরি, ক্ষনিতেছ দিয়া চিত। নানা বাদ্য করি. সব সহচরী. ভাল গাইতেছে গীত॥ ৪৩ মোরা দোহে মেলি, বাজাই মুরলী, অই গানে মেলি করি। ইহাতে মিলিড. হল্যে অই গ্রীত, হবে আরো মনোহারি॥ ৪৪ এত কহি গুনি, কৃষ্ণ আর ধনী, पुत्र निया भूत्रनीरछ । গোহে একবারে, দিয়া ্তকারে, আরম্ভিলা বাজাইতে॥ ৪৫ অতি মনোহর, সে মুরলী-সর, **जिन मकन द्रा**व। করি গোপীগণ, যাহার ভাবণ, মোজিত হইলা সবে॥ ৪৬ দে নাদ শুনিয়া, গমন ভুলিয়া, ষমুনা উজ্ঞান কছে। <u> এীরণ্নন্দন,</u> সবিশ্বয়মন, একি একি একি কহে॥ ५० শ্ৰীকৃষ্ণ কহেন প্ৰিয়ে মোর এই বালী। নাহি জানি করিয়াছে কত পুণ্যরাশি॥ ১৮ করিলে তুমিহ যারে আপনি চুম্বন। মোর ভাগ্যে নাহি হয় যাহার ঘটন ॥ ৪৯ কহিতে কহিতে হয় চপলা উদ্বোর। গরজে জলদ-জাল করি মহা সোর ॥ ৫০ তাহে অতি ভীত হয়া বন্দাবনেশ্বরী। ধরিলা কুফের গলে তুবাছ পদারি ॥ ৫১ গ্ৰীকৃষ্ণ কহেন মেম্ব থাকহ কুশলে। কপ্ৰো যা পাই নাই তাহা তুমি দিলে॥ ৫২

স্থীসব কৃষ্ণ কোলে কিশোরী দেখিয়া। কহিতে লাগিলা অতি সুধিত হইয়া॥ ৫০ একি আমাদের **আজি মঙ্গল** বাসর: প্রসর হয়াছে বুঝি বাবত অমর # ৫৪ নিরবধি যাহা দেখিবারে সাধ করি। কিন্তু তাহা সিদ্ধ নাহি করে সহচরী॥ ৫৫ আজিত মেখেতে তাহা সিদ্ধ করি দিল। দেখিয়া নয়ন মন সব জুড়াইল ॥ ৫৬ একি বেডি আছে মেখে স্থির সৌণামিনী। অথবা তমাল তকু মাধৰী কাঞ্চনী॥ ৫৭ হিন্দোলা দোলাও সবে অধিক করিয়া। হেনই থাকুক বাই ত্রাসিত হইয়া॥ ৫৮ দেখি দেখি আমা**দের** জুড়াকু নম্বন। **জनम मक्ल करु এ রঘুনন্দন॥ ৫১** ইতি শ্রীনীতমালায়াং হিন্দোলা-যাত্রা বর্ণনংমাম ষড়বিংশং গ্রন্থনম ।

#### मश्रविश्ग श्रन् ।

অথ রাস-যাত্রা।

শরদ-পূর্ণিমা বিভাবরী।
দেখিয়া স্থাত সৌর হরি॥ ১
প্রেমরসে গরগর মন।
রাসলীলা কৈলা আরম্ভণ॥ ২
করে ধরি গণাধর-কর।
কভু নৃত্য করেন স্থার।
গাহা শুনি মুধ্য মব কর॥ ৪
কভু ভাবি কৃষ্ণ অস্তর্মান।
বিলাপ করেন অগেয়ান॥ ব
পুন ভাবি তাঁর সাক্ষাংকার।
পান কত আনন্দ বিকার॥ ৬
পুন গাঁত করেন নর্ত্তন।
বতাহা ভাবে এ রবুনন্দন॥ ৭

শরদ-পূর্ণিমা রাতি, প্রফুর মলিকা জাতি, মাধবী মালতী বিকসিত।

চম্পক পুনাগ আম, বকুল কেতকী জাম, সব তরু হইল পুশিত॥৮ মধুকর-পাঁতি পাঁতি, মধু-গঙ্গে মাতি মাতি, গান করি উডিয়া বেডায়। শ্লোক পড়ে শুকপাখী, কেও কেও করে শিখী, কোকিল পঞ্চম স্বর গায় # ৯ হেন কালে শশধর, কিঞ্চিত লোহিডকর, পূর্মদিকে উদন্ত করিলা। থারে করি দরশন, সংসারের সব জন, তাপ তেজি সুধিত হইলা ॥ ১০ গোপী-মুখ-তুল্যকরি, সেই শশধরে হেরি. বন-শোভা করি নিরীক্ষণ। করিবারে মহারাস, মনেতে করিলা আশ. নটবর শ্রীরঘুনন্দন ॥ ১১ তবে কালিন্দার কৃলে, কদম তরুর মূলে, ত্ৰিভঙ্গী হইয়া গাঁডাইয়া। দিনা বাগ আলাপনে, ডাকৈন কিশোরীগণে, भूथ-मन्धरत नामी निश्वा॥ ১२ সেই শক্ষ সব দিকে করিলা ধাবন। প্রবেশিল কৃষ্ণ-প্রিম্ব-গো**পিকা-**শ্রবণ ॥ ১৩ তাহে কেহ কেহ হল্যা অধিক স্তক্ষিত। কারো কারো শরীর হইল রোমাঞ্চিত ॥ ১৪ কারো কারো দশ্মজন গলে অবিরল। कारता कारता उरु करत करूल हेन या। ५० কিছুকাল পরে ভারা সন্থিত পাইয়া। মনে মনে কহিছেন বিচার করিয়া॥ ১৬ একি সুধা-ধারা শব্দ স্থরপে সঞ্জে। কিম্বা আকর্ষণ মন্ত্র কেছ গান করে॥ ১৭ বুঝিতু এ সব নহে কিন্তু নটবায়। ধানীতে করিয়া গান ডাকিছে আমার। ১৮ এত কহি সকলেই উৎক্তি গড়-মন। কিশোরীমোহন-কাছে করেন গমন । ১১ (कर कुक्ष माराहेए हिना। **ाश दाथि गमन कदिना ॥ २**∙ কেহ হুন চুলীতে রাধিয়া। **চলিলেন নাহি নামাইরা ॥ २**১ .পৰু অন্ন রাধিরা চুলান্ন। কোনো কোনো গোপী বেপে খার # ২২

কেছ পরিবেষণ উপেধি। কেহ পতি-শুশ্রবণ রাথি ॥ ২৩ কেহ শিশু-পোষণ তেজিয়া। ধায় লোক-লজ্জা না পণিয়া॥ ২৪ কেহ যা**র তেজিয়া ভোজ**ন। কেহ করি পান উপেঞ্চণ 🛚 ২৫ তত্ত্বলে শ্ৰুখা পিপাসায়। তাহ। নাহি গণয়ে হিয়ায়॥ ২৬ **बीद्रयमम्बन निर्द्यम्य** । প্রেমের স্বভাব এই হয় ॥ ২৭ কেহ যায় অৰ্দ্ধ অঙ্গে করি উৰ্বৰ্তন। কেহ যায় এক নেত্রে সইয়া অঞ্জন॥ ২৮ কেহ উত্তরীয় পরে নিতম্ব উপরে। উপরি অঙ্গেতে অধরীয় বাস পরে॥২৯ গলায় কিন্ধিণী-দাম নিতম্বেতে হার। কেহ পরে করে বাক চরণেতে তাড় 🛚 ৩০ মন পায় তাহাদের শ্রীক্রফের কাছে। অভএব অন্য সব কর্মা ভুলিয়াছে॥ ৩১ পতি পিতা মাতা ভ্রাতা করয়ে বারণ। তাহা নাহি শুনে নাহি ফিরে গোপীগণ॥ ৩২ <u> बीद्रघृतन्मन करर कृत्य याद्र होत्न ।</u> অপরের কথা কছু সেকি শুনে কাণে॥ ৩৩ হরি-মুখ-শশধর-দরশন আশে। চলতঁহি গোপীগণ ভটু পাশে॥ ৩৪ করিবর-মূলর-গমন-বিলাসে হংসীকুল-গতি-গরব গরাসে॥ ৩৫ নপুর কিঙ্কিণি রুণু ঝুমু বাবে। যাকো ধনি শুনি সারস লাবে। ৩৬ দোলই হার পরোধর-মাতে। কীর্কি ধারা বৈছন বাতে 🛚 ৩৭ শ্রবণহি কাঞ্ন-কুণ্ডল দোলে। নাগাবেশর মৃত্ মৃত্ লোগে # ৩৮ পীঠাই দোলত বেণি ভূজন্মী। তাহে চম্পৰ ৰাপ্পৰ বন্ধী॥ ৩১ চলতঠি বংশী-ধনি অনুসারে। শ্রীরঘুনন্দন পাছ উপধারে। 8• যাইতে যাইতে পথে হত পোপীগণ। কহিছেন এই কথা উংক্টিড-মন ॥ ६১

মুবলারে ভূমি আর নাহি কর গান।
করিরাছি আমি ভোর নিকটে পরাণ॥ १২
কুল মান লাজ সব লইলে হরিরা।
কি ফল হইবে ভাহা লোকে জানাইরা ৪৩
বৃমি ভাকিভেছ দেখি বিলম্ব আমার।
কি করিব নিজ্ব-কুচের বড় ভার॥ ৪৪
চলিভেছি কভ বুগ পারি না গণিতে।
ভ্যাপি না পাইলাম বরুরে দেখিতে॥ ৪৫
হইবে কি না হইবে সেই শুভক্ক।
বাহাতে দেখিতে পাব সে চান্সনদন॥ ৪৬
বিধি অমুকৃল বদি হয় কোনো মতে।
ভবেই পাইতে পারি ভাহারে দেখিতে॥ ৪৭
এইরপ কহিতে কহিতে গোপীসণ।
উপস্থিত হল্যা থেথা কিলোরীমোহন॥ ৪৮

**(मर्थि अंद्रा यमनस्याश्य**न । কহিছেন সবে মনে মনে॥ ৪১ ওরে ওরে আমার নয়ন। নাহি কর নিমেষ এখন॥ ৫০ ভাহা ধদি নাহি কর তুমি : তবে হুখে বন্ধ দেখি আমি॥ ৫১ যার প্রাপ্তি-আশা নাহি ছিল। তাও বিধি কুপা করি দিল ॥ ৫২ কিন্তু ভোর করুণা বিহনে : व्यामा नाहि भूख पत्रम्य ।। १० পার এক শুনহ বচন। वक्क-छन कर मस्त्रन॥ १६ ৰঞ-ৰলে ঢাকিলে ভোমারে। দর্শনেতে বাধ হত্যে পারে॥ ee **बीत्र**युनन्तन निर्वतन्त्रः। হেন প্রেম সম্ভব না হয়। ৫৬ পোপীগণ নিকটে আইলা নির্বাধ্যা।

গোপীনাথ কহিছেদ হাসিয়া হাসিয়া ॥ ৫৭ ভাগ্যবতীগণ স্থাধে আসিয়াছ ভোরা। কিবা আচরিব ভোষাদের প্রিয় মোরা ॥ ৫৮ কহ কহ ব্রজে ত না হয় কোনো ভয়। ভাষা হল্যে শীল্ল মোরে বাইবারে হয় ॥ ৫৯ ব্রিকাম ভয় নাই তবে কি কারণে। ব্রহ্মীতে আসিয়াছ ভোরা খোর বনে ॥ ৬০

যদি কহ আসিয়াছ দেখিবারে হন। তাহা দেখা হল্য আর থাক কি কারণ ॥ ৬১ বন্ধুগণ তোমাদিগে অংশবদ করে। নাহি ফেল তাহাদিলে সাধ্বস-পাথারে ॥ 🛰 যদি কহ আসিমাছি দেখিবারে তোছে। দেহ ধোগ্য সব জন প্রীতি করে মোহে ॥ ৬৩ কিন্ত তাবে **অন্ত কোনো রহন্ত-আশর**। করিবারে কদাচ উচিত নাহি হয়। ৬৪ আপন সামীতে ভ**ক্তি বাধিবে ব্যণী**। শ্রীরগুনন্দনে থেন জনক-নন্দিনী॥ ৬৫ যে বমণী উপেঞ্চা করুয়ে নিজ পতি। তাহার অথশ হয় পায় অধ্যেপতি । ৬৬ তু:নীল তুর্ভগ বৃদ্ধ রোগী বা নির্দ্ধন। যে হকু সে হকু পতি নারীর জীবন॥ ৬৭ অতএব গ্রহে পিয়া কর গহ-কর্ম। পতি-দেবা কর দেই রমণীর ধর্মা ॥ ৬৮ আমাতে যদাপি চাহ পিরিতি করিতে। দরে থাকি তবে গাও আমার চরিতে॥ ৬৯ নিকটে থাকিলে খ্রীতি নহে অভিশয়। এই কথা লোক-শাস্ত্র-অভিমত হয়॥ १० অতএব তোরা গু**ছে করছ গম**ন। এথা অবস্থান নাহি কর এক কণ্ ॥ ৭১ <u>जीतगुनन्मन करए वाष्ट्राक्षा भूत्रमो ।</u> আপনি ডাকিয়া আনি একি ঠাকুরালী ॥ ৭২

শ্রীক্ষের ভানরা বচন।
গোপীসব চিন্তার মধন। ৭৩
অধার্থী হইরা আছর।
বন বন নিখাস ছাড়র। ৭৪
অঞ্চারা বহিতে লাগিল।
তাহে কুচকুর্ম ধুইল। ৭৫
ভূমাতল লিখি চরপেতে।
ছিদ্র চাহে বুনি প্রবেশিতে। ৭৬
তক হয়া পিরাছে বদন।
হথে কিছু কুরে না বচন। ৭৭
পরে কিছু কুপিত হইরা।
অঞ্চলন কেলিলা পুছিরা। ৭৮
ওঠ কাপে অড়িত বচন।
কিশোরীমোহনে কিছু কন। ৭৯

ত্তন তন ওহে মহাশয়। অতি ক্রের এ ভারতী, আমা সকলের প্রতি, ভোমার কহিতে ধোগ্য নয়॥৮० মোরা তেজি কুললাজ, গৃহ-মুখ গৃহ-কাজ, অগিয়াছি তোহে দেবিবারে। ভক্তে নারায়ণ খেন, আমাদিসে তুমি তেন, ভজ নাহি ভেজ অবিচারে ৷৷ ৮১ কহিলে যে শান্ত মৰ্ম্ম, পতি-সেবা নারী-ধর্ম, ইহাতে জানিত্ব তোহে জ্ঞানী। কিন্তু মোরা শিষ্য নহি; আমাদিকে ইহা কহি. कि गण रहेण नाहि जानि॥ ४२ যেহ সর্ব্ব ধর্ম তেজি, তোহে ভজে প্রেমে মজি, ভাহারে প্রশংসে শাস্ত্রনণ। এলাগি সেনিতে তোহে,আসিয়াছি তেজি গেহে সেই আশা না কর ভঞ্চন ।৷ ৮৩ नहेशाष्ट्र हित्र मन, व्यामारमञ्ज এ कातन, কি হইবে যাইয়া ভবন। যাইতেও নাহি পারি. তোমার নিকট ছাড়ি**,** এক পদ না চলে চরণ ॥ ৮৪ এ লাগি অধর্মিত, দিয়া কামানলগুত, সন্তাপেরে কর নিবারণ। অন্তথা বিরহানলে, দহি তন্তু পরকালে, তোহে পাব কিশোরী-মোহন॥ ৮৫ যদি কহ ভোৱা হও কুলের রম্ণী। তবে কহি শ্রবণ পাতিয়া শুন বাণী॥ ৮৬ স্থাময় তব গান করিয়া শ্রবণ। দেখিয়া ভোমার রূপ ভূবন-মোহন ॥ ৮৭ চলিত না হয় থেহ স্বধৰ্ম হইতে। হেন কে খুবতি আছে এই ত্রিলোকীতে॥ ৮৮ যেই গান ভানি আর ষেই রূপ দেখি মুদ্দ হয় যাবং পাদপ পশু পাখী॥৮১ তাহা শুনি তাহা দেখি কামিনী কি পারে। আপনার কুল ধর্ম্ম লাজ রাখিবারে ॥ ৯০ কহিতেছ দূরে থাকি পাইতে তোমারে। মন না পাইলে তাহা হবে কি প্রকারে ॥ ১১ এ লাগি মোদের প্রতি সদয় হইয়। রাধহ আপন কাছে কিন্ধরী করিয়া॥ ৯২

গোপীদ্দের মুখে গুনি এ সব বচন। হাসিলা সদম হয়া কিশোরীমোহন ॥ ৯৩ পাইয়া আশ্বাস, দেপি তাঁর হাস, সুখী হল্যা গোপীগণ। প্রসন্ন বদন, প্রসন্ন নয়ন প্রদান স্বার মন ॥ ১৪ তাঁহাদের সনে হরি। শোভিলা তেমন, শশাঙ্গ (যমন, ভারাগণ সঙ্গে করি॥ ৯৫ **ম**পুরিম হাস, ঁনানা পরিহাস, প্রেম-রুসে আলিন্দন। চৃষ্ট অধ্র, কভ পয়োধর, করিছেন পরশন॥ ৯৬ হরি কর দিতে, কাহায়ো নীনীতে. বন্ধন থসিয়া যায়। প্রেমেতে পাগলী, একি কর বলি, দেহ আলিপ্নয়ে তায়॥ ৯৭ করি গোপিকার, এইত প্রকার, কাম-উদ্দীপন করি। বনের ভিতরি, ্রমেণ বিহরি. কিশোরীমোহন হরি॥ ৯৮ হাসিয়া হাসিয়া গোপীগণ। গান করে কর্ণ রসায়ন ॥ ১১ জয় জয় এজ-যুবরাজ। ধর্মায় যার সব কাজ॥ ১০০ অকপট করুণা-ভাজন। यधा-वम-भवान रहन ॥ ১०১ অভিশয় সরল-ক্রদয়। भिष्ठा कथा कड़ नाहि क्या 102 পরনারী-দরশ-পরশে। সপনেও না করে লালসে॥ ১০৩ निर्देशस्य बीद्रवृनन्त्रन । একি ভঙ্গি ইঙ্গিত-বচন ॥ ১০৪ গোপীদের মূখে শুনি ইন্সিড-বচন 🛭

কহিছেন হাসি হাসি মদন-মোহন ॥ ১০৫

ধনি ধনি পোকুলের সীমন্তিনীপণ।

वाहारमञ्ज উপমান ना इब मर्गन ॥ ১०७

আমি হইয়াও আস্মারাম চড়ামণি। যাহাদের রূপে গুলে ভূলিরু আপনি॥ ১০৭ বদন ধিকার করে কোটি শশধর। নয়ন দেখিলে মানি মদনের শর। ১০৮ ভাহাতে কটাক্ষ-বাণ ছাড়ে অবিরত। দিব্য বালে ধেন বাল বর্ষে শত শত॥ ১০১ অধবের শোভা কিবা করিব বর্ণন। যাহা দেখি মোহিত হয়াছে মোর মন ॥ ১১০ হাব ভাব হেলা লীলা অতি সুশোভন। शशास्त्र जुलिल এই किर्णातीस्माहन॥ ১১১ কৃষ্ণ-মুখে এই সব নিজ গুণ শুনি। গরবে মাতিল যত ব্রজের রমণী॥ ১১২ অভএব ভাহারা সকলে আপনারে। শ্রেষ্ঠ করি মানিলেন সংদার-মাঝারে ॥ ১১৩ এই লাগি দেখি কৃষ্ণ আদর সমান । এককালে সকলেই করিলেন মান॥ ১১৪ পুর্ব্ব মতে না করেন হাস পরিহাস। তেন না করেন ভাব কটাক্ষ-বিলাস ॥ ১১৫ তবে ক্ষ জানি গোপীসকলের মান : শ্রীরাধারে সঙ্গে লয়া। কৈলা অন্তর্জান॥ ১১৬ শ্রীরদ্বনন্দন ভবে ভাল এ উপায়। ইহা বিনে সকলের মান নাহি যায়॥ ১১º

ক্ষে না দেখিয়া গোপীগণ হইলেন অভি তৃথিমন॥ ১১৮ শুকাইল বদন জন্ম। নয়নেতে সলিল গলয়॥ ১১৯ মলিন হইল অন্ত-ভাস: উত্থত বহম্বে নিশ্বাস ॥ ১২০ সবে কহে একি হলা হায়। কোথা চলি গেল গ্রামবার ॥ ১২১ নাহি করিয়াছি কোনো দোষ। তবে কেন সে করিল রোব॥ ১২২ কহিছিত্ব ইঙ্গিত বচন। **ডार्ट्स कि इंहेम कुष्क-मन ॥ ১২**৩ আর নাহি করিব ইন্সিত। (मचा मां क्कू (र जूदि । ) २ ६ না দেখিয়া স্থির নহে মন। তত্ম দহে বিরহ-দহন 🛭 ১২৫

ভনি গোপীদের বচন। ष्ट्यं कात्म व त्रवृत्मन ॥ ১२७ ভোৱা অভি উচ্চ বট, অশ্বখ পাকডী বট. দেখিয়াছ ভোরা কোন **জ**ন। আমাদের মন হরি, কটাক্ষ-ভঙ্গীতে করি, কোথা গেল জীনন্দনন্দন॥ ১২৭ চম্পক পুন্নাগ নাগ, তোরা সবে মহাভাগ, মিলি আছ কুসুম-নয়ন। দেখিয়া থাকিবে ভোরা, কোখা গেল মনচোরা, কহ ভাহা করি বিবরণ 🛭 ১২৮ ভলসি কল্যাণ করি, গোবিন্দ-চরুণোপরি, তুমি করি থাক সদা বাস। নিজপ্রিয়ে সেই জনে, দেখিতেছ কোন স্থানে, কহ করি করুণা প্রকাশ ॥ ১২৯ **মালতি মন্ত্ৰিকা জাতি**, ভোরা সবে স্থাপমতি, হইগাছ অকালে পুষ্পিত। বুঝি সেহ তো সবারে, ছুয়া গেছে নিজ করে, দেখিয়াছ বলহ তুরিত॥ ১৩০ পিয়াল পনস আম, বকুল কাৰ্যন জাম, তোরা আছ যমুনার তীরে। নাহি কহ মিখ্যা-কথা, কিশোরী-মোহন কোথা, সভা কহু মোদিগে অচিরে॥ ১৩১ ধরণি ভূমিছ কিবা পুণ্য করিয়াছ। যার ফলে কৃষ্ণ-পদ পাইয়া রয়াছ॥ ১৩২ দেখিতেছি ভূণাভুর-**ছলেতে ভোমার**। হইয়াছে সব অঙ্গে পুলক বিথার॥ ১৩৩ অতএব বন্ধ কোধা আছে তাহা জান। কহি দিয়া আমাদের দেহে রাথ প্রাণ ॥ ১৩৪ হরিণি দেখিয়ে তোহে প্রসন্ন-নম্ন। দেখিয়াছ তুমি সেই মদন-মোহন॥ ১৩৫ পাইতেছি তার কুন্দমালার সৌরভ। কহ এই স্থানে কোথা আছুয়ে বলভ। ১৩৬ এই মতে বনে বনে ভ্রমিতে ভ্রমিতে। লীলা-ভাব-উদয় হইল আচন্দ্ৰিতে॥ ১৩৭ তবে তাঁরা কিশোরীমোহন লীলা বড। ভাষা অফুকরণ করেন উনমত ৮ ১৩৮ (कर कुक वाना-छावादवर्ण। স্থৃতিয়া রহেন ক্রন্ত দেশে 🛭 ১৩১

কেহ কৈহ পাতি জামু কর। ভ্রমিতেছে ভূতল-উপর । ১৪০ কেহ কেহ করতালী দিয়া। নুত্য করে ঘুরিয়া ফিরিয়া। ১৪১ কেহ কেহ ত্রিভঙ্গা হইয়া। मृत्रनो वाखात्र मृत्य नित्रा ॥ ১৪२ কেই কহে দেখ স্থাগণ। কৃষ্ণ আসি নাচিয়ে কেমন॥ ১৪৩ কেহ কহে ওরে পাপকালী। বুমণক খাঁপে যাহ চলি ॥ ১৪৪ কেহ কহে তোরা হও স্থির। নিবারিব আমি বায় নীর॥ ১৪৫ এত কহি শাটীর অক্লে। গোবর্দ্ধন পিরি বলি ভোলে॥ ১৪৬ এ সঞ্ল অদূত্ত ভাবে। শীরবুনন্দন মনে ভাবে ৷ ১৪৭ পরে এই ভাব শান্ত হল্য কত ক্ষণে। পুন কৃষ্ণ-অধেষণ করিছেন বনে ॥ ১৪৮ তবে তাঁরা কিছু আগে করিয়া গমন। कृष्ण-পদ-চिट्न (एपि क्ट्न वहन ॥ ১৪৯ দেখ এই পদ-চিহ্ন নাগরের বটে। তাহা বিনে অপরে এরপ নাহি ষটে॥ ১৫٠ (मर्थ (मर्थ ध्तक रक्त व्यक्तम क्रम । मध्य मौन-व्यापि हिन करत अनमन ॥ ১৫১ সেই পদ অনুসরি কিছু আগে গিয়া। नात्री-भन-िक्ट (मिष कर्टन कान्मिया॥ ১৫२ এ কার চরণ-চিহ্ন দেখ ভাল করি। কে পিয়াছে কুম্পের স্বন্ধেতে কর ধরি ॥ ১৫৩ এই কত আরাধনা করিয়াছে ভারে। লয়া গেছে কৃষ্ণ যারে ভ্যঞ্জি মোসবারে ॥ ১৫৪ শ্রীরঘুনন্দন ভবে উত্তম কহিলে। এ লাগি রাধিকা নাম শান্তে ভার বলে। ১৫৫ **बहे हिस्र छान नरह**, বিপক্ষ-গোপিকা কছে, বড় কোড কররে **অভ**রে। সকল গোপীর ধন. কৃষণাধর ধেই জ্বন, হরিরা লইয়া ভোগ করে॥ ১৫৬ সধীগণ কহে বাণী. রাধাপদ হুই থানি, এথানেতে দেখ না হিয়ায়।

কোলে লইয়াছে তুলি বাজিবে চরণে বলি, রসিক নাগর বুঝি ভার॥ ১৫৭ বিপক্ষ সকলে কছে, এই কথা মিধ্যা নহে, তুলিয়া লইয়া গেছে ভারে। সেই লাগি নাগরের, চিহ্ন সব চরপের, বড় বসিয়াছে হ'ব ভারে॥ ১৫৮ সধীগণ পুন ভণে, দেখ দেখ এই স্থানে, করিবারে কুন্থম-চন্থন। নামায়াছে শ্রীরাধায়, **उँहे এই मिथा यात्र,** লৈহাকার চরণ-লক্ষণ ॥ ১৫৯ এই স্থানে দাড়াইয়া, অগ্র পদে ভব্ন দিয়া, নাগর কুমুম তুলিয়াছে। কিশোরীর শ্রীকুন্তলে, বসি পুন এই স্থলে, সেই পুষ্প বেশ করিয়াছে॥ ১৬০ এই মতে গোপীগণ ভ্রমেন কাননে। অত্য বনে ব্যাচেন ক্ষাবাধা-সনে ॥ ১৬১ তবে রাধা ভাবনা করেন মনে মনে। মোর তুলা নারী কেহ নাহি ত্রিভূবনে ॥ ১৬২ যে হেতৃক সকল গোপীরে পরিহরি। একা মোরে লয়্যা ক্রীড়া করমে শ্রীহরি॥ ১৬৩ তবে রাধা কফ সনে ভ্রমিতে ভ্রমিতে। পরিহাস করি তাঁরে লাগিলা কহিতে॥ ১৬৪ প্রাণনাথ ভোমা সনে করিয়া ভ্রমণ। বডই বাথিত হল্য আমার চরণ॥ ১৬৫ অতএব আমি আর পারি না চলিতে। লয়া চল যেথা তব ইচ্ছা হয় চিতে ॥ ১৬৬ কৃষ্ণ কন প্রিয়ে যদি চলিতে না পার। লয়া। যাব আমি কান্ধে আরোহণ কর॥ ১৬৭ লক্ষী মোর প্রিয়া হয় তেঁই বুকে থাকে। তুমি প্রিয়তমা কান্ধে রাখিব তোমাকে ॥ ১৬৮ এত বাণী ভনি রাই এক্তির মূখে। चरधामूबी श्रेरलन लाज-रकाल-पूर्य ॥ ১৬৯ তবে কিশোরীর **অনু**রাগ বাঢ়াইতে। অন্তৰ্জান কৈলা কালাচান্দ আচন্বিতে 🛚 ১৭০ তবে রাধা-কৃষ্ণ হার।ইয়া। কান্দিছেন ব্যাকৃদী করিয়া॥ ১৭১ হাহা প্রিয়তম হা রমণ। কোথা গেলে রাধার জীবন ॥ ১৭২

একাকিনী নারা রাখি বনে। পেলে অক্স স্থানেতে কেমনে॥ ১৭৩ তোমা বিনে এ তিন ভুবন। অন্ধকার দেখায়ে নর্ন ॥ ১৭৪ না দেখি ভোমারে মরে দাসী। প্রাণ বক্ষা কর ঝাঁট আসি ॥ ১৭৫ হেন মতে কান্দিতে কান্দিতে। মুৰ্চ্চা পাই পড়িলা ভূমিতে॥ ১৭৬ কিশোরীর ক্রন্সন শুনিয়া। গোপী সব আইলা ধাইয়া॥ ১৭৭ রাধিকার দশা হেরি. যত প্রিয় সহচরী, চারিদিগে খেরি দাড়াইলা। বলি কান্দে উভরায়, এ কি হইয়াছে হায়, ললিতা কোলেতে তুলি নিলা॥ ১৭৮ পুছিয়া নয়ন-বারি, বসন অঞ্চল করি, বাই বাই বলিয়া ডাকয়। ষোরতর সে মৃচ্চার, ভপাপিহ রাধিকার, কোনো মতে নাহি হল্য লয় ॥ ১৭৯ কিন্তু কৃষ্ণ-ভূক্ত মালা, ननिভात्र अरम ছिना, ভার গন্ধ পাইলা যথন। তখনি নয়ন মিলি. হায় কে লইল বলি, শ্ৰীরাধিকা করেন ক্রন্থন॥ ১৮০ তবে সৰু সহচরী, ভাঁহারে সাত্রনা করি, भक्न द्वार विकामिन!। শুনিয়া তাঁহার স্থানে, সন্মানন অপমানে অভিশয় বিশ্বয় পাইলা ॥ ১৮১ কিশোরীরে সঙ্গে নিয়া, পুন বন অবেধিয়া ना পाইया कृष्ण-एउनन পুলিনে আসিয়া সবে, অতি হুমধুর রবে, করিলেন পান আরম্ভণ। ১৮২ দশ্বিত শুনহ তুই, खनम व्यवधि द्रष्ठ, ভূবন হৈ অভি উজিয়ার। नित्रविध कमना, বসতি করহ ইহ সব জন হৃষিত অপার ৷ ১৮৩ पृर्वे किक्रड़ीकुन, কেবল আকুল ভুচ্ট্,---पद्रम्य नाहि भादे। चाउरत नवम निरम् नावी-वथ-छन्न ठारे । ১৮৪

নয়ন-বিশিখে করি, শরদ-কগল-জ্বয়ি, বধিতেছ ষেই দোমবারে। हेरथ कि त्रमणी-वध,-পাপ না ছোৰৰ, কো ইহ কহব সংসারে॥ ১৮৫ বিষ জল অম বক. মুরপতি কোপটি, পালন করি বহু যতনে। আপন নয়নে করি. করসি বিনাশন, অতি অনুচিত ইহা করণে ৷ ১৮৬ যশোমতী-নন্দন, কোঁহারে কহমে জন. হোয়বি কী পরকারে। তুম অতি অক্ডণ, িঁহ করণাময়ি, খটন নো হই বিচারে॥ ১৮৭ কোই কোই বোলত. পই নারায়ণ, खव-भागन खनलात्र। ইহ নছে গোপীকুল. রযুনন্দন কহ সার॥ ১৮৮ যদি কহ কি করিলে তোমরা বাঁচিবে। শ্রবণ করছ নিবেদন করি তবে॥ ১৮৯ প্রথমে দেখাও আসি সে চান্দবদন : পরে পয়োধরে কর কর সমর্পণ্।। ১১০ অথবা চরণ দাও তাহার উপরে। অংর-অমৃত **রুদে সিঞ্চ অন্তরে॥ ১৯**১ দিনে তুমি ধবে বনে করহ গমন। ভবে যুগ ভুল্য হয় আমাদের ক্ষণ ॥ ১৯২ ইথে এত বিবৃহ কি করি সহা খায়। ঠেই কহিতেছি ভোহে আসিতে এ ধায় ॥১৯৩ আর ভন তুমি ধবে ভ্রম পাবী সনে। তবে কত ব্যথা হয় আমাদের মনে ! ১৯৪ এই ভাবি মোরা অভি কোমল চরণে। কত ব্যথা হয় কুশাক্ষুর-পরশনে 🛭 ১৯৫ রন্তনীতে সে চরণে ভ্রমিছ ক্সারে। ইথে মোরা স্থির হব কহ কি প্রকারে॥ ১৯৬ **শ্রীরবৃনন্দন কছে বলি হারি ধাই।** গোপীদের মত প্রেম দেবিতে না পাই ॥ ১৯৭ বে তব চরণম্বর শিরীষ কুসমে জন্ম করি অতি শ্রকোমণ হয়। कीवन द्रावर, े এ कठिन পরোধরে, वारा मात्रा धति छत्त्र, .

সে চরণ সরসিজে, ভূমিতেছ বন-মাজে, कि कदिया दक्षनी-मानाद ॥ ১৯১ বনের কঠিন মাটি, ভাহে শিশা কোটী কোটী, আছে কত কণ্টক-অন্তর। দে সকল পরশনে, ভোমার সে ঐচরণে, ব্যথা কিন। হইছে প্রচুর॥২০০ অতএব নিবেদন, কর এথা আগমন, উপেথিয়া গহনে ভ্রমণ। সেবি তব শ্রীচরণ, করি ব্যথা নিবারণ, শুন শুন কিশোরী-মোহন॥ ২০১ হেন মতে নানা গান করি গোপীগণ। ক্ষে না পাইয়া সবে করেন ক্রেদন ॥ ২০২ হাছা নবখন শ্যাম ব্ৰজেন্দ্ৰ-নন্দন। মোদিপে ছাড়িয়া কোথা করিলে গমন ॥ ২০৩ হাহা পুণচন্দ্রমুখ মুরলী-বুদন। প্রাণ যায় ঝাঁট আসি দাও দরশন ॥ ২০৪ এই মতে সবে ধবে কাঁদিতে লাগিলা। **उ**द्ध कृष्ण लुकारेशा द्रशिष्ठ नादिला॥ २०৫ পীতাম্বর গলে দিয়াঁ হাসিতে হাসিতে। আবিৰ্ভূত হল্যা সেই ছানে আচন্বিতে॥ ২০৬

তাঁহারে নির্বণি যত গোপের অবলা।

কেহ ধরে হুই করে করি তাঁর কর।

কেহ তাঁর প্রসাদ ভাবুল নেয় করে।

কেহ তাঁর শ্রীচরণ পয়োধরে ধরে॥ ২০১

কেহ নেত্র মুদি তাঁরে ধ্যান করে স্থাে। ২১০

কেহ অনিমিষ হয়া দেখে তাঁর মুখে।

কিশোরী কুপিত হয়াা দংশিয়া অধর।

ছাডেন কটাক্ষ শর ক্ষেব উপর॥ ২১১

এই বন্ধু এই বন্ধু বলিয়া উঠিলা॥ ১০৭

কেহ জাঁর ভুজ রাখে স্বন্ধের উপর ॥ ২০৮

হায় একি দাহদ ভোমার।

তাঁরা সবে পাইয়া নাগরে।
মৃক্ত হল্যা সে বিরহ-জরে॥ ২১২
তবে সবে উতরী বসন।
পাতি করি দিলেন জাসন॥ ২১৩
তাহাদের জানি অভিপ্রার।
বসিলেন শ্রীকৃষ্ণ তাহায়॥ ১১৪

'গোপী দব মণ্ডশী করিয়া।' বসিলেন ভাহারে বেড়িয়া ৷ ২১৫ নতু **হাস্ত কটাক্ষ করম**। তাঁর কর-চরণ সেবয়॥ ২১৬ কিছু কোপ আছয়ে অন্তরে। প্রহেলিকা পুছেন নাগরে॥ ২১৭ ভঙ্জিলে ভজয়ে কোনো জন। কেহ ভঞ্জে বিনাও ভজন॥২১৮ উভয়েরে কেহ না ভজয়। কহ শাম কে কেমন হয়॥ ২১১ বুনি গোপী-সকলের মন। হাসি কন কিশোরীমোহন॥ ২২ ০ পরস্পরে ভক্তন করায় যে যে জন। মাহি হয় তাহে পর্ম পিরিতি দর্শন॥ ২২১ না ভঞ্জিলে ভজ্ঞয়ে ছিবিধ তারা হয়। কঞ্ণা-নিধান আর স্নেহের আগ্রয়॥ ২২২ करूर्णत पर्या दश करह ज्ञव छन। পিতা মাতা পুত্রে ভজে স্নেহের কারণ॥ ২২৩ ভ**জিলে** বা না ভজিলে **যারা না ভজয়**। তাহাদিকে চতুর্কিধ সব শাস্ত্রে কয়॥ ২২৪ অন্মারাম পূর্ণকাম অকৃতক্ত আর। **७क्टरबाक्षा ठ**डूर्थ व्यथम (म मवाद्र॥ २२৫ কৃষ্ণের বচন শুনি গোপবগুগণ। মনে মনে কহিছেন এ সব বচন ॥ ২২৬ আত্মারাম পুর্ণকাম এহ নাহি হন! তাহা হল্যে না ঘটত স্ত্ৰীসনে ক্ৰীড়ন॥ ২২৭ नाहि इन चक्रडक पिवा कानवान। গুরুদ্রোধা হল্যা নিজ বাক্য পরমাণ ॥ ২২৮ এত ভাবি হাসি সবে ঠারাঠারী করে। কিশোরীমোহন পুন কন তা সবারে॥ ২২১ ও হে স্থীগণ, ভোৱা মোর মন, না জানিয়া কেন হাস। ভোমরা আমারে, এ চারি প্রকারে, কিছু করি নাহি বাস 🛭 ২৩০ আমি কুপা-সিন্ধু, ভকতের বন্ধ ভকতের পরাধীন। তাহাদের যাহে. সুধ হয় ভাছে, অভিলাষী চিরুদিন 🛭 ২৩১

ছাড়িয়া কান্তারে, তবে তো সবারে. লুকাইয়া ছিন্তু যেই। তোমাদের প্রীতে, বহু বাঢ়াইতে, মোর আচরণ সেই॥ ২৩২ থেন কোনো জন. অধিক অধন. চিন্তামণি যদি পায় ৷ াহা হারাইলে, আর সব ভূলে, সদাই ভাবয়ে তায়॥ ২৩৩ তেন আপনারে. ভকত জনারে. দেখাইয়া একবার। আমিহ লুকাই. পিরিতি বাঢ়াই. তাহে কোটগুণ তার॥২৩৪ এহ সাধারণ, করহ প্রবণ, গুপত বচন-সার। কিশোরী-মোহন, ্নারিবে শোধন, করিতে তোদের ধার॥ ২৩৫

ক্ষের বচন শুনি গোপনারীগণ। গুথ দূরে গেল হল্যা প্রখেতে মগন॥২৩৬ তবে কঞ্চ যত গোপী তত মূর্ত্তি ধরি। রাসলীলা আরম্ভিলা অতি মনোহারী॥ ২৩৭ इरे फिक इरे लाशी मध्य वश्नीधाती। ত্রই দিকে ুই ক্ষম মাঝে গোপনারী॥ ২৩৮ তাহাতে হইল শোভা অতি চমংকার। নীল পীত মণিতে গাঁথিল যেন হার॥ ২৩৯ মওলীর মাঝে রাধা কিশোরীমোহন। পরিবেশ-মাঝে মেখ-বিজুরী যেমন ॥ ২৪০ রবিনন্দিনি.

ভট মেদিনি,

সিকভাগণ

তহি উপর'সাজে॥ ২৪১ . ভঠি করতহি রাস। বহু বুজিনি. করি সঙ্গিনি, হরি বত পরকাশ ॥ ২৪২ ষত সুন্দরি, কর কর ধরি, নুভা করত রঙ্গে। ছু হু স্থল্পরি, কৰ্গুপ করি, হরি নাচত সঙ্গে 🛚 ২৪৩

সমচৌরস রাজে।

অতি চিক্কণ

1

কটি কিঙ্গিণি, নপুর মণি, বলয় কন্ধণ বাজে। যার ধ্বনি শুনি, পরিবাদিনী, সাহিনী মরে লাজে॥ ২৪৪ গগনোপরি. যভ কিন্নরি. ধরি রাগিপি তানে পান করত. তাল ধরত. যন্ত্র মানে॥ ২৪৫ নটন হেব্লি. সুখেতে ভোরি, স্থরগণ-মুনি সাঁথে। কুপুম-বুল, বরিখে মন্দ, কিশোরী-কিশোর-মাথে॥ ২৪৬ নটিনী নটবাজঘটা নটক । विजुद्री मह नीत्रमकी हमन्त्र ॥ २८१ চরণারুণপদ্ সমান চলে। বলকে নথচন্দ্ৰ-ছটা-সকলে॥ ২৪৮ মণি নপুর বাজত চাঞ্চ রবে। থিহ চূর্ণ করে চটকা পরবে॥২৪৯ বলয়াবলি কিঞ্চিপি কম্বণ রে। মূনি-মানস-মোহন নাগ করে॥ ২৫০ বর কুন্তল বেণি পিঠে তুলিছে। তছ চম্পৰ ৰূপ খনী পড়িছে॥ ২৫১ ঞতি কুণ্ডল দোলতহী সখনে। কুচমগুল দোলত তার সনে॥ ২০২ মণিহার বিলাস উরোজ ষটে। রগুনন্দন ভোটক ছন্দ রুটে॥২৫৩ নাচিছেন নটিনী সঙ্গেতে নটবর। ষেন হেম নালমণি প্রতিষা নিকর॥ ২৫৪ বঞ্জন-গঞ্জন-পদক্ষল-চালনে। নাগরের নপুর নিনাদ করে খনে॥ ২৫৫ দোলিতেছে বনমালা চরণ উপরি। বুঝি লোভে আস্বাদিতে চরণ-মাধুরা ॥ ২৫৬ চরণ উপরি ধটা অঞ্জ দোলয় অনুমান করি ধূলী বিধাতা পোছয়॥ ২৫৭ নুত্য-বেগে বুকে দোলে মুকুতার হার। যেন বায়ুযোগে মে**খে পাতি বলাকার** ॥ ২৫৮ শ্রুতিবুপে চুলিতেছে মকর কুণ্ডল। बार्ड अनम्म करत्र जीवन प्रवन । २००

চড়াতে ময়ুর-পাখা দোলে খনে খন। যেন শিখী নিজ পুড়ে করয়ে নর্মন ॥ ২৬০ শীরবুনশ্বন কতে বলিহারী যাই। হেন লীলা কোনো স্থানে শুনিতে না পাই ॥২৬১ প্রব করি পঞ্চম গাইলা ততুপরে ॥ ২৮০ শ্রীকৃষ্ণ কহেন ভোৱা নৃত্য দেখাইয়া। সিঞ্চিলে আমার নেত্র সুধায় করিয়া॥ ২৬২ এই রূপে যদি কিছু কর সবে গান। শ্রবণ করিয়া তবে সুখী হয় কান ॥ ২৬০ এত ভানি গোপীরা কহেন নি**জ**-নাথে। তবে গাই মোরা যদি তুমি গাও সাঁথে॥ ২৬৪ ভাল ভাল বলি কৃষ্ণ অনুমতি দিলা। প্রথমে গোপিকা সব গান আরম্ভিলা॥ ২৬৫ জয় জয় গোপীনাথ গোপিকা-জীবন। লোপবধু-চাতকিনী প্রিয়নবম্বন ॥ ২৬৬ রসিকের ভড়ামণি রসের সাগর। ত্রিভুবনে উপমান-রহিত স্থন্দর ॥ ২৬৭ শ্রীকৃষ্ণ কহেন আমি গান করি এবে। আমার সঙ্গেতে গান কর তোরা সবে॥ ২৬৮ এত কহি গোপীদিগে হসিত-বদন। গাইবারে আরম্ভিশা কিশোরীমোহন॥ ২৬৯

জয় জয় গোক্ল-রমণী। ত্রিজগত-নারী-চূড়ামণি॥ ২৭০ রূপে ঋণে দেখি না উপমা। নাহি আছে বুসিকতা সীমা॥ ২৭১ এমত চুম্বন আলিঙ্গন। बात कान गामिश्रमी अन ॥ २१२ এতেক গাইলা ধবে হরি। ন্তনি লাজ পাল্যা সব নারী ॥ ২৭০ ভুরুভঙ্গি করি কৃষ্ণ-পানে। চাহি সবে কুটিল ময়ানে॥ ২<sup>98</sup> এ গীত গাইতে না পারিলা। **उद्ध कुक कृहिएउ गांत्रिमा ॥** २१४ পরাজম পাল্যে তোরা গীতে। যোগ্য হয় আমারে পৃক্ষিতে ॥ ২৭৬ निर्देशस्त्र जीव्रघूनम्म । পাইরাছ কটাক পুজন । ২৭৭ পুন কোনো গোপী গাইছেন অঞ্চ গীত। किस कृष-श्रद्भारम ना श्मा मिनिए ॥ २१৮ এক গাঁত এক রাগ কিন্তু **আন স্থর**। स्विन जादा निष्य मामा निमा नारमानत ॥ २१৯ অগ্র গোপী সে গীতের অতি উচ্চশ্বরে। তাঁর গীতে তুষ্ট হয়া ভাল ভাল বলি। নিজ কণ্ঠ-হার দিলা তাঁরে বনমালী ॥ ২৮১ কোনো গোপী নৃত্য করি শ্রমার্ত হইরা। দাঁভাষেন শ্রীক্ষের কান্ধে বান্ত দিয়া॥ ২৮২ কেহ কৃষ্ণ-অঙ্গন্ধে মাতিয়া মদনে। চম্বন করেন তাঁর কমল বদনে॥ ২৮৩ কেহ নিজ গ্ৰু দেয় কৃষ্ণ গণ্ডদেশে। কৃষ্ণ তারে দেন নিজ তাপুল উচ্ছেষে॥ ২৮৪ কেহ অতি প্রান্ত হয়া সঙ্গীত নর্তনে। কঞ্চ-কর আনি দেন আপনার স্তনে॥ ২৮৫ এই রূপ গোপীদের দীলা কৃষ্ণসনে। শ্রীরত্বনন্দন ধ্যান করে সদা মনে॥ ২৮৬ গোপবধ্দের মনে, ক্ষা-অঙ্গ পরশ্বনে, **इहेन कारमद्र উদ्দीপन।** কাঁচলী কুন্তল পাশ, সম্বরিতে নারে বাস, অঙ্গে ঝরে খর্মা কণ কণ॥ ২৮৭ ভাহা জানি রসিক নাগর। এক এক গোপী নিয়া, প্রবেশ করিলা পিয়া, এক এক কুঞ্জের ভিতর ॥ ২৮৮ কুস্থম-শয়ন করি, বসি বসি ভছুপরি, করি নানা রস আলাপন। यमन-अभवारवरण, श्रिका भवाद व्यारण. যাহা দেখি মোহিত মদন ॥২৮৯ রতি-ভ্রমে গোপনারী, স্থথে বছে স্বর্মবারি, পুঁছিদেন তাহা নিজকরে। পল্লব লইয়া হাতে, বীজন করেন তাতে, শ্রমযুক্ত গোপী-কলেবরে। ২১• তথাপি তাদের শ্রম, নাহি হয় উপশম, ভানি তাহা মদন-মোহন। অলকেলি করিবারে. লয়া সব গোপিকারে, কালিকীতে করিলা গমন । ২১১ নানা কেলি করি জলে, উঠিলা সকলে কূলে, वृष्णा चानि भिरमन यमन।

ভাষা পরিধান করি, বনে বনে ফিরি ফিরি, ভার শোভা করেন দর্শন । ২৯২ পূল্প তুলি নিজকরে, গোপীদের কলেবরে, করিলেন বেশ-বিরচন। এক এক গোপী সনে, স্ইলা নিকুঞ্জ-বনে, ভাষা ভাবে শ্রীরযুনন্দন। ২৯৩ ইতি শ্রীগীতমালায়াং রাস্বাত্রা-বর্ণনং নাম সপ্তবিংশং গ্রন্থনং । ২৭

## অফাবিংশ গ্রন্থন।

অথ প্রোষিত-ভর্ত্তকা।

তত্ত্ব ভাবী বিরহঃ।
গোরাচান্দ যাবেন গয়ায়।
এই ধ্বনি হল্য নিদিয়ায়॥ >
শুনি ভাহা ভক্ত সকল।
হইলেন অধিক বিকল॥ ২
ভারা সবে করেন ভাবন।
কে করিবে প্রভুরে বারণ॥ ৩
না হয় উপায় দরশন।
কি করিয়া রহিবে জীবন॥ ৪
অর্ধকার হইবে নিদিয়া।
মোরা এথা রব কি করিয়া॥ ৫
শীরঘুনন্দন কান্দি কয়।
বিধি হল্য বড় নিরদয়॥ ৬

অক্রুর এন্তাছে ব্রজে, তাহা নাহি জানি নিজে, রাধিকা কহেন ললিভার। সুধি আজি একক্ষণ, ধ্রির নহে মোর মন, কি কারণে সোয়াত না পায়॥ ৭ দিক্ সব দেখি শৃক্তময়। রক্ষাবনে শিধিসব, করি কেও কেও রব, কি লাগিয়া নৃজ্য না করয়॥ ৮ কোকিল শারিকা শুক, সকল হয়্যাছে মৃক, হরিশে না করয়ে নর্ত্তন। মুদ্র উপার্মধে গোবছন॥ ১

কালিন্দীতে কারগুব, চক্রবাক হংসদব, नाष्ट्रि करत्र भूर्य (कालाश्ल । খাটে নাহি খেলে মীন, কচ্ছপ সকল দীন, यमिन इग्राह्य भेडमम्॥ >• আমার দক্ষিণস্তন, নৃত্য করে খনে খন, তার সনে দক্ষিণ নয়ন। ইথে বে অভভ হয়, হকু তাহে নাহি ভয়, স্থের ই কিশোরী-মোহন ॥ ১১ রাধিকার কথা শুনি ললিতা তাঁহারে। না পারেন কিছুমাত্র উত্তর দিবারে॥ ১২ তাহারা জানেন অক্রুরের আগমন। শঙ্গা হেছু না কহিলা করিলা গোপন॥ ৯৩ ললিতার স্থানে তবে না পাই উত্তর। ক্রেন রাধিকা বড শক্তিড-অন্তর । ১৪ সবি তুমি উত্তর না দিলে মোর প্রতি। ইহাতে বড়ই শস্তা করে মোর মতি॥ ১৫ কহ কহ কি বিপদ হল্য উপস্থিত। ঢাকিয়া রাখিলে আর হবে কিবা হিড॥ ২৬ এই কথা রাধিকা কহেন যেই কালে। ত্বনী ৰোষণা দিল ব্ৰব্ৰে কোডোৱালে॥ ১৭ কংসের আজ্ঞায় কালি মথুরা পত্তনে। ব্ৰজ্বাজ খাইবেন বামকৃষ্ণ সমে ॥ ১৮ অতএব সজ্জ হয়া থাক গোপগণ। ষাইতে হইবে সবে ব্লাজ-দর্শন॥ ১৯ শ্রীরগুনন্দন কহে ওরে কোডোয়াল। ভোমার খোষণা বুঝি শমনের শাল ॥ २०

ত্তনি সেই বোষণার ধ্বনি।
মূচ্চা পাই পড়িলেন ধনী॥২১
দেখি তুথি সব সহচরী।
জুলি বসাইলা তারে ধরি॥২২
কেহ সুলীতল জল আনি।
পাধালে তাহার মূথ ধানি॥২৩
কেহ ধরি জলার্ড বসন।
করে তাঁর অন্দেতে বীজন॥২৪
কেছ ডাকে রাই রাই বলি।
চাহিলেন তিঁহ নেত্র মিলি॥২৫
কহিলে সবি ঘোষণায়।
কি কহিল বলহ আমায়॥২৩

বক্ত হেন প্রবেশিল কালে। এই মাত্র আছে মোর মনে॥২৭ জীরগুনন্দন কংহ ধনি। কাজ নাই আর ভাহা ভনি॥২৮

বিশাখা কছেন সুধি ধৈর্য ধরিয়া। স্তনহ আমার এক কথা মন দিয়া॥ ২৯ কালি জাবে বন্ধ কিন্তু পরশ্ব আসিবে। এক দিন লাগি এত চুথ না করিবে॥ ৩০ রাধিকা কহেন যদি পরশ্ব আসিত। ত্তবে এত অমঙ্গল কভু না হইও॥ ৩১ অতএর আমি করি মনেতে বিচার। ব্রঞ্জের স্থাবের হাট হল্য ছার খার॥ ৩২ যদি বন্ধু মথুরাতে করম্বে পমন। তবে মেরো কি করিয়া ধরিব জাবন ॥ ৩৩ পশিতা কহেন যাবে হই সে প্রভাত। না হয় প্রভাত যাহে করি সে বিবাত॥ ৩৪ কালিন্দীর পূজা করি সেহ নিজ ভাতে। কহিয়া বারণ করি রাখিবে প্রভাতে॥ ৩৫ শ্রীরথনন্দন কহে এমত হই**লে**। নিরবধি বজনাথ থাকেন গোকুলে॥ ৩৬

> পলিতা-বচন শুনি, রাই বোলই, সথি অফ্চিত তব ভাষ। যমুনাকো সেবত, পুর-রমণীগণ, বস্কু-দরশন করি আশ॥ ৩৭

করব সো ভা**ছে কা**হে বাধ। নির্বাধিয়ে আচরণ, দেবকা ঐচন. পুরয়ে ভকডকি-সাধ॥ ৩৮ রবি পুজন করি, ললিভা কহই পুন, বর মাগব তছু পায়। উপয় না হোয়ই. जन्म इ (मा यिन, রজনী তব না পোহায় 🕯 🕬 থাই কহত পুন, সধি হই অঘটন, क्टिक दशक्रव चर्टना। চক্ৰবশহি পতি, তাকো হোৰত, किए ब्रह्य (मा करना ॥ ८० . यति कळूनः कवि. সো নিজ-সুতকো, রবি দেওই ইহ ভার।

ব্রজ-রমণীগণ, মারণ কারণ, তব হুধ না ষ্টই আর ॥ ৪১ উপায় না দেখিয়ে, ইহা ধিনে আন. চিন্তা করি বহু বার। শ্রীরবৃনন্দন, ভনি ইহ বাণী, রোয়ই করিয়া ফুকার ॥ ৪২ বিশাখা বলেন সধি মরা ভাল নয়। মরিলে কি হবে লাভ দর্শন না হয়॥ ৪৩ যদি রাথিবারে পার কোনো মতে প্রাণ যত ক্লপ থাকে ব্ৰজে দেখ সে বয়ান ॥ ৪৪ নিতান্ত যাইবৈ যবে গোকুল তেজিয়া। তথন করিবে যাহা হয় বিবেচিয়া॥ ৪৫ বাবিকা ক**ংগ**ন সুখি কি হুইল হায়। পুর্ব্বদিকে 🖦 কিরণ দেখা যায়॥ ৪৬ লোকে কহে হুঃখের রজনী না পোহায়। তবে কেন এছ অতি পুরাতে ফ্রায়॥ ১৭ বিধি প্রতিকৃষ হইয়াছে মোসবার। বুঝি তেই বিপরাত হইল সংসার॥ s৮ অগ্রথা প্রাবের বন্ধু উপেথিবে কেন। শ্রীরযুনন্দন পূর্বের জানকীরে যেন॥ ৪৯ ইতি শ্রীগাতমালায়াংপ্রোষিতভত্তকা-বর্ণনে ভাবি-

#### উনবিংশ গ্রন্থন।

বিরছ-বর্ণনং নাম অষ্টাবিংশং গ্রন্থন্য ॥ ২৮ ॥

অথ ভবন বিরহ।

গোরাচান্দ চলিলা গয়ায়।
শোক উথলিল নদিয়ায়। >
কেহ স্থির হড়ে না পার্য।
মৃক্তক ইইয়া কান্দয়। 
কেহ কিছু কহিতে না পারে।
অনিমিধে চান্দমুধ হেরে। 
অধিক থাকুল প্রিয়ন্ন।
কে করিবে সে ছুধ-বর্ণন।
চলিলা কথোক অন নিয়া।

তাহ। দেখি এীরবৃনন্দন । পাছে পাছে করিল পমন ॥ ৬

প্রভাত হইল দেখি, অক্রুর মনেতে সুখী. রথ লয়া আইলেন পথে। রাম দৰে খন শ্যাম, জননীকে পরণাম, করিয়া চঢ়িলা আদি রথে॥ ৭ জ্ঞেবে রাধা সহচরী-সনে । লার্জ ভয় উপেথিয়া, পথে আসি লড়াইয়া, কহিছেন **সজল**-নয়নে॥৮ ও রে বিধি ক্ররমতি, জানিলাম কারো প্রতি, ভোর নাই কক্লণা কিঞ্চিত। ত্মিহ প্রেমের গুণে, যোগ করি সব জনে, বিনা দোষে কর বিষটিত। ১ यनि कर এ श्राकुत, करक नग्ना यात्र एत, তবে কহি শুনহ বচন। ধরিয়া অক্রর নাম, হরিতেছ তুমি প্রাম, গোপনারীগণের জীবন॥ ১০ দিয়াছিলে তুমি হরি, পুন লইডেছ হরি, দিয়া নেয়া অভি অকরণ। শ্রীরঘুনন্দন কয়, বিধি কৃষ্ণ-বশ হয়, ভাহা করে যাহে 'তাঁর মন। ১১ অথবা দিতেছি দোষ বুথা বিধাতায়। প্রাণনাথ আমাদের প্রতি নাহি চায় ॥ ১২ উপেখিয়া মোরা সবে গৃহ বন্ধজন। উহার চরণ পূর্বে লইন্ম শর্ব ॥ ১৩ এহ আমা সকলেরে উপেক্ষা করিয়া। চলিতেছে মথুরায় নিঠুর হইয়া॥ ১s অতএব বুঝিলাম ইহার পিরিতি। চির দিন নাহি থাকে কোনা জন প্রতি॥ ১৫ नवनव मान्न दनी ज्वम हेशाद । ভ্রমরের সমান ইহার ব্যবহার 🖟 ১৬ মধুপ্র-নারীদের আজি সুপ্রভাত। বাহারা দেখিবে আঁথি ভরি প্রাণনাথ # ১৭ যধন দেখিবে তারা এ চান্দবদন। মনের বাসনা পূর্ণ হইবে তখন 🛚 ১৮ **শ্রীরথুনন্দন কহে রন্দাবনেশ্বরি।** তব আশীর্কাদে মানি আমি সূত্য করি ॥ ১১

মধূপুর-রমণী-স্মপুর বোল।
তানি হোয়ব ইছ অধিক বিভোল। ২০
স্পর হাস নয়ন-ভূক-ভঙ্গী।
পেপি ভূলব ইছ নবরস-রঙ্গী। ২১
জানত তাসব বছবিধ কেলী।
তাহে ভূলাওব ইছ বনমালা। ২২
অতয়ে না আওব পুন কিরি এছ।
কিছুরব লোপ-রমণীরন লেছ। ২০
হোয়ব যব নব-প্রেম-বিধাস।
পুরব পিরিতি তব পাওব নাশ। ২৪
শীরব্দশন কছে কর জোরী।
চপল প্রেম নহয়ে প্র্ সেরী। ২৫

দেখ দেখ সখীসব গ্রামের করণ। অক্রুরে কহিছে রথ করিতে চালন ॥ ২৬ কিছ মাত্র কপা না করম্বে মোদবায। একি বুক বা**নিয়াছে ক**ঠিন শিলায়॥২৭ ভাল মন্দ বিবেচনা-হীন গোপসব। থাইবারে হরা করিভেচে অসম্বর ॥ २৮ कुल वृद्ध मकरल कत्रिला উপেक्स। ভারা ইথে কিছু না করিলা বিশেচন ॥ ২৯ আমাদের প্রতি বিধি হইয়াছে বাম। করিতেভে সেই এই সব 5% কাম॥ ৩० চল চল মোরাই সকলে আগে পিয়া: নিবারণ করি তপ দশনে ধরিয়া॥ ৩১ কি করিবে জাতি বন্ধ জান মোদবার। কি করিবে **লোক লাজ ধরুম** আচার॥ ৩২ ক্ষ-বির্ভেতে **প্রাণ মো**দের না রবে। ভবে অগ্র হভ্যে ভয় করিলে কি হবে॥ ৩৩ যদি না ফিরুরে সঙ্গে করিব গমন। শ্রীরধুনন্দন সনে জানকী যেম্ম ॥ ৩৪

পিয়া গাঁহা বাওব, হাম ঠাঁহা থাওব, উপেধিয়া কুল-ভয়-লাজ। পরাণ-পরম ধন, তাকো উপেধিয়া, হোঁয়ব লাজে কি কাজ॥ ৩৫ নাহি দেখি অপর উপায়। বিরহ-দ্যানলে, ইহু তমু আরব, কি কবিয়া গাঁচব তায়। ৩৬

बाकद शक्र हि, शामन द्रवानी, ছৈ গেয়ে নিমিখ-সমান। ভাহা বিনে নিমিখ, কলপ-সম ছোম্বৰ, কৈছে সহব চুধ প্রাণ। ৩৭ बाक्द्र नद्रमन, जगर निमिध-नद, বিরহ সহন নাছি বার। তা বিসু ব্রুদিন, কৈছে গোয়াওব, ধৈরৰ ধরিরা হিরার ॥ ৩৮ ওরে কংগকি চর, অনুদ্র নাম ভোর, काट्ट कर्त्रि जुन्त्र काम। হাম ভোহে মাগিরে. দশনহি তণ ধরি, অব ব্রম্পে রাথ খন খ্রাম। ৩১ নয়ন কি আশ, ভরিয়া হাম নির্বিয়ে, ব্ৰহ্ম-বিধু-বদন-মুধায়। কালি করবি বাহা, সমুচিত বুঝবি,

এত কহি রাধিকা কান্দেন কুকরিয়া।
হা গোবিন্দ দামোদর মাধব বলিয়া॥ ৪১
কান্দিতে কান্দিতে চান ক্রফ-মুধ-পানে।
অবিরল অক্রজন গলয়ে নয়ানে॥ ৪২
কতু বথ আগে নিয়া ভূমিতলে পার্ড।
কাকুতী করিয়া দিতেছেন গড়াগড়ী॥ ৪৩
কতু দমে তুল ধরি বস্ত্র দিয়া গলে।
বলদেব আগে নিয়া পড়েন ভূতলে॥ ৪৪
কথনো কহেন পোর্ণমাসীরে কাঁদিয়া।
রাধ তুমি ব্রজ-নাথে গুক্তি করিয়া॥ ৪৫
দেখি এসকল রাধিকার আচরণ।
ভূতলে পড়িয়া কান্দে এ রঘুনন্দন॥ ৪৬

त्रपूत-स्मन दूथ भाषा ॥ ८०

রাধিকার দশা, নিরীক্ষণ করি,
দর দর করুণার।
ছল ছল আথি, বির হইবারে,
না পারেন শ্রামরার ॥ ৪৭

তবে এক দৃত বারে।
আধাদ বচন, কহি পাঠাইল।,
প্রপরেতে রাধিকারে ৪ ৪৮
প্রিরে জোরা দবে, আমার লাগিবা,
নাহি ভাব কড় মনে।

ফিরিয়া আসিব, রিপু নাশ করি, আমি পুন এ ভবনে॥ ৪৯ नवन मृतिया, কিছু দিন ভোৱা, সহি থাক এই চুখ। -ফিরিয়া আসিয়া, অচিবাতে আমি. ভোমাদিনে দিব হুখ। ৫০ দত-মুখে হুমনি, এতেক বচন, ব্ৰাধা পাল্যা আশোদাস। কান্দি কান্দি যায়, কৃষ্ণ-বুৰ পাছে, এ রঘুনন্দন দাস ॥ ৫১ ইভি শ্রীগীতমালায়াং প্রোধিত · ভৰ্তৃ্কাবৰ্ণনে ভবিব্ৰহ্-বৰ্ণনং নাম উন্তিংশং গ্রন্থন্য । ২১

## ত্রিংশ গ্রন্থ । অথ ভৃত বিরহ।

গন্ধাতে বহিলা পোরারায়।
বিরহ বাঢ়য়ে নদিয়ায়॥ ১
ভক্তনশ অধিক কাতর।
থির নহে তাদের অন্তর ॥ ২
দিবা রাতি হইল সমান।
না করে শন্ধন ভোগ পান॥ ৩
অবিরত করয়ে ক্রেন্দন।
গোরা বলি ডাকয়ে সম্বন॥ ৪
ভূমে পড়ি এ র্যুনন্দন।
হাহা রবে করয়ে রোদন॥ ৫

কংসরাজে নধ করি, রচিয়া ছারকা পুরী,
কৃষ্ণ তাঁহা করিলা নিবাস।
ভনিয়া রাধিকা ভাহা, কৃষ্ণের গোকুল মাহা,
জাগমনে হইলা নিরাশ ॥ ৬
তবে চুধ অধিক বাঢ়িল।
সুধ নাহি এক জণ, চিডায় ব্যাকুল মন,
দিন রাভি সমান হইল ॥ ৭ \*

\* "िठ्डांव कांत्रदारंदांश जानवर बनिना कडा । श्रेनारंश खाविक्रवारंग बार्टा मृङ्ग् क्ष्मा मृष्ण' हे कि क्ष्मित्रपार क्रांत्रव वर्त्वरङ ।

ভপত দীৰদ বন, খাস বহে অসুকণ, : তাহাতে মলিন বিশ্বাধর। বাম করপদা-তলে, রাখি বামগগুস্থলে, বসিয়া থাকেন নিরস্তর 🛚 ৮ অধ করি মুখখানি, যখন থাকেন ধনী, ভূমে ভার প্রতিবিশ্ব হয়। বুঝি শুশী মুখসনে, পরাজয় পাই রণে, পদতলে পড়িয়া লুঠয় । ১ यत्न कत्रि किना छानि, कथता निरथन धनी, নখে করি ধরণী-উপর। শ্রীরগুনন্দন কয়, এই অনুমান হয়, ধরণীরে চাহেন বিবর ॥ ১০ বজনীতে সখী সব শয়ন পাতিয়া। শয়ন করান তাঁরে যতন করিয়া॥ ১১ কেহ কেহ ধীরে ধীরে চামর চুলায় কেহ বা শীতল কর শ্রীঅক্টে বুলায়॥ ১২ তবে শ্ৰীরাধিকা কন ছাড়িয়া নিখাস : সখীরণ কেন কর এ সব প্রয়াস॥ ১৩ প্রাণনাথ যধন আছিল এই দেশে। তবে নিদ্রা না যাইওঁ, আমি রসাবেশে॥ ১৪ সেই কোপে এবে নিদ্রা তেঞ্জিল আমায় না আসিবে সেহ নেত্রে করিলে উপায় ॥ ১৫ যদি নিদ্রা হয় তবে তাহারে স্বপনে। কখনো দেখিতে পাব এই হয় মনে॥ ১৬ বিধি প্রতিক্ল তাহা করিবেক কেন শ্রীরঘুনন্দন বিনে জানকীর ধেন॥ ১৭ মন মোর নিরবধি জলে। ্উদ্বেগ-দাকুণ-তুষানলৈ॥ ১৮ ক্ষনকাল স্থির নাহি হয়। কি করিবে না পাই নিশ্চয়॥ ১১ কি করিলে এ ছুখ বাইবে। কেবা সেই উপায় কহিবে॥ ২০ ভোমাদিগে কব্লি বে বন্দন। কর কিছু উপায় রচন । ২১ বার বলে মোর হত মন।

দ্বির হত্যে পারে এককণ 🛚 ২২

त्रथी तर कर**ाक्ष का लिया । २०** 

কিশোরীর বচন শুনিরা।

প্রিয়সধি শুনি হোর এ সব বচন। বড়ই কাতর হল্য আমাদের মন 🛭 ২৪ একে তনু ক্ষীণ হইয়াছে অনাহারে। ইথে এড উদ্বেদে বৃহিবে কি প্রকারে 🛚 ২৫ (मर्थ कृष-ठजुद्देनी मनी दश कीन। তাহা হইতেও তকু হইয়াছে দীন॥ ২৬ ষত আছে হেম-মণিময় আভৱণ। প্রথ হইয়ছে ভাহানাহয় পিরুন। ২৭ ভূষণের কর্ম্ম করে কেবল অঙ্গুরী। তাড় হইয়াছে বেহ ভুজের উপরি॥২৮ উপমা হইত আগে ভূ**জের মূণালে**। দেখিতে না পাই কোথা হইবে এ কালে ॥২৯ শ্রীরঘুনন্দন ভণে সঙ্গ-নয়নে। নাহি দেখি উপমান এ তিন ভুবনে ॥ ৩০ সহজেই তত্ত্ব বিন, বিরহেতে শত ওল, শয়নে মিলাগ্যা যেন ব্রম্ব। নাহি তার যথলেশ, মার্জন কালন বেশ, ভাবে মলিনভা অভিশয়॥ ৩১ হতবিধি দাসুণ-আশয়। ए एक् करभव पूरक, शांकिक मनारे श्र**रन**, সেহ আজি গুলার লুটর 🛭 ৩২ দেখিয়া যাহার কাঁতি. হেম সৌদামিনী ভতি-প্রতি হুণা করিত সকলে। সেহ এবে পর্যায়ত, শোণ-পুস্প উপমিত, কি আর কহিব অকুশলে 🛭 ৩৩ পূর্ণিমার শশধর, হইতেও মনোহর, যে সুখের মাধুরী আছিল। একি হিম-নিপতনে, মলিন মলিন সনে, এবে দেহ সমান হইল # ৩৪ পিয়ে যে অধরামৃত, নিজ ত্যা নিবারিত, নিরবধি কিলোরী-মোহন। সেহ শুক্ষ জবাদ্দ, বাজুলীর সমতুল, হল্য একি বিধি-বিডম্বন ॥ ৩৫ রাধা কন সধি কোথা কিশোরীমোহন। গোকুলের শনী কোখা করিল পমন 🛭 ৩৬ काथ। कानियोद क्न-निक्श-विनामी। কোষা গোৰ্জন-পিন্ধি-কদান্ত-নিবাসী ৷ ৩৭ '

কোথা পেল গোপীগণ বসন-তমর।
কোথা রাসলীলা-রস-রিদক-শেখর॥ ৩৮
কোথা মোর বেশভুষা-বিধান-তংপর।
কোথা মোর সঙ্গে মিলি বেণু বাদ্য-কর॥ ৩৯
কোথা শারণীর শালি-সমান বদন।
কোথা রমণীর মান-দমন-ময়ন॥ ৪০
কোথা হধামাধুরী-ি ক্কারি নিহ্নাধর।
কোথা গেল কিশোরামোচন ১টবর॥ ৪১

পাইয়া জনয়ে বড় বাধা বিলাপ করেন হেন রাধা u sə **(मर्थे कारम** विरुक्षित खत्र । প্রবৈশিল তাঁর কলেবর ॥ ১৩ প্রথমেতে থর থর করি। কাঁপিতে লাগিলা স্থক্ষারী॥ ৪৪ পুলকিত সকল শরীর। বহে ভাঁহে খন ঘর্মানীর॥ ৪৫ সব ভক্ত হল্য নিবরণ। ছण इस कराय नग्ना u se তমু উত্তপত অভিনয়। चन चन नियाग वश्या। ८१ কিলোরীর দেখি ছেন জর। সংগী সব অধিক কাতর ॥ ৪৮ তবে ঝানা সখীদিগে কাতর দেখিয়া। উন্মাদ-আবেশে কন হাসিয়া হাসিয়া ॥ ১৯ স্থী স্ব ভারো কেন হইছ কাতর। অই দেখ আগে আসিয়াছে নটবর॥ ৫০ না ডাকিহ উহারে ভোমরা কোনো জন। আইলেও নাহি দিয় বসিতে আসন॥ ৫১। কেহ কোনো কথা উহা প্রতি না কহিয়। নম্বন ফিরায়া। উহা পানে না চাহিয়॥ ৫২ কাছে আসি করিবেক কাকৃতি যথন। তখন কহিবে কর দারকা গমন ॥ ৫৩। রাজ-ক্তাগণ শয়্যা করগা বিহার। গোপ-নারী'কাছে হবে কি সুখ তোমার ॥ ৫৪ তার। জানে নানা মত হাগ-পরিহাস। গোপনারী সকল কি জানে হাস-ভাষ ৷ ৫৫ দেখি হেন কিশোরীর উন্মাদ-আবেশ। मर्था भर करण्क शहिला यूच-राम ॥ ८७

কহিতে কহিতে. নাপাই দেখিতে নিজ প্রাণনাথে রাই। कि इंडेल हाग्र, বলিয়া ধূলায়, পড়িলা মুরুছা পাই ॥ ৫৭ ভাহা দেখি স্থীগণ। একি একি বলি, করিয়া ব্যাকুলী বেঢ়িলা ছুখিতমন॥ ৫৮ ললিতা সুন্দরী, ছুবাহু পদারি, কোলেতে তুলিয়া নিলা। বিশাখা দীতল, সুবাসিত জল, नयूरन वसूरन भिना॥ ८०॥ ঐচিত্রা সঞ্জল, ধার্যা কমল. বুলায়েন কলেবরে। **্রীচ**ম্পাকলতা, শতদলপাতা, ধরিয়া বাজন করে॥ ৬০ কর্র লেপন, (कर ७ छ मन, করয়ে সকল গায়। বিরহ-বিকার. ত্তথাপি রাধার, মোহ লয় নাহি পায় ॥ ৬১ ॥ তবে শ্ৰীললিতা, কহেন হুখিতা, হায় 💠 করিলে হরি। কিশোরী শুনিয়া, নয়ন মিলিয়া, চাহিলেন ধিরি ধিরি॥ ৬২॥

তাহ। দেখি সখী সব পাইয়া আশ্বাস।
কহিছেন আছে রাই নাহও নিরাশ॥ ৬০
দেখ দেখ চাহিতেছে মিলিয়া নয়ন।
নিশ্বাসেতে জুলিতেছে বুকের ২সন॥ ৬৪
তবে বিধি কি কহিব ভোর অবিচার।
করিল খাহাতে হেন দশা রাধিকার॥ ৬৫
ভূবন-মোহন শ্রাম দোহাগ সে কোথা।
কোথা বা মরণ হতো অধিক এ ব্যথা॥ ৬৬।
ইহা কি বাঁচিয়া থাকি পারিয়ে সহিতে।
করিব বা কিবা ভাহা নাপাই দেখিতে॥ ৬৭
এত কহি সব সখী করেন ক্রন্দন।
ভাহানিশে শ্রিকিশোরী ধিরে ধিরে কন॥ ৬৮
প্রিয়সবি ভোরা সবৈ, আমার লাগিয়া এবে:
আর নাহি করহ রোদন।

মোরে বত কর স্নেহ, তার ফল কিছু দেহ,
বাহে স্থি হবে মোর মন ॥ ৬৯
এক চিত্র পট বিরচিয়া।
ব্রিভঙ্গ-ভঙ্গিম ঠাম, সেই বংশীধারীশুাম,
লিখি দেহ আমারে আনিয়া॥ ৭০
সেই পট দেখি দেখি, আমি মনে হয়্যা স্থী,
কুণ্ডে জালি প্রবল অনল।
প্রবেশ করিয়া তায়, তেজি এই হত কায়,
বিনাশিব বন্ত্রণা সকল॥ ৭১
অথবা যমুনা-জলে, প্রবেশিয়া কুতুহলে,
বিরহ-অনল নিবাইব।
ফ্টাব কামের ত্রাস, নাশিব বিধির আশ,
তোমাদের তুথ নিবারিব॥ ৭২
আমি মৈলে তোরা সবে, দত দ্বারা শ্রীমাণবে,

ভোমার বিরহ-জর- সন্তাপিত-কলেবর, তেজিয়াছে কিশোৱা জীবন ॥ ৭৩ বাবিকার এ কথা শুনিয়া। मधी मन करहन कान्त्रिया॥ १९ কি কহি সিথি এ বচন। হরি হরি ভেজবি জীবন॥ ৭৫ ড়ই যদি করবি এ কাঞ্চ। কাটা রবে এ সধী সমাজ। ৭৬ শ্রামের বিরহে মোরা দুখী। ভোরেই দেখিয়া প্রাণ রাখি॥ ৭৭ यनि दुएँ एडजरि भौरन। মরি ধাবে তবে সধীগণ॥ ৭৮ একা মধি সকলে মারিবি। সে বধের ভাগিনী হইবি॥ ৭৯ এত কহি কান্দে স্থীগৰ ! मक्त्र कात्म अ त्रवृत्मन ॥ ५०

জানাইহ এই নিবেদন।

রাধিকা কহেন পুন ছাড়িরা নিখাস।
সবী সব আমার জীবনে নাছি জাশ॥৮১
দেখ দেখ তেন বন্ধু উপেধিল বারে।
দে জামি জীবন ধরি রব কিপ্রকারে॥৮২
দেখিতে না পার বেছ সে চাক্ষবদন।
কি কাজ ভাষার রাধি এ ছার জীবন॥৮০

ষাহাতে ভাহার বানী শুনিতে না পাই ! সে প্রবলে ক্ষণকাল রাধিতে না চাই । ৮৩ याद्य ना (मिश्ट भारे (म अन्नमाधुत्री। সে নয়ন ধরিতে বাসনা নাহি করি॥৮৫ তাহার প্রসাদ খেহ না পায় বাইতে। বাসনা না হয় দেই রসনা রাখিতে # ৮৬ সে অজ-সৌরভ নাহি পায় ষেই নাদা। তাহা রাখিবারে মোর না হয় লালসা 🛭 ৮৭ যে অঙ্গ না পার ভার জীঅন্ধ-পরশ। ভাগা রাথিবারে বাস্ত্রা করে না মানস 🛚 🛩 অতএব না রাখিব আমি এ জীবন। ভোৱা নাছি কর ইয়ে বাধ বিরচন ॥ ৮৯ রাধিকার মথে শুনি এ সব বচন। ভূতলে পড়িয়া কান্দে এ রগুনন্দন॥ ৯০ ললিভা কহেন পুন, সুখি মোর কথা শুন, প্তির করি আপনার মন। भाव वारका लाका कव. . समर्थ रेववय धव. এক দিন কর প্রভাকণ॥ ৯১ स्वनिग्राष्ट्रि जिक्कक-तम्हन । ष्णुवरक विवाद, आगमाय मृतुन्द्र, আসিয়াছে রথ আরোচণে॥ ৯২ ভারে ত্রভে আনিবারে, পাঠাইব স্থবলেরে, এই মনে করাছি নিশ্চয়। ना आहेरत यनि (मह, (उक्तिर नकरण दन्ह, একা ভূমি কেন পালে ক্ষয়না ৯৩ কহিতে কহিতে কথা, সুধল আইলা তথা, ্রারে স্ব বার্ডা জানাইয়া। ললিতা মথুৱা পুঞী, পাঠাইলা ভুৱা করি, वाधिकात मना (मशोदेश। ॥ ৯९ যাইতে যাইতে পথে, স্থবের ক্রফসাপে, किछू ज़्द्र इड्ड मर्गन । দেখি মাত্র তাঁরে হরি, নামিয়া ভূতলোপরি, धारे व्यापि किया व्यालियन ॥ २० ধরি ভার কর্তলে, বসি এক তক্তমূলে, क्रम क्रम क्यम नवन । বাষ্পে কণ্ঠ রোধ করে, বাক্য নাহি ভাল ক্লুরে, জিলাদেন কিলোরীমোহন ॥ ১৬

শ্রিয় সথা আনে কহ আপন কুশল। মাতা পিতা কেমন আছেন ভাহা বল। ১৭ শ্রীদাম-আদি সধা সগ আছয়ে কেমন। কেমন আছেন আর সব বরুজন ॥ ১৮ গাবী বুষ পশু পাখী তক্ষ লভা-ততি। সকল কেমন আছে কহ মোর প্রতি॥ ১১ স্থার এক কথা ভোরে করি জিড্ডাসন। মোর প্রিয়া গোপী সব আছয়ে কেমন॥ ১০০ তার মানে সর্বাধিক প্রিয়তমা রাধা। বাঁচিয়া আছে ও সহি এ বিরহ-বাধা॥ ১০১ ব্দামি দম্ভবক্তে বধি যাইভেছি ব্রব্সে। किञ्च भन नाहि हत्न मका चात्र नात्ज ॥ ১०२ বাঁচি আছে কিনা সবে ভাবি শঙ্কা হয়। তুথ দিয়া কাছে যাত্যে লাজ উপজয়॥ ১০৩ তুমি আলো ভাল হলা কহ সব কথা। ভাল শুনি তবে যাব না যাব অক্সথা॥ ১০৪ শ্রীরবুন<del>স</del>ন কহে একি ঠাকুরালা। কুশন প্ছেন নিজে দিয়া আগি জালি॥ ১০৫ মুবল বলই শুন, যুদুকুলনন্দন, গোকুল-কুশলকি বাত। নিরবর্ধি কামু কামু, করি রোলই ভোর, ৰশোমতী মাত॥ ১০৬ ব্রজপতি গডিমডি, লোচন-বিরহিত, নিরবধি সেজ ই লুঠই। বল্লী বল্লব, জীবনে আছই, কাতক সুখ নাহি ঘটই॥ ১০৭ হাম সব কুশল, পুছিতে নহি হোয়ত, नाम উদয় তুই अनुरय । ষা বিনে যো নহি, সুখ পাওত ৰভু, ए। विरम करेह भा तर्द्य ॥ ५०৮ भावी वृष्छ, कृतक विश्वम, बौरहे दूर्ष मिर्छ बार्म। ভোজন শন্ধন বিহার, না বরুউহি, ভক্ত লভা মৃতসম ভাগে ॥ ১০১ তু বক পিয়াপণ, বিব্রহ দ্বান্লে, ষম্ভণ পাওত যোই। ্রঘুনন্দন বিসু, জানকিকো চুখ. देन कि क्ला नाहे (हाहे ॥ ১১०

তোমার বিরহে ষেই চুধ রাধিকার।
তার লেশ কহিবারে শক্তি আছে কার॥ ১১১
নিরবধি চিন্তায় আকুল তার মন।
রাজনীতে নিজা নাহি হয় একক্ষণ॥ ১১২
উদ্বেগে তাহার মন দ্বির নাহি হয়।
কলেবরে কুশতা হয়াছে অভিশন্ত।
তারে মালিন্য দেখি খেদ হয় মনে।
তার বিদরে শুনি প্রালাপ বচনে॥ ১১৪
ক্ষণে ক্ষণে নানা মত ব্যাধি উপজয়।
তার মাঝে উন্মাদের অধিক উদয়॥ ১১৫
কখনো কশ্বনো মুর্চ্চা হয় অবিরাম।
যাহার ঔশ্ব এক মাত্র তব নাম॥ ১১৬
সপ্রতি ক্ষেথিক কিশোরীর যেই দশা।
তাহা কঞ্চিনারে মোর না হয় ভরসা॥ ১১৭

শ্ৰীকৃষ্ণ কহেন পুন ভাঁয়। বুঝিশাস তোর অভিপ্রায়॥ ১১৮ হয়্যাছে শরীরে রাধিকার। দশমী দশার অধিকার॥ ১১৯ আমি কিবা করিব এক্ষণ। ত্যি ভাহা কহ বিচঞ্চণ॥ ১২০ যদি ভারে দেখিতে না পাই। कि क्ल श्रेरव दुर्ख याहै ॥ ५२५ কহ কহ মোরে প্রাণ-ভাই। আছে কিনা আছে বাঁচি রাই॥ ১২২ যদি ভার নাহি থাকে প্রাণ। আমারেও তার সঙ্গিজান॥ ১২৩ যেথা তারে দেখিতে পাইব। আমিহও দেখানে যাইব॥ ১২৪ निरवनरम जीवपुनन्तन । उटक हम शाद मत्रमन ॥ >२৫ সুবল বলেন স্থা শুন্ই বচন। এখনও না তেৰিয়াছে রাধিকা জীবন॥ ২২৬ বিরুহে ধেমন তার হ**ইতেছে** কেশ। তাহে এতক্ষণ তার হতা দশা শেব। ১২৭ কেবল ভোমার মধুপুরে আগমন। কহি রাধি আছে তার ললিতা জীবন 🛭 ১২৮ আমিহ সেধানে ফিব্লিনা বাব বাবত। যতনে রাখিবে **প্রাণ রাখিক। ভাষত ।** ১২১

অতএব মোর সঙ্গে করিয়া পমন। দেখা দিয়া কর তার জীবন রকণ ॥ ১৩० শ্রীক্রঞ্চ কহেন সখা তুমি আগে গিয়া। ভারে কিছু হুস্থ কর মোর বার্ডা দিয়া॥ ১৩১ অগ্রধা অধিক চুখ দেখিলে ভাহার। সহ্ন না হইবে ক্লেশ জনৱে আমার ॥ ১৩২ আমি পিতা মাতা দিকে করিয়া প্রপাম। তব পাছে পাছে যাব কিশোরীর ধাম॥ ১৩৩ তবে ত্রীপুৰল, ভাল ভাল বলি, গোকুলে ফিরিয়া আসি। রাধার নিকটে, গমন করিলা, আনন্দেতে ভাসি ভাসি॥ ১৩৪ দেখি তাঁরে স্থান্মন। শ্ৰীলিলতা কন, কহ কত পরে, বস্থু করে আগমন॥ ১৩৫ স্থল কহেন, দস্তবল্লে বধি . আদিছিল সেহ বজে। অাসিতে আদিতে, আমার সহিতে, দেখা হল্য পথ-মাজে॥ ১৩৬ পুছিষা শুনিয়া, ত্র'জের কুণাল, কহিলেক সখা মোরে। তুমি আগে গিয়া, 'মোর বাতা দিয়া, ञ्ची कंद्र द्राविकारद्र ॥ ১०१ আমি পিতা মাতা, **53**9 वन्धन. করিয়া কিশোরী কাছে। অভি অবিলম্বে, গমন করিব. সধা তোর পাছে পাছে॥ ১৩৮

শুনিয়া স্বলের কথা স্থিত। ।
কহিছেন উঠি ব্যজান-স্তা ॥ ১০৯
স্বলের কথা শুনিলে সকলে।
বিধি কি অনুকৃল হল্যা সোকলে॥ ১৭০
বন্ধ-নাথ ব্রজে ধদি আইল রে।
কর মঞ্চল কর্ম বিধান ঘরে॥ ১৭১
কদলীতক রোগহ যার জটে।
নিকটে জল পূর্ণ স্বর্ণ ঘটে॥ ১৪২
নব তত্ন-পিট শুনিখা জলে।
কর চিত্রিত অঞ্চনভূনিতলে॥ ১৪৩

্ল-**অভুর-জাল** বিছাহ পথে। চলিতে বন্ধুয়া অনু নাহি বেথে॥ ১৪৪ द्रवृतन्त्रन अञ्चन-दश्च निग्ना। বন্ধ আনিতে যাউক জন্ম-হিয়া ॥ ১১৫ এত কহি প্রকাশ বচনে। রাধিকা কছেন পুন মনে॥ ১৪৬ বন্ধ ৰবে আসিবেক কাছে। বসিব ভাহারে করি পাছে॥ ১৭৭ পুছিবেক কুশল যথন। না কহিব উত্তর বচন॥ ১৪৮ ষবে চাবে ভত্ন পর্নশিতে। निवादिव धरिष्ठा शालिट ॥ ১৪৯ যবে চাবে করিতে চুন্দন। वम्दार्ड वाँ। शिर वन्त ॥ ५०० করিবে সে যখন কাকুতি : ভর্জনা করিব ভার প্রতি॥ ১৫১ বত রাজ-তন্মা রাথিয়া। শঠ এথা আলো কি লাগিয়া॥ ১৫২ ধাহ যাহ কুবুজারমণ। এথা তব কিবা প্রয়োজন॥ ১৫০ निद्यन्तप्त्र जीव्रयूनन्तन । इलित (भिर्दाल (म यमन ॥ ১৫६ বিশাখা কহেন তবে মধুর বচন। রাধে ভোর বেশ বনাইতে হয় মন॥ ১৫৫ মলিন অন্তেতে প্রাণনাথ-দর্শন। उठिउ ना दय এই भात वित्वहन ॥ ১१७ ললিভা কহেন সধি ইহা ভাল নয়। মলিন অঙ্গেই আজি দেখা দিতে হয় ॥ ১৫৭ রাখিয়াছে রাধিকারে দে তথে বেমন। আপন নয়নে ভাষা কক্লক দৰ্শন॥ ১৫৮ হেন মত আলাপন হইতে হইতে। আইলেন বুন্দাবন-চন্দ্র আচম্বিতে। ১৫৯ তাঁরে দেশি যাবদীয় বলবী-নিকর। প্রমানন্দে হইলা স্বাহিত-কলেবর 🛭 ১৬০ **डेक्ट मा करद कारदा मिर्म्य महाम**। (कं क्षेत्र शतरङ्ग खड़ा-खत चरन चरन ॥ ১৬১ বদনেও নাহি ক্ষুব্ৰে বচন কিঞ্চিত। কিলোৱা-মোহন দেখি হইলা বিশিত ঃ ১৬২

শ্ৰীকৃষ্ণ দেখেন, গোপিকা সকলে, অতি ক্ষীণ কলেবর। বেশ-ভূগা-হীন, ভাহাতে মলিন, মলিন বসন-ধর 🛭 ১৬৩ কেশের নাইক বেশ। আলুলিত হয়া, বয়াছে বাঁপিরা, বদন-উপরি কেশ। ১৬৪ হেম মণিময়, আভরণ কিছ, নাহি আছে কলেবরে। কেবল ভাঁহারী, কুশল লাগিয়া, এক এক ভূষা পরে॥ ১৬৫ **८१**थि (नाशीतन्त्र. এ বিরহ দশা, মোহিত হইয়া হরি। বাহু পদারিয়া. স্থবলে ধরিলা, ক্টাপি গর থর করি॥ ১৬৬ কিছুকাল পরে, অনেক যতনে, তিঁহ কিছু শ্বির ভেলা। তাঁরে বদাইয়া, কিশোরীর আগে. युरम वाश्ति (शमा॥ ১५१

তবে কৃষ্ণ পোঁছাইল্বা নিজ করে করি। রোপ-নারী সকলের নয়নের বারি॥ ১৬৮ কাঁহার পরশে তারা চেতন পাইয়া। বসিলেন নিজ নিজ অঙ্গ সম্বরিয়া॥ ১৬৯ ভবে ক্ন জিড্ডাসেন গোপিকা সকলে। কহ কহ প্রিয়া সব আপন মঙ্গলে॥ ১৭০ ললিভা বলেন মহারাজ গোপিকার। কুশল জানিলে ফল হবে কি ভোমার॥ ১৭১ ষাদিনে অভাগী করি বিধি গঢিয়াছে॥ ভাহাদের কুশল কথন কিবা আছে ॥ ১৭২ ভবে হল্য এবে ভব দেখা যে কুশল। বুঝিতে না পারি ইহা কি ভাগ্যের ফল # ১৭৩ কিশোরী কহেন সপি রথা এ রুখন। রাজারী কুশল আগে কর জিজ্ঞাদন ॥ ১৭৪ 🚵 কুষ্ণ কৰেন প্ৰিয়ে, তব আগে নিবেদিয়ে, এই মোর পরম সক্ষ।

এ মহাবিরহ ক্লেশে সহিয়াও সবিশেষে.

বাঁচি আছমে ভোৱা সকল। ১৭৫

ইহা নাহি ছিল মোর মনে। ত্রজে করি আগমন, ভোমাদিগে সঙ্গীবন, নির্থিব আপন-ময়নে॥ ১৭৬ বুঝিয়াছি পূর্ফো যেই, কহিয়াছিলাম সেই-বাকা ব্ৰঙ্গে আসিব বলিয়া। ভাহাতেই শ্রদ্ধা করি, ভোরা আছ প্রাণ ধরি, অত্যথা সে যাইত চলিয়া॥ ১৭৭ একি একি হায় হায়, দেখি অতি ক্লাণ কায়, সে লাবণী গিয়াছে কোথায়। মরি মরি মুধ ভেন, মলিন হয়াছে হেন, (पशि युक विपत्रिया यात्र ॥ ১**१**৮ বিক্ বিক্ বিশ্ব মোরে, হেন ভোমা সবাকারে, ছাড়িয়া ছিলাম গিয়া দুৱে। শ্রীরগুন•দন হয়, গোপীদের দুখ-লয়, रना क्रक-नाका स्वा-भूरत ॥ ১१৯ তবে তারা শীতল মুগন্ধ জল আনি। পাথালিলা 🕮 : মের চরণ তথানি॥ ১৮০ শীতল মধুর দ্রব্য করায়া ভোজন। পথ-শেম-वृत्ताहिए कत्रना। भग्न ॥ ১৮১ ভুৱাইয়া জীক্ষ-প্রসাদ রাধিকারে। করিলা ভাঁহার বেশ বিবিধ প্রকারে॥ ১৮২ তবে ভারে লয়া গিয়া কঞ্চ-সরিধানে। কহিছেন ক্ষণ প্রতি মধুর বচনে॥ ১৮৩ রজ-নাথ এই নাও কিশোরী চুখিনী। ইহারে সাত্তনা কর তুমিহ আপনি॥ ১৮৪ যত্র করি রাখিয়াছি মোরা বাঁচাইয়া। কেবল ভোমার গুণ গাইয়া গাইয়া॥ ১৮৫ এখন ইহার যাহে স্থাই হয় মন। .কিশোরী মোহন তাহা কর আচরণ॥ ১৮৩

এত কহি প্রিয় স্থীগণ।
বাহিরেতে করিলা গমন ॥ ১৮৭
তবে কৃষ্ণ রাধিকার করে।
ধরি বসাইলা উক্লপক্তে॥ ১৮৮
অধ্যেমুখী আছেন কিলোরী।
নয়নে বহরে অঞ্চবারি॥ ১৮৯
কুল্ল ভার চিবুকে ধরিয়া।
কহিছেত্ব কাকুতি করিয়া॥ ১৯০

প্রিম্নে হুণ নিম্নাছি যে তোহে।
তাহে উপখিতে হয় মোহে॥ ১৯১
তুমি হও প্রেম রসময়ী।
এ লাগি বিরক্ত নহ ময়ি॥ ১৯২
কর সদা মোর গুণ গান।
নাহি কর দোযালু-সকান॥ ১৯৩
আর হেন কল্প না করিব।
সদা তব নিকটে রহিব॥ ১৯৪
কপা করি কিশোরি এখন।
মোর দোষ কর ক্ষমাপণ॥ ১৯৫

এত কহি চম্বন করেন বংশীধারী। কহিছেন তাঁর প্রতি কীতিদা-কুমারী॥ ১৯৬ প্রাণনাথ কিবা আছে ভোমার দ্যান । আমরাই হই নানা দোশের ভাজন ॥ ১৯৭ ভমিহ সভন্ন ধাহা ইচ্ছা ভাহা থাবে। ভাহাতে ভোমার দোষ কোন জন গাবে ॥ ১৯৮ মোরা যে ভোমার সঙ্গে যাইছে না পারি। বিচার করিলে এহ দোষ হয় ভারি॥ ১৯১ ভীক্ষ কছেন ভোৱা হও পর নারা । মোর সঙ্গে অত্য গ্রাই যাইবে কি করি॥ ২০০ মোরেই থাকিতে হয় ভোমাদের কাছে। ভাষা না করিয়া মোক দোব ইইয়াছে ॥২০১ দেই দোষ ক্ষমা করি কিলোরি আমার। নিজ দাস বলে পুন কর্ম স্বীকার॥ ২০২ उत हथा। मत्न दशी, अंगर-इनिच-हरी, কহিছেন স্থাধা ঠাকুৱাণী। **उद्य (माय-क्रम) कति, यनि भार्रा প**दिस्ति, दर्शार्थ दल्क छाउँ ॥ २००

যবে ছিলে নগুৰা নগরে।
তথন অনজগতি, করিতে কুজায় রতি,
সান্ধিত যে কোনহ প্রকারে॥ २०৪
এবে রূপ-গুল-খুভ, রাজ-কন্তা শত শত,
হইয়াছে গৃহিনী তোমার।
তথাপি কুজার পাল, ছাড়িতে না কর গাল,
কহ কিবা গুল আছে তার॥ ২০৫
্শীকৃষ্ণ কহেন প্রিলে, শুন শুন মন দিয়ে,
দিয়াছিল কিঞ্চিত চন্দন।

বশীভূত হয়া তায়, ছাড়িবারে কুবুজার,
নাহি পারি সভ্য এ বচন। ২০৬
করিয়াছি বহু দার, তনহ কারণ তার,
তোমা হেন রূপ-গুণ-শ্রীতি।
আছে কোনো রমনীতে, কিয়া নাহি ইহা চিতে,
জানিবারে মোর এই রীতি। ২০৭
দেখিলু-বিচারি মনে, নাই কোনো নারীজনে,
তব রূপ-গুণ-প্রেম-কণ।
কিশোরি এ লাগি ছাড়ি, সেইত সকল নারা,
তব পালে কৈলু আগমন। ২০৮

ভূমি হও ধাবদীয় গুণ-মণি-খনী।
অনভূত দৌলধা-প্রধার তর্রাগনী ॥ ২০৯
নিভ্রনে অনুপম প্রেমরসময়া।
বিমলা কমলা আদি নারী-রূপ-জয়া॥ ২০০
মোর প্রাণ হইতে অধিক প্রিয়তমা।
সকল প্রেয়দী হত্যে অভি মনোরমা॥ ২০১
ভোমারে ছাড়িয়া-আমি প্রিয়ে এক ক্ষণ।
করিতে না পারি স্ববে কোথাও ধাপন॥ ২০২
কি করিব যতুদের শক্-পাড়া দেখি।
আদিতে না পারি ভাষা সকলে ভাপের ॥ ২০০
এখন হইল সেই সব শক্-নাশ।
অত্রব আসিতে পাইলু অবকাশ॥ ২০৪
কিশোরা ভেজিয়া এবে সব আভ্রমান।
রস আলাপনে আনন্দিত কর প্রাণ॥ ২০৫

কছেন কিশোরা, তুন প্রাণনাথ, আমার মনের কথা। চুমি যে অনেক, বিবা করিছাছ, ভাহে নাহি মোর ব্যথা॥ ২১৬

তব বাহে হয় তৃপ।
তাহাতে আমার, কংলো কিঞিত,
সপনেও নাহি তুখ॥ ১১৭
কেবল আছিল, এক বড় তৃথ
দেখিতে না পাই তোহে।
আজি বিধি তাহা, সমূলে নাশিল,
করুণা করিয়া মোহে॥ ২১৮
তব আসমনে, ধে ত্থ-পাধার,
হইয়াছে উন্ধাত।

তাহে ডুবি কোথা, আছি কি করিছি, তাহা নাহি জানে চিত। ২১১ কিশোরীর এত, বচন ভনিয়া, হরি আনন্দিত-হিয়া। তদীর উপরি. শয়ন করিলা, তাঁহারে বুকেতে নিয়া॥ ২২० চিরদিন পরেতে মিলনে। অতি আনন্দিত ছইন্ধনে॥ ২২১ করিছেন দৃঢ় আলিসন। भूथ नरह यादा **এक क**ा ॥ २०२ অনিসিদ করিয়া নম্বন। পরস্পরে দেখেন বদন॥ ২২ ০ মাবো মাঝে করেন চুম্বন। যাহে জপ্ত নহে চুচ্ছ মন ॥ ২২৪ করের যে মদন-বিলাস। ভাহাতেও পূর্ণ নহে আশ ॥ ২২৫ শ্রমে তাঁহাদের কলেবরে। অবিরুল ঘর্ম্মঞ্ল করে ॥ ২২৬ ু রুদ্যর কিশোরী কিশোর। মদন সমরে হৈল্যা ভোর॥ ২২৭ ভাহ। জানি সথী সব আনন্দিত মন। বাহিরে থাকিয়া কহিছেন এ বচন॥ ২২৮ আজি আমাদের দিন অতি অমুপাম। একত্ত হইলা বাহে পুন রাধা গ্রাম॥ ২২৯ আজি শশী পূর্ণ হয়া। করুক উদয়। নাহি আছে আর কিছু তাহা হত্যে ভয়। ২৩০ · আজি মেম্ব সব আসি করুক গর্জন। কেও কেও করি কেকী করুক নর্ত্তন ॥২৩১ আজি বনে ঋতুরাজ করুক প্রকাশ। বহুক সকল স্থলে মলয় বাভাস ॥ ২৩২ करुक कािकिन्द्र कुरू कुरू बहु बहु। মধুপান করি গান করু অলি সব ॥ ২৩৩ ৰত আছে মদনের মোহনাদি বাণ। রাই শামে তাহা আজি কক্লক সন্ধান # ২৩৪ বাঢ় ক রজনী পারে বত বাঢ়িবারে। ভান্থক কিশোরী শুাম স্থবের পাধারে 🛚 ২৩৫ 🕮রবুনন্দন আজি ভূরা বাজাইয়া। ভ্রমণ করুক ব্রজে জয় কুকারিয়া ॥ ২৩৬

এইত বচিত্ৰ কিছু কৃষ্ণ লীলাগীত। কহিয়ে ইহার অনুক্রমণী কিঞ্চিত। ২৩৭ <u> একফের জন্ম-লীলা প্রথম গ্রন্থনে।</u> দ্বিতীয় গ্রন্থনে নন্দোৎসব মহাবনে॥ ২৩৮ ত্তীয়ে প্রথম বাল্য-বিলাস-বর্ণন। চতুর্থে মধ্যম শিশু লীলা সঙ্কীর্ত্তন ॥ ২৩৯ পক্ষতে শেষ বাল্য-লীল্য-রসগান। ষষ্ঠ গ্রন্থলৈতে বংস-চারণ-বিধান ॥ ২৪০ সপ্রমেতে মথা সঙ্গে স্থরভী-চারণ। অষ্ট্রমে শ্রীশ্বাধিকার প্রথম মিলন ॥ ২৪১ নবমেতে অনুরাগ-কথা রাধিকার। **দশ্যে বাসক শ্**যা दिलाम-विस्तात ॥ २८२ একাদশে উংক্তিতা চরিত্র-কীর্ত্তন। ষাদশেতে বিপ্ৰলঙ্গা-বিলাপ-বৰ্ণন ॥ ২৪৩ ত্রয়োদশে খণ্ডিতা শ্রীরাধিকার মান। চতুর্দশে কলহান্তরিতা-রদগান॥ ২ss পঞ্চশে স্বাধীনভর্ত্তকা-সন্ধীর্ত্তন। ষোড়শ গ্রন্থনে রাধা রাজ্যের বর্ণন ॥ ২৪৫ সপ্তদশে সুবল-বেশেতে অভিসার। অস্তাদশে দান লীলা কলহ বিস্তার॥ ২৪৬ উনবিংশে নৌকাখেলা করিন্ন' কীর্ত্তন। বিংশ গ্রন্থনেতে রাধা কলঙ্ক-ভঞ্জন॥ ২৪৭ গ একবিংশ অস্তনেতে রাধা-রাগোদগার। দ্বাবিংশে রাধিকা প্রেম-বৈচিত্য বিস্তার ॥২৪৮ ত্রয়োবিংশে শয়োত্থান-বিলাস-বর্ণন । চতুর্কিংশে দোলযাত্রা উৎসব কীর্ত্তন॥ ২১৯ পঞ্চবিংশে বাসন্তিক রাস-লীলা-গান॥ यज्ञिरण हिल्लान-याजा कोर्डन रिधान ॥ २०० সপ্তবিংশে শার্মীয় রাস-সন্ধীর্তন। অন্তাবিংশে ভবিষ্যং বিবৃহ বর্ণন 🛚 ২৫১ উনত্রিংশে ভবং বিরহ-বিরচন। ত্রিংশে ভূত-বিরহ কৃষ্ণের আগমন ॥২৫২ এই ত্রিংশ গ্রন্থনৈতে হইল সন্থীত। চারিশত একোনচল্লিশ পরিমিত॥ ২৫৩ এই গীতমালা নিজ জীবন সহিত। শ্ৰীরাধা-মাধব-পদে করিত্ব অর্পিত ॥ ২৫৪ ইহাতে যদ্যপি তাঁর প্রীতি কিছু হয়। তবেই আমার হয় শ্রম ফলোদয়॥ ২৫৫

কিন্তু তাঁর প্রীতি হয় বড়ই হুকর।
করিতে না পারে যাহা বিধি মহেশ্বর ॥ ২৫৬অতএব নিবেদিয়ে বৈশ্বর তরদে।
শ্রবদ করহ তোরা মোর নিবেদনে॥ ২৫৭
তোরা যদি কপা করি শুন এই গান।
তবেই সার্থক হয় মোর এ বিধান॥ ২৫৮
তোরা হও অনুপম করুণা-ভাজন।
শোধিবে ইহাতে যত আছে যে দ্যুন॥ ২৫৯
আমি হই মহামূর্থ রস-বোধহীন।
সঙ্গাতাদি রচনেও না হই প্রবীণ॥ ২৬৯
তথাপি মরুর লীলা-আখাদ-লালমে।
রচিলাম এই প্রবাধন প্রথমে ॥ ২৬১
তোরা ক্রফান্ধ মাতে হও আমোদিত।
অতএব শ্রবদ করিবে এই বীত॥ ২৬২

ইহা যদি ভোমানের কর্ণে প্রবেশন।
তবেই আমার সব এম সার্থ হয়॥ ২৬০
এইত করিলু নিজ ইষ্ট নিবেদন।
হারি হারি হারিবল সব বজুজন॥ ২৬৪
ছুইলোকে গভিষার এটাবংশীমোহন।
গাইল এ টাতমালা সে রহ্নশন॥ ২৬৫

ইতি শ্রীমংকলিং কালনারনার-ভরবন্ধি **জ**ন নন্ধ-বংশার তংশ শ্রীকিশোরামোহন ভোগামিপ্ত্ শ্রীরগনন্দনগোপামি-বিরচিতাথাং গীত্যালাথাং ভত-বিরহ্মবর্নিং নাম ভিম্মেং গ্রবন্ম ॥

স্মাপ্তাচেয়ং গীত্যালা॥

শীওক কিংতি।



